יְשַׁלַּח	יְהוָה	בְּךָ	אֶת־	הַמְּאֵרָה	אֶת־	הַמְּהוּמָה	וְאֶת־	הַמִּגְעֶרֶת	בְּכָל־
পাঠাবেন	যিহোবা	তোমার-মধ্যে	-কে	অভিশাপ	-কে	বিশৃঙ্খলা	এবং-কে	তিরস্কার	সব-মধ্যে
H7971	H3068		H0853	H3994	H0853	H4103	H0853	H4045	H3605

מִשְׁלַח	יָדְךָ	אֲשֶׁר	תַּעֲשֶׂה	עַד	הִשָּׁמֶדְךָ	וְעַד־	אֲבָדְךָ
প্রেরণ	তোমার-হাতের	যা	করবে	পর্যন্ত	ধ্বংস-হওয়ায়-তোমার	এবং-পর্যন্ত-	বিনাশ-হওয়ায়-তোমার
	H3027			H5704	H8045	H5704	H0006

מַהֵר	מִפְּנֵי	רֹעַ	מַעֲלָלֶיךָ	אֲשֶׁר	עֲזַבְתָּנִי׃
তাড়াতাড়ি	সামনে-থেকে	মন্দ	তোমার-কাজের	যা	পরিত্যাগ-করেছ-আমাকে
	H6440	H7455	H4611		

“তোমরা যা কিছু করবে তাতেই অভিশাপ, হতাশা এবং কষ্ট আসবে| তোমরা দ্রুত সম্পূর্ণরূপে বিনাশ না হওয়া পর্যন্ত তিনি এসব করেই চলবেন| তিনি এসব করবেন কারণ তোমরা যা মন্দ তাই কর এবং তাঁকে পরিত্যাগ করেছ|

21

יַדְבֵּק	יְהוָה	בְּךָ	אֶת־	הַדָּבֶר	עַד	כַּלֹּתוֹ	אֹתְךָ	מֵעַל	הָאֲדָמָה
লাগাবেন	যিহোবা	তোমার-মধ্যে	-কে	মহামারী	পর্যন্ত	শেষ-করায়-তিনি	তোমাকে	-থেকে	ভূমির
H1692	H3068		H0853	H1698	H5704	H3615	H0853		H0127

אֲשֶׁר־	אַתָּה	בָא־	שָׁמָּה	לְרִשְׁתָּהּ׃
যে-	তুমি	যাচ্ছ-	সেখানে	অধিকার-করতে-তাকে
		H0935	H8033	H3423

যে দেশ অধিগ্রহণ করতে যাচ্ছ সেখানে ধ্বংস না হওয়া পর্যন্ত প্রভু তোমাদের ভয়ানক সব রোগে রোগগ্রস্ত করবেন|

22

יַכְּכָה	יְהוָה	בַּשַּׁחֶפֶת	וּבַקַּדַּחַת	וּבַדַּלֶּקֶת	וּבַחַרְחֻר	וּבַחֶרֶב	וּבַשִּׁדָּפוֹן
মারবেন-তোমাকে	যিহোবা	ক্ষয়রোগে	এবং-জ্বরে	এবং-প্রদাহে	এবং-উত্তাপে	এবং-তরবারিতে	এবং-ঝলসে
H5221	H3068	H7829	H6920	H1816	H2746	H2719	

וּבַיֵּרָקוֹן	וּרְדָפוּךָ	עַד	אָבְדֶךָ׃
এবং-ছত্রাকে	এবং-তাড়া-করবে-তোমাকে	পর্যন্ত	বিনাশ-হওয়ায়-তোমার
H3420	H7291	H5704	H0006

প্রভু রোগ, জ্বর এবং ফোলা দ্বারা তোমাদের শাস্তি দেবেন| প্রভু প্রচণ্ড উত্তাপ পাঠাবেন এবং কোন বৃষ্টি পড়বে না| উত্তাপে এবং রোগে তোমাদের ফসল নষ্ট হয়ে যাবে| তোমরা ধ্বংস না হওয়া পর্যন্ত এই খারাপ ঘটনাগুলি ঘটতেই থাকবে!

23

וְהָיוּ	שָׁמֶיךָ	אֲשֶׁר	עַל־	רֹאשְׁךָ	נְחֹשֶׁת	וְהָאָרֶץ	אֲשֶׁר־	תַּחְתֶּיךָ
এবং-হবে	তোমার-আকাশ	যে	-উপরে	তোমার-মাথার	পিতল	এবং-পৃথিবী	যে-	তোমার-নীচে
H1961	H8064					H0776		H8478

בַּרְזֶל׃
লোহা
H1270

আকাশে কোন মেঘ দেখা যাবে না-আকাশ ঘসা পিতলের মতো এবং পায়ের নীচের জমি লোহার মত শক্তহবে|

24

יִתֵּן	יְהוָה	אֶת־	מְטַר	אַרְצְךָ	אָבָק	וְעָפָר	מִן־	הַשָּׁמַיִם	יֵרֵד
দেবেন	যিহোবা	-কে	বৃষ্টি	তোমার-দেশের	ধুলো	এবং-মাটি	-থেকে	আকাশের	নেমে-আসবে
H5414	H3068	H0853	H4306	H0776	H0080	H6083		H8064	H3381

עָלֶיךָ	עַד	הִשָּׁמְדָךְ׃
তোমার-উপরে	পর্যন্ত	ধ্বংস-হওয়ায়-তোমার
	H5704	H8045

প্রভু বৃষ্টির পরিবর্তে আকাশ থেকে কেবল ধুলো বালি বর্ষণ করবেন| যে পর্যন্ত তোমাদের বিনাশ না হয় তিনি তা বর্ষণ করবেন|

25 יִתֶּנְךָ֨ יְהוָ֥ה ׀ נִגָּף֮ לִפְנֵ֣י אֹֽיְבֶיךָ֒ בְּדֶ֤רֶךְ אֶחָד֙ תֵּצֵ֣א אֵלָ֔יו וּבְשִׁבְעָ֥ה
দেবেন-তোমাকে যিহোবা পরাজিত সামনে তোমার-শত্রুদের পথে এক বের-হবে তার-কাছে এবং-সাতে
H5414 H3068 H5062 H6440 H0341 H1870 H0259 H3318 H0413 H7651

דְרָכִ֖ים תָּנ֣וּס לְפָנָ֑יו וְהָיִ֣יתָ לְזַֽעֲוָ֔ה לְכֹ֖ל מַמְלְכ֥וֹת הָאָֽרֶץ׃
পথে পালিয়ে-যাবে তার-সামনে-থেকে এবং-হবে ত্রাসের-জন্য সব-জন্য রাজ্যগুলোর পৃথিবীর
H1870 H5127 H6440 H1961 H2189 H3605 H4467 H0776

“প্রভু তোমাদের শত্রুদের দিয়ে তোমাদের হারাবেন৷ তোমরা এক পথ দিয়ে তোমাদের শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করতে যাবে কিন্তু সাত পথ দিয়ে তাদের সামনে থেকে পালাবে৷ তোমাদের প্রতি যে সব খারাপ বিষয় ঘটবে তা দেখে পৃথিবীর লোক ভয় পাবে৷

26 וְהָיְתָ֤ה נִבְלָֽתְךָ֙ לְמַֽאֲכָ֔ל לְכָל־ ע֥וֹף הַשָּׁמַ֖יִם וּלְבֶהֱמַ֣ת הָאָ֑רֶץ וְאֵ֖ין
এবং-হবে তোমার-মৃতদেহ খাবার-হিসেবে সব-জন্য- পাখি আকাশের এবং-পশুর-জন্য পৃথিবীর এবং-নেই
H1961 H5038 H3978 H3605 H5775 H8064 H0929 H0776 H0369

מַחֲרִֽיד׃
তাড়ানোর-জন্য
H2729

তোমাদের মৃতদেহ বন্য পশুপাখীর খাদ্য হবে৷ মৃত দেহের উপর থেকে তাদের তাড়িয়ে দেবারও কেউ থাকবে না৷

27 יַכְּכָ֨ה יְהוָ֜ה בִּשְׁחִ֤ין מִצְרַ֙יִם֙ [ובעפלים] (וּבַטְּחֹרִ֔ים) וּבַגָּרָ֖ב
যিহোবা-আঘাত-করবেন যিহোবা মিশরের-ফোঁড়ায় মিশরের [এবং-অর্শে] (এবং-অর্শে) এবং-খোস-পাঁচড়ায়
H5221 H3068 H7822 H4714 H2914 H2914 H1618

וּבֶחָ֑רֶס אֲשֶׁ֥ר לֹא־ תוּכַ֖ל לְהֵרָפֵֽא׃
এবং-চুলকানিতে যা না তুমি-সক্ষম-হবে সুস্থ-হতে
H3808 H3201 H7495

“প্রভু মিশরীয়দের কাছে যেমন ফোড়া পাঠিয়েছিলেন সেই রকমটি দিয়েই তোমাদের শাস্তি দেবেন৷ তিনি আর, গলিত ঘা এবং সারে না এমন চুলকানি দিয়ে তোমাদের শাস্তি দেবেন৷

28 יַכְּכָ֣ה יְהוָ֔ה בְּשִׁגָּע֖וֹן וּבְעִוָּר֑וֹן וּבְתִמְה֖וֹן לֵבָֽב׃
যিহোবা-আঘাত-করবেন যিহোবা পাগলামিতে এবং-অন্ধত্বে এবং-মনের-বিভ্রান্তিতে হৃদয়ের
H5221 H3068 H7697 H8541 H3824

প্রভু উন্মাদনা দ্বারা তোমাদের শাস্তি দেবেন৷ তিনি তোমাদের অন্ধ এবং হতবুদ্ধি করবেন৷

29 וְהָיִ֜יתָ מְמַשֵּׁ֣שׁ בַּֽצָּהֳרַ֗יִם כַּאֲשֶׁ֨ר יְמַשֵּׁ֣שׁ הָעִוֵּר֮ בָּאֲפֵלָה֒ וְלֹ֥א תַצְלִ֖יחַ
এবং-তুমি-হবে হাতড়াতে-থাকা দুপুরে যেমন হাতড়ায় অন্ধ অন্ধকারে এবং-না তুমি-সফল-হবে
H1961 H4959 H4959 H5787 H0653 H3808

אֶת־ דְּרָכֶ֑יךָ וְהָיִ֜יתָ אַ֣ךְ עָשׁ֧וּק וְגָז֛וּל כָּל־ הַיָּמִ֖ים וְאֵ֥ין מוֹשִֽׁיעַ׃
- তোমার-পথে এবং-তুমি-হবে শুধু নিপীড়িত এবং-লুণ্ঠিত সমস্ত দিনগুলিতে এবং-নেই উদ্ধারকারী
H0853 H1870 H1961 H0389 H6231 H1497 H3605 H3117 H0369 H3467

দিনের আলোয় হাতড়ে হাতড়ে অন্ধ লোকের মত তোমাদের পথ চলতে হবে৷ তোমরা যা কিছু কর তাতে অসফল হবে৷ বার বার লোক তোমাদের আঘাত করবে এবং তোমাদের জিনিস চুরি করে নেবে৷ আর তোমাদের রক্ষা করার কেউ থাকবে না৷

30 אִשָּׁ֣ה תְאָרֵ֗שׂ וְאִ֤ישׁ אַחֵר֙ [ישגלנה] (יִשְׁכָּבֶ֔נָּה) בַּ֥יִת
স্ত্রী তুমি-বাগদান-করবে এবং-পুরুষ অন্য [তার-সাথে-শয়ন-করবে] (তার-সাথে-শয়ন-করবে) ঘর
H0802 H0781 H0376 H0312 H7693 H7901

תִּבְנֶ֖ה וְלֹא־ תֵשֵׁ֣ב בּ֑וֹ כֶּ֥רֶם תִּטַּ֖ע וְלֹ֥א
তুমি-নির্মাণ-করবে এবং-না তুমি-বাস-করবে তাতে দ্রাক্ষাক্ষেত্র তুমি-রোপণ-করবে এবং-না
H1129 H3808 H3427 H3754 H5193 H3808

תְחַלְּלֶֽנּוּ׃
তুমি-তা-উপভোগ-করবে

“তোমাদের সাথে কোন স্ত্রীলোক বাগ্দত্তা হবে কিন্তু অপর কেউ তার সাথে যৌন সম্পর্কে লিপ্ত হবে| তোমরা বাড়ী বানাবে কিন্তু তাতে বাস করতে পারবে না| তোমরা ক্ষেতে দ্রাক্ষা লাগাবে কিন্তু তার থেকে কোন কিছুই সংগ্রহ করতে পারবে না|

31

שׁוֹרְךָ	טָבוּחַ	לְעֵינֶיךָ	וְלֹא	תֹאכַל	מִמֶּנּוּ	חֲמֹרְךָ	גָּזוּל
তোমার-ষাঁড়	জবাই-করা	তোমার-চোখের-সামনে	এবং-না	তুমি-খাবে	তা-থেকে	তোমার-গাধা	কেড়ে-নেওয়া
H7794	H2873		H3808	H0398		H2543	H1497

מִלְּפָנֶיךָ	וְלֹא	יָשׁוּב	לָךְ	צֹאנְךָ	נְתֻנוֹת	לְאֹיְבֶיךָ
তোমার-সামনে-থেকে	এবং-না	ফিরে-আসবে	তোমার-কাছে	তোমার-মেষপাল	দেওয়া-হবে	তোমার-শত্রুদের-কাছে
H6440	H3808	H7725		H6629	H5414	H0341

וְאֵין	לְךָ	מוֹשִׁיעַ׃
এবং-নেই	তোমার-জন্য	উদ্ধারকারী
H0369		H3467

লোক তোমাদের সামনেই তোমাদের গরুগুলো মেরে ফেলবে কিন্তু সেই মাংসের কোন অংশই তুমি খেতে পাবে না| লোক তোমাদের গাধাদের নিয়ে যাবে কিন্তু ফেরত দেবে না| তোমাদের মেষ তোমাদের শত্রুদের দেওয়া হবে| তোমাদের রক্ষা করার জন্য কেউ থাকবে না|

32

בָּנֶיךָ	וּבְנֹתֶיךָ	נְתֻנִים	לְעַם	אַחֵר	וְעֵינֶיךָ	רֹאוֹת
তোমার-ছেলেরা	এবং-তোমার-মেয়েরা	দেওয়া-হবে	জাতির-কাছে	অন্য	এবং-তোমার-চোখ	দেখবে
	H1323	H5414		H0312		H7200

וְכָלוֹת	אֲלֵיהֶם	כָּל־	הַיּוֹם	וְאֵין	לְאֵל	יָדֶךָ׃
এবং-ক্ষয়-পাবে	তাদের-জন্য	সমস্ত	দিন	এবং-নেই	ঈশ্বরের-কাছে	তোমার-হাত
H3616	H0413	H3605	H3117	H0369	H0410	H3027

“অন্য জাতির লোকরা তোমাদের ছেলে মেয়েদের তুলে নিয়ে যাবে| দিনের পর দিন তাদের অপেক্ষায় চেয়ে চেয়ে তুমি ক্লান্ত হয়ে পড়বে কিন্তু কিছুই করতে পারবে না এবং ঈশ্বর তোমাদের সাহায্য করবেন না|

33

פְּרִי	אַדְמָתְךָ	וְכָל־	יְגִיעֲךָ	יֹאכַל	עַם	אֲשֶׁר	לֹא־	יָדָעְתָּ
ফল	তোমার-জমির	এবং-সমস্ত	তোমার-পরিশ্রম	খাবে	জাতি	যাকে	না	তুমি-জানতে
H6529	H0127	H3605	H3018	H0398			H3808	H3045

וְהָיִיתָ	רַק	עָשׁוּק	וְרָצוּץ	כָּל־	הַיָּמִים׃
এবং-তুমি-হবে	শুধু	নিপীড়িত	এবং-চূর্ণ	সমস্ত	দিনগুলিতে
H1961	H7535	H6231	H7533	H3605	H3117

“যে জাতিকে তোমরা চেনো না তারা তোমাদের সব শস্য এবং তোমাদের কঠোর পরিশ্রমের ফল খেয়ে ফেলবে| তোমরা কেবল সমস্ত জীবন ধরে পীড়ন ও লাঞ্ছনা ভোগ করবে|

34

וְהָיִיתָ	מְשֻׁגָּע	מִמַּרְאֵה	עֵינֶיךָ	אֲשֶׁר	תִּרְאֶה׃
এবং-তুমি-হবে	পাগল	দৃশ্য-থেকে	তোমার-চোখের	যা	তুমি-দেখবে
H1961	H7696	H4758			H7200

তোমাদের চোখ যা দেখবে তা তোমাদের উন্মত্ত করবে!

35

יַכְּכָה	יְהוָה	בִּשְׁחִין	רָע	עַל־	הַבִּרְכַּיִם	וְעַל־	הַשֹּׁקַיִם	אֲשֶׁר
যিহোবা-আঘাত-করবেন	যিহোবা	মারাত্মক-ফোঁড়ায়	খারাপ	-এ	হাঁটুতে	এবং--এ	পায়ে	যা
H5221	H3068	H7822			H1290		H7785	

לֹא־	תוּכַל	לְהֵרָפֵא	מִכַּף	רַגְלְךָ	וְעַד	קָדְקֳדֶךָ׃
না	তুমি-সক্ষম-হবে	সুস্থ-হতে	পায়ের-তলা-থেকে	তোমার-পায়ের	এবং-পর্যন্ত	তোমার-মাথার-তালু
H3808	H3201	H7495	H3709	H7272	H5704	H6936

প্রভু তোমাদের এমন কষ্টকর ফোঁড়া দ্বারা শাস্তি দেবেন যা সারে না| তোমাদের হাঁটু এবং পায়ে এই সব ফোঁড়া হবে| পায়ের তলা থেকে মাথার তালু পর্যন্ত দেহের সব জায়গাতেই এই ফোঁড়া বেরোবে|

36

יוֹלֵךְ	יְהוָה	אֹתְךָ	וְאֶת־	מַלְכְּךָ	אֲשֶׁר	תָּקִים	עָלֶיךָ
যিহোবা-নিয়ে-যাবেন	যিহোবা	তোমাকে	এবং-	তোমার-রাজাকে	যাকে	তুমি-প্রতিষ্ঠা-করবে	তোমার-উপরে
H3212	H3068	H0853	H0853	H4428			

אֶל־	גּוֹי	אֲשֶׁר	לֹא־	יָדַעְתָּ	אַתָּה	וַאֲבֹתֶיךָ	וְעָבַדְתָּ
-এর-কাছে	জাতির	যাকে	না	তুমি-জানতে	তুমি	এবং-তোমার-পূর্বপুরুষেরা	এবং-তুমি-সেবা-করবে
H0413			H3808	H3045		H0001	H5647

שָׁם	אֱלֹהִים	אֲחֵרִים	עֵץ	וָאָבֶן׃
সেখানে	দেবতাদের	অন্য	কাঠ	এবং-পাথর
H8033	H0430	H0312	H6086	H0068

“প্রভু তোমাদের এবং তোমাদের রাজাকে এমন জাতির কাছে পাঠাবেন যাদের তোমরা জান না| তুমি এবং তোমাদের পূর্বপুরুষরাও কখনও তাদের দেখে নি| সেখানে তোমরা কাঠ ও পাথরের তৈরী মূর্ত্তির সেবা করবে|

37

וְהָיִיתָ	לְשַׁמָּה	לְמָשָׁל	וְלִשְׁנִינָה	בְּכֹל	הָעַמִּים	אֲשֶׁר־
এবং-তুমি-হবে	বিস্ময়ের-বিষয়	প্রবাদের-বিষয়	এবং-উপহাসের-বিষয়	সমস্ত	জাতিদের-মধ্যে	যেখানে
H1961	H8047	H4912	H8148	H3605		

יְנַהֶגְךָ	יְהוָה	שָׁמָּה׃
তোমাকে-তাড়িয়ে-নেবেন	যিহোবা	সেখানে
	H3068	H8033

প্রভু তোমাদের যে দেশগুলিতে পাঠাবেন, সেখানকার লোক তোমাদের দুর্দশা দেখে অবাক হবে| তারা তোমাদের দেখে হাসবে এবং তোমাদের সম্বন্ধে মন্দ কথা বলবে|

38

זֶרַע	רַב	תּוֹצִיא	הַשָּׂדֶה	וּמְעַט	תֶּאֱסֹף	כִּי	יַחְסְלֶנּוּ	הָאַרְבֶּה׃
বীজ	অনেক	তুমি-বের-করবে	মাঠে	এবং-অল্প	তুমি-সংগ্রহ-করবে	কারণ	গ্রাস-করবে-তা	পঙ্গপাল
H2233		H3318		H4592	H0622		H2628	H0697

“তোমাদের ক্ষেতে তুমি বহু বীজ বুনবে কিন্তু অল্পই ফসল সংগ্রহ করবে, কারণ পঙ্গপাল ফসল খেয়ে ফেলবে|

39

כְּרָמִים	תִּטַּע	וְעָבָדְתָּ	וְיַיִן	לֹא־	תִשְׁתֶּה	וְלֹא
দ্রাক্ষাক্ষেত্র	তুমি-রোপণ-করবে	এবং-চাষ-করবে	এবং-দ্রাক্ষারস	না	তুমি-পান-করবে	এবং-না
H3754	H5193	H5647	H3196	H3808	H8354	H3808

תֶאֱגֹר	כִּי	תֹאכְלֶנּוּ	הַתֹּלָעַת׃
তুমি-সঞ্চয়-করবে	কারণ	খেয়ে-ফেলবে-তা	পোকা
H0103		H0398	

তোমরা দ্রাক্ষা ক্ষেতে কষ্ট করে দ্রাক্ষা চাষ করবে কিন্তু দ্রাক্ষা সংগ্রহ বা দ্রাক্ষারস পান করতে পাবে না, কারণ পোকায় তা খেয়ে ফেলবে|

40

זֵיתִים	יִהְיוּ	לְךָ	בְּכָל־	גְּבוּלֶךָ	וְשֶׁמֶן	לֹא	תָסוּךְ	כִּי
জলপাই-গাছ	থাকবে	তোমার-জন্য	সমস্ত	তোমার-সীমানায়	এবং-তেল	না	তুমি-মাখবে	কারণ
H2132	H1961		H3605	H1366	H8081	H3808	H5480	

יִשַּׁל	זֵיתֶךָ׃
ঝরে-পড়বে	তোমার-জলপাই
H5394	H2132

তোমাদের দেশের সর্বত্র জলপাইয়ের গাছ থাকবে কিন্তু তার থেকে উৎপন্ন কোন তেল তুমি ব্যবহার করতে পারবে না| কারণ জলপাই ফল মাটিতে ঝরে পড়ে পচে যাবে|

41

בָּנִים	וּבָנוֹת	תּוֹלִיד	וְלֹא־	יִהְיוּ	לָךְ	כִּי	יֵלְכוּ	בַּשֶּׁבִי׃
ছেলে	এবং-মেয়ে	তুমি-জন্ম-দেবে	এবং-না	তারা-থাকবে	তোমার-জন্য	কারণ	তারা-যাবে	বন্দিত্বে
	H1323	H3205	H3808	H1961			H3212	

তোমাদের ছেলেমেয়ে থাকলেও তাদের লালন পালন করতে পারবে না, কারণ তাদের বন্দী করে নিয়ে যাওয়া হবে|

42

כָּל־	עֵצְךָ	וּפְרִי	אַדְמָתֶךָ	יְיָרֵשׁ	הַצְּלָצַל׃
সমস্ত	তোমার-গাছ	এবং-ফল	তোমার-জমির	অধিকার-করবে	ঝিঁঝিঁ-পোকা
H3605	H6086	H6529	H0127	H3423	

পঙ্গপাল তোমাদের সমস্ত গাছ ও ক্ষেতের শস্য ধ্বংস করে দেবে|

43

מָטָּה:	מָטָּה	תֵּרֵד	וְאַתָּה	מָעְלָה	מָעְלָה	עָלֶיךָ	יַעֲלֶה	בְּקִרְבְּךָ	אֲשֶׁר	הַגֵּר
নিচে	নিচে	নামবে	এবং-তুমি	উপরে	উপরে	তোমার-উপরে	উঠবে	তোমার-মধ্যে	যে	বিদেশি
H4295	H4295	H3381		H4605	H4605		H5927	H7130		H1616

তোমাদের মধ্যে বসবাসকারী বিদেশীরা দিনে দিনে শক্তিশালী হয়ে উঠবে আর তোমাদের যা শক্তিছিল তা তোমরা হারাবে|

44

תִּהְיֶה	וְאַתָּה	לְרֹאשׁ	יִהְיֶה	הוּא	תַלְוֶנּוּ	לֹא	וְאַתָּה	יַלְוְךָ	הוּא
হবে	এবং-তুমি	মাথা	হবে	সে	তাকে-ধার-দেবে	না	এবং-তুমি	তোমাকে-ধার-দেবে	সে
H1961			H1961	H1931		H3808			H1931

לְזָנָב:
লেজ
H2180

বিদেশীরা তোমাদের ধার দেবে, কিন্তু তাদের ধার দেবার মত টাকা তোমাদের কাছে থাকবে না| মাথা যেমন দেহকে নিয়ন্ত্রণে রাখে, সেই রকম ভাবেই তারা মাথা হয়ে তোমাদের নিয়ন্ত্রণে রাখবে আর তুমি হবে লেজ বিশেষ|

45

וּרְדָפוּךָ	הָאֵלֶּה	הַקְּלָלוֹת	כָּל־	עָלֶיךָ	וּבָאוּ
এবং-তাড়া-করবে-তোমাকে	এই	অভিশাপগুলি	সমস্ত	তোমার-উপরে	এবং-আসবে
H7291	H0428	H7045	H3605		H0935

יְהוָה	בְּקוֹל	שָׁמַעְתָּ	לֹא	כִּי־	הִשָּׁמְדָךְ	עַד	וְהִשִּׂיגוּךָ
যিহোবার	কণ্ঠস্বরে	তুমি-শুনেছিলে	না	কারণ	তোমার-ধ্বংস	পর্যন্ত	এবং-ধরে-ফেলবে-তোমাকে
H3068		H8085	H3808		H8045	H5704	H5381

צִוָּךְ:	אֲשֶׁר	וְחֻקֹּתָיו	מִצְוֺתָיו	לִשְׁמֹר	אֱלֹהֶיךָ
তিনি-তোমাকে-আদেশ-করেছিলেন	যা	এবং-তাঁর-বিধিসমূহ	তাঁর-আজ্ঞাসমূহ	পালন-করতে	তোমার-ঈশ্বরের
H6680		H2708	H4687	H8104	H0430

“এই সমস্ত শাপ তোমাদের উপর আসবে| তারা তোমাদের ধাওয়া করে ধরবে যে পর্যন্ত না তুমি ধ্বংস হও, কারণ তোমরা প্রভু, তোমাদের ঈশ্বরের, কথা শোন নি| তিনি তোমাদের যে সমস্ত আজ্ঞা ও বিধি দিয়েছিলেন তা পালন করো নি|

46

עוֹלָם:	עַד־	וּבְזַרְעֲךָ	וּלְמוֹפֵת	לְאוֹת	בְּךָ	וְהָיוּ
চিরকালের	পর্যন্ত	এবং-তোমার-বংশে	এবং-আশ্চর্যরূপে	চিহ্নরূপে	তোমার-মধ্যে	এবং-সেগুলি-হবে
H5769	H5704	H2233	H4159	H0226		H1961

এই শাপগুলি হবে লোকদের কাছে একটি চিহ্নএবং তারা বুঝবে যে ঈশ্বর তোমাদের এবং তোমাদের উত্তরপুরুষদের বিচার করেছেন| তোমাদের ওপর যে ভয়ঙ্কর ঘনাগুলি ঘটবে তা দেখে লোকে আশ্চর্য্য হয়ে যাবে|

47

וּבְטוּב	בְּשִׂמְחָה	אֱלֹהֶיךָ	יְהוָה	אֶת־	עָבַדְתָּ	לֹא־	אֲשֶׁר	תַּחַת
এবং-ভালোতে	আনন্দে	তোমার-ঈশ্বরের	যিহোবার	–	তুমি-সেবা-করেছিলে	না	যার	পরিবর্তে
H2898	H8057	H0430	H3068	H0853	H5647	H3808		H8478

כֹּל:	מֵרֹב	לֵבָב
সবকিছুর	প্রাচুর্যের-কারণে	হৃদয়ের
H3605	H7230	H3824

“প্রভু, তোমাদের ঈশ্বর, তোমাদের অনেক আশীর্বাদ করেছিলেন, কিন্তু তোমরা আনন্দের সাথে প্রফুল্ল মনে তাঁর সেবা করো নি|

48

בְּרָעָב	בָּךְ	יְהוָה	יְשַׁלְּחֶנּוּ	אֲשֶׁר	אֹיְבֶיךָ	אֶת־	וְעָבַדְתָּ
ক্ষুধায়	তোমার-বিরুদ্ধে	যিহোবা	পাঠাবেন-তাকে	যাদেরকে	তোমার-শত্রুদের	–	এবং-তুমি-সেবা-করবে
H7458		H3068	H7971		H0341	H0853	H5647

צַוָּארֶךָ	עַל־	בַּרְזֶל	עֹל	וְנָתַן	כֹּל	וּבְחֹסֶר	וּבְעֵירֹם	וּבְצָמָא
তোমার-গর্দানে	–এ	লোহার	জোয়াল	এবং-তিনি-দেবেন	সবকিছুর	এবং-অভাবে	এবং-নগ্নতায়	এবং-তৃষ্ণায়
		H1270	H5923	H5414	H3605	H2640	H5903	H6772

אֹתָךְ:	הִשְׁמִידוֹ	עַד
তোমাকে	তিনি-ধ্বংস-করেন	পর্যন্ত
H0853	H8045	H5704

তাই প্রভু তোমাদের বিরুদ্ধে যে শত্রুদের পাঠাবেন তোমরা তাদেরই সেবা করবে। তোমরা ক্ষুধার্ত, তৃষ্ণার্ত, উলঙ্গ এবং দরিদ্র হবে। প্রভু তোমাদের উপর এমন বোঝা চাপাবেন যা সরিয়ে ফেলা যাবে না। তোমাদের ধ্বংস না করা পর্যন্ত তুমি সেই বোঝা বইবে।

49

יִשָּׂא	יְהוָה	עָלֶיךָ	גּוֹי	מֵרָחוֹק	מִקְצֵה	הָאָרֶץ	כַּאֲשֶׁר	יִדְאֶה	הַנָּשֶׁר
যিহোবা-উঠাবেন	যিহোবা	তোমার-বিরুদ্ধে	জাতিকে	দূর-থেকে	প্রান্ত-থেকে	পৃথিবীর	যেমন	উড়ে	ঈগল
H5375	H3068			H7350		H0776		H1675	H5404

גּוֹי	אֲשֶׁר	לֹא־	תִשְׁמַע	לְשֹׁנוֹ׃
জাতিকে	যার	না	তুমি-শুনবে	তার-ভাষা
		H3808	H8085	H3956

"তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য প্রভু বহু দূর থেকে এক জাতির আগমণ ঘটাবেন। তোমরা তাদের ভাষা বুঝবে না। ঈগল পাখী যেমন আকাশ থেকে নেমে আসে তেমনি দ্রুত তারা আসবে।

50

גּוֹי	עַז	פָּנִים	אֲשֶׁר	לֹא־	יִשָּׂא	פָנִים	לְזָקֵן	וְנַעַר	לֹא	יָחֹן׃
জাতি	কঠিন	মুখের	যে	না	তুলবে	মুখ	বৃদ্ধের-প্রতি	এবং-যুবক	না	তারা-দয়া-করবে
	H5794	H6440		H3808	H5375	H6440	H2205	H5288	H3808	

সেই সব লোক নিষ্ঠুর হবে। তারা বৃদ্ধদের বিষয়ে কোন চিন্তা করবে না এবং শিশুদের প্রতিও দয়া করবে না।

51

וְאָכַל	פְּרִי	בְהֶמְתְּךָ	וּפְרִי־	אַדְמָתְךָ	עַד	הִשָּׁמְדָךְ	אֲשֶׁר	לֹא־
এবং-সে-খাবে	ফল	তোমার-পশুর	এবং-ফল	তোমার-জমির	পর্যন্ত	তোমার-ধ্বংস	যে	না
H0398	H6529	H0929	H6529	H0127	H5704	H8045		H3808

יַשְׁאִיר	לְךָ	דָּגָן	תִּירוֹשׁ	וְיִצְהָר	שְׁגַר	אֲלָפֶיךָ	וְעַשְׁתְּרֹת	צֹאנֶךָ
রেখে-দেবে	তোমার-জন্য	শস্য	দ্রাক্ষারস	এবং-তেল	বৃদ্ধি	তোমার-গোরুর	এবং-বাচ্চা	তোমার-মেষপালের
H7604		H1715	H8492	H3323	H7698	H0504	H6251	H6629

עַד	הַאֲבִידוֹ	אֹתָךְ׃
পর্যন্ত	তোমার-ধ্বংস	তোমাকে
H5704	H0006	H0853

তারা তোমাদের পশু ও উৎপন্ন খাদ্য নিয়ে নেবে। তোমাদের ধ্বংস না করা পর্যন্ত তারা তোমাদের সর্বস্ব নিয়ে যাবে। তারা তোমাদের শস্য, দ্রাক্ষারস, তেল, গরু, মেষ ও ছাগলের কিছুই ছেড়ে যাবে না। তোমাদের ধ্বংস না করা পর্যন্ত তারা তোমাদের সর্বস্ব নিয়ে যাবে।

52

וְהֵצַר	לְךָ	בְּכָל־	שְׁעָרֶיךָ	עַד	רֶדֶת	חֹמֹתֶיךָ	הַגְּבֹהוֹת
এবং-সে-অবরোধ-করবে	তোমাকে	সমস্ত	তোমার-দ্বারে	পর্যন্ত	পতনের	তোমার-প্রাচীরগুলির	উচ্চ
		H3605	H8179	H5704	H3381	H2346	H1364

וְהַבְּצֻרוֹת	אֲשֶׁר	אַתָּה	בֹּטֵחַ	בָּהֵן	בְּכָל־	אַרְצֶךָ	וְהֵצַר
এবং-দৃঢ়	যাতে	তুমি	নির্ভর-করছিলে	তাদের-উপরে	সমস্ত	তোমার-দেশে	এবং-সে-অবরোধ-করবে
H1219			H0982		H3605	H0776	

לְךָ	בְּכָל־	שְׁעָרֶיךָ	בְּכָל־	אַרְצְךָ	אֲשֶׁר	נָתַן	יְהוָה	אֱלֹהֶיךָ	לָךְ׃
তোমাকে	সমস্ত	তোমার-দ্বারে	সমস্ত	তোমার-দেশে	যা	দিয়েছেন	যিহোবা	তোমার-ঈশ্বর	তোমাকে
	H3605	H8179	H3605	H0776		H5414	H3068	H0430	

"সেই জাতি তোমাদের নগরের চারিদিক ঘিরে তোমাদের আক্রমণ করবে। তোমরা কি মনে করছ নগরের চারিধারের শক্ত উঁচু প্রাচীর তোমাদের রক্ষা করবে? কিন্তু তারা ভেঙ্গে পড়বে। প্রভু, তোমাদের ঈশ্বরের, দেওয়া সেই দেশের সর্বত্র সমস্ত নগরগুলি শত্রুরা আক্রমণ করবে।

53

וְאָכַלְתָּ	פְרִי־	בִטְנְךָ	בְּשַׂר	בָּנֶיךָ	וּבְנֹתֶיךָ	אֲשֶׁר	נָתַן־
এবং-তুমি-খাবে	ফল	তোমার-গর্ভের	মাংস	তোমার-ছেলেদের	এবং-তোমার-মেয়েদের	যাদেরকে	দিয়েছেন
H0398	H6529	H0990	H1320		H1323		H5414

לְךָ	יְהוָה	אֱלֹהֶיךָ	בְּמָצוֹר	וּבְמָצוֹק	אֲשֶׁר־	יָצִיק	לְךָ	אֹיְבֶךָ׃
তোমাকে	যিহোবা	তোমার-ঈশ্বর	অবরোধে	এবং-সঙ্কটে	যাতে	আনবে	তোমাকে	তোমার-শত্রু
	H3068	H0430	H4692	H4689		H6693		H0341

শত্রুরা নগর অবরোধ করে তোমাদের কষ্ট দিলে তোমরা এতই ক্ষুধার্ত হবে যে নিজের ছেলে মেয়েদের খেতে শুরু করবে – প্রভু, তোমাদের ঈশ্বর যে সন্তানদের দিয়েছিলেন তোমরা তাদের দেহ ভোজন করবে|

54
הָאִישׁ পুরুষ H0376
הָרַךְ কোমল H7390
בְּךָ তোমার-মধ্যে
וְהֶעָנֹג এবং-সুখী H6028
מְאֹד অত্যন্ত H3966
תֵּרַע মন্দ-হবে
עֵינוֹ তার-চোখ
בְאָחִיו তার-ভাইয়ের-বিরুদ্ধে H0251
וּבְאֵשֶׁת এবং-স্ত্রীর-বিরুদ্ধে H0802
חֵיקוֹ তার-বুকের H2436
וּבְיֶתֶר এবং-অবশিষ্টের-বিরুদ্ধে
בָּנָיו তার-ছেলেদের
אֲשֶׁר যাদেরকে
יוֹתִיר׃ সে-রেখে-দেবে H3498

“এমনকি তোমাদের মধ্যে সবচেয়ে দয়ালু এবং শান্ত লোকটিও নিষ্ঠুর হয়ে উঠবে| সে অন্যের প্রতি নিষ্ঠুর হবে| এমনকি, যে স্ত্রীকে সে অত্যন্ত ভালবাসে তার প্রতিও নিষ্ঠুর হবে এবং জীবিত শিশুদের প্রতিও সে নিষ্ঠুর হবে|

55
מִתֵּת দেওয়া-থেকে H5414
לְאַחַד একজনকে H0259
מֵהֶם তাদের-মধ্য-থেকে H1992
מִבְּשַׂר মাংস-থেকে H1320
בָּנָיו তার-ছেলেদের
אֲשֶׁר যা
יֹאכֵל সে-খাবে H0398
מִבְּלִי না-থাকার-কারণে H1097
הִשְׁאִיר־ অবশিষ্ট H7604
לוֹ তার-জন্য
כֹּל সবকিছু H3605
בְּמָצוֹר অবরোধে H4692
וּבְמָצוֹק এবং-সঙ্কটে H4689
אֲשֶׁר যাতে
יָצִיק আনবে H6693
לְךָ তোমাকে
אֹיִבְךָ তোমার-শত্রু H0341
בְּכָל־ সমস্ত H3605
שְׁעָרֶיךָ׃ তোমার-দ্বারে H8179

খাবার কিছু পড়ে না থাকর দরুণ সে নিজের শিশুদের খাবে এবং সেই মাংস সে পরিবারের অন্য কারও সাথে ভাগ না করে নিজেই খাবে| তোমাদের শত্রু এসে তোমাদের নগর অবরোধ করলে এই সমস্ত মন্দ ঘটনাগুলি তোমাদের প্রতি ঘটবে এবং তোমাদের কষ্ট দেবে|

56
הָרַכָּה কোমল H7390
בְךָ তোমার-মধ্যে
וְהָעֲנֻגָּה এবং-সুখী H6028
אֲשֶׁר যে
לֹא־ না H3808
נִסְּתָה সে-পরীক্ষা-করেছে H5254
כַף־ তলা H3709
רַגְלָהּ তার-পায়ের H7272
הַצֵּג রাখতে H3322
עַל־ -এ
הָאָרֶץ মাটিতে H0776
מֵהִתְעַנֵּג সুখী-থেকে H6026
וּמֵרֹךְ এবং-কোমলতা-থেকে H7391
תֵּרַע মন্দ-হবে
עֵינָהּ তার-চোখ
בְּאִישׁ পুরুষের-বিরুদ্ধে H0376
חֵיקָהּ তার-বুকের H2436
וּבִבְנָהּ এবং-তার-ছেলের-বিরুদ্ধে
וּבְבִתָּהּ׃ এবং-তার-মেয়ের-বিরুদ্ধে H1323

“এমনকি তোমাদের মধ্যে বাসকারী কোমল ও ভদ্র মহিলা, মাটিতে যার পা পড়ে না, সেও নিষ্ঠুর হয়ে উঠবে| তার প্রাণের প্রিয় স্বামীর প্রতি এবং নিজের ছেলেমেয়ের প্রতিও সে নিষ্ঠুর হয়ে উঠবে|

57
וּבְשִׁלְיָתָהּ এবং-তার-অমরার-বিরুদ্ধে H7988
הַיּוֹצֵת যা-বের-হয় H3318
מִבֵּין মধ্য-থেকে H0996
רַגְלֶיהָ তার-পায়ের H7272
וּבְבָנֶיהָ এবং-তার-ছেলেদের-বিরুদ্ধে
אֲשֶׁר যাদেরকে
תֵּלֵד সে-জন্ম-দেবে H3205
כִּי־ কারণ
תֹאכְלֵם সে-খাবে-তাদের H0398
בְּחֹסֶר־ অভাবে H2640
כֹּל সবকিছুর H3605
בַּסָּתֶר গোপনে
בְּמָצוֹר অবরোধে H4692
וּבְמָצוֹק এবং-সঙ্কটে H4689
אֲשֶׁר যাতে
יָצִיק আনবে H6693
לְךָ তোমাকে
אֹיִבְךָ তোমার-শত্রু H0341
בִּשְׁעָרֶיךָ׃ তোমার-দ্বারে H8179

সে লুকিয়ে শিশুর জন্ম দিয়ে সেই শিশুটিকে এবং তার সাথে জন্ম দেবার সময় তার দেহ থেকে যা কিছু বেরিয়ে আসে তাও খাবে| শত্রু এসে তোমাদের শহর অবরোধ করে তোমাদের সংকটে ফেললে এই সমস্ত মন্দ বিষয় তোমাদের প্রতি ঘটবে|

58

אִם־	לֹ֣א	תִשְׁמֹ֨ר	לַעֲשׂ֗וֹת	אֶת־	כָּל־	דִּבְרֵי֙	הַתּוֹרָ֣ה	הַזֹּ֔את	הַכְּתוּבִ֖ים	בַּסֵּ֣פֶר
যদি	না	তুমি-পালন-করবে	করতে	–	সমস্ত	বচনগুলি	ব্যবস্থার	এই	লিখিত	পুস্তকে
	H3808	H8104		H0853	H3605	H1697	H8451	H2063	H3789	

הַזֶּ֑ה	לְ֠יִרְאָה	אֶת־	הַשֵּׁ֞ם	הַנִּכְבָּ֤ד	וְהַנּוֹרָא֙	הַזֶּ֔ה	אֵ֖ת	יְהוָ֥ה	אֱלֹהֶֽיךָ׃
এই	ভয়-করতে	–	নাম	মহিমান্বিত	এবং-ভয়ঙ্কর	এই	–	যিহোবার	তোমার-ঈশ্বরের
H2088	H3372	H0853	H8034	H3513	H3372	H2088	H0853	H3068	H0430

“এই বইতে লেখা সমস্ত আজ্ঞা ও শিক্ষা তুমি অবশ্যই পালন করো এবং তুমি অবশ্যই প্রভু, তোমার ঈশ্বরের, গৌরবান্বিত এবং ভয়াবহ নামকে সম্মান করো|

59

וְהִפְלָ֤א	יְהוָה֙	אֶת־	מַכֹּ֣תְךָ֔	וְאֵ֖ת	מַכּ֣וֹת	זַרְעֶ֑ךָ
এবং-যিহোবা-আশ্চর্য-করবেন	যিহোবা	–	তোমার-আঘাতগুলিকে	এবং-	আঘাতগুলিকে	তোমার-বংশের
H6381	H3068	H0853	H4347	H0853	H4347	H2233

מַכּ֤וֹת	גְּדֹלֹת֙	וְנֶ֣אֱמָנ֔וֹת	וָחֳלָיִ֥ם	רָעִ֖ים	וְנֶאֱמָנִֽים׃
আঘাতগুলি	বড়	এবং-স্থায়ী	এবং-রোগগুলি	খারাপ	এবং-স্থায়ী
H4347		H0539	H2483		H0539

যদি তোমরা তা পালন না কর তবে প্রভু তোমাদের এবং তোমাদের উত্তরপুরুষদের অনেক অসুবিধায় ফেলবেন| তোমাদের সংকট ও রোগগুলি হবে ভয়ানক!

60

וְהֵשִׁ֣יב	בְּךָ֗	אֵ֚ת	כָּל־	מַדְוֵ֣ה	מִצְרַ֔יִם	אֲשֶׁ֥ר	יָגֹ֖רְתָּ
এবং-তিনি-ফিরিয়ে-আনবেন	তোমার-মধ্যে	–	সমস্ত	মহামারী	মিশরের	যাদেরকে	তুমি-ভয়-করেছিলে
H7725		H0853	H3605	H4064	H4714		H3025

מִפְּנֵיהֶ֑ם	וְדָבְק֖וּ	בָּֽךְ׃
তাদের-সামনে-থেকে	এবং-সেগুলি-লাগবে	তোমাতে
H6440	H1692	

মিশরে তোমরা অনেক বিপত্তি ও রোগ দেখে ভীত হয়েছিলে| প্রভু ঐ সব মন্দ ঘটনাগুলি তোমাদের বিরুদ্ধে ফিরিয়ে আনবেন|

61

גַּ֤ם	כָּל־	חֳלִי֙	וְכָל־	מַכָּ֔ה	אֲשֶׁר֙	לֹ֣א	כָת֔וּב	בְּסֵ֖פֶר	הַתּוֹרָ֣ה	הַזֹּ֑את	יַעְלֵ֤ם
আরও	সমস্ত	রোগ	এবং-সমস্ত	আঘাত	যা	না	লিখিত	পুস্তকে	ব্যবস্থার	এই	আনবেন
H1571	H3605	H2483	H3605	H4347		H3808	H3789		H8451	H2063	H5927

יְהוָה֙	עָלֶ֔יךָ	עַ֖ד	הִשָּׁמְדָֽךְ׃
যিহোবা	তোমার-উপরে	পর্যন্ত	তোমার-ধ্বংস
H3068		H5704	H8045

ব্যবস্থার পুস্তকে লেখা নেই এমন সব সংকট ও রোগও তিনি আনবেন| তোমরা ধ্বংস না হওয়া পর্যন্ত তিনি তা করেই চলবেন|

62

וְנִשְׁאַרְתֶּם֙	בִּמְתֵ֣י	מְעָ֔ט	תַּ֚חַת	אֲשֶׁ֣ר	הֱיִיתֶ֔ם	כְּכוֹכְבֵ֥י
এবং-তোমরা-অবশিষ্ট-হবে	কিছু-সংখ্যক	পুরুষে	পরিবর্তে	যার	তোমরা-ছিলে	আকাশের-তারার-মতো
H7604	H4962	H4592	H8478		H1961	H3556

הַשָּׁמַ֖יִם	לָרֹ֑ב	כִּֽי־	לֹ֣א	שָׁמַ֔עְתָּ	בְּק֖וֹל	יְהוָ֥ה	אֱלֹהֶֽיךָ׃
আকাশের	বহুত্বে	কারণ	না	তুমি-শুনেছিলে	কণ্ঠস্বরে	যিহোবার	তোমার-ঈশ্বরের
H8064	H7230		H3808	H8085		H3068	H0430

আকাশের তারার মত তোমাদের বংশধররা বহুসংখ্যক হতে পারে, কিন্তু কেবল অল্পসংখ্যকই অবশিষ্ট থাকবে, কারণ তোমরা প্রভু তোমাদের ঈশ্বরের কথা শোন নি|

63

וְהָיָה	כַּאֲשֶׁר־	שָׂשׂ	יְהוָה	עֲלֵיכֶם	לְהֵיטִיב	אֶתְכֶם
এবং-হবে	যেমন	আনন্দিত-হয়েছিলেন	যিহোবা	তোমাদের-উপরে	ভালো-করতে	তোমাদেরকে
H1961		H7797	H3068		H3190	H0853

וּלְהַרְבּוֹת	אֶתְכֶם	כֵּן	יָשִׂישׂ	יְהוָה	עֲלֵיכֶם	לְהַאֲבִיד
এবং-বৃদ্ধি-করতে	তোমাদেরকে	তেমনি	যিহোবা-আনন্দিত-হবেন	যিহোবা	তোমাদের-উপরে	ধ্বংস-করতে
	H0853		H7797	H3068		H0006

אֶתְכֶם	וּלְהַשְׁמִיד	אֶתְכֶם	וְנִסַּחְתֶּם	מֵעַל	הָאֲדָמָה	אֲשֶׁר־	אַתָּה
তোমাদেরকে	এবং-বিনাশ-করতে	তোমাদেরকে	এবং-তোমরা-উৎখাত-হবে	উপর-থেকে	জমির	যেখানে	তুমি
H0853	H8045	H0853	H5255		H0127		

בָא־	שָׁמָּה	לְרִשְׁתָּהּ׃
যাচ্ছিলে	সেখানে	অধিকার-করতে
H0935	H8033	H3423

“প্রভু তোমাদের মঙ্গল করে ও তোমাদের জাতির বৃদ্ধি সাধন করে যেমন আনন্দ পেতেন, সেই একই ভাবে তিনি তোমাদের সর্বনাশ ও ধ্বংস দেখে আনন্দ পাবেন| তুমি যে দেশ অধিকার করতে যাচ্ছ, লোক তোমাদের সেই দেশ থেকে বার করে দেবে|

64

וֶהֱפִיצְךָ	יְהוָה	בְּכָל־	הָעַמִּים	מִקְצֵה	הָאָרֶץ	וְעַד־	קְצֵה
এবং-যিহোবা-ছড়িয়ে-দেবেন-তোমাকে	যিহোবা	সমস্ত	জাতিদের-মধ্যে	প্রান্ত-থেকে	পৃথিবীর	এবং-পর্যন্ত	প্রান্ত
	H3068	H3605			H0776	H5704	

הָאָרֶץ	וְעָבַדְתָּ	שָּׁם	אֱלֹהִים	אֲחֵרִים	אֲשֶׁר	לֹא־	יָדַעְתָּ	אַתָּה
পৃথিবীর	এবং-তুমি-সেবা-করবে	সেখানে	দেবতাদের	অন্য	যাদেরকে	না	তুমি-জানতে	তুমি
H0776	H5647	H8033	H0430	H0312		H3808	H3045	

וַאֲבֹתֶיךָ	עֵץ	וָאָבֶן׃
এবং-তোমার-পূর্বপুরুষেরা	কাঠ	এবং-পাথর
H0001	H6086	H0068

আর প্রভু পৃথিবীর এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্য্যন্ত সমস্ত জাতির মধ্যে তোমাদের ছড়িয়ে দেবেন| সেখানে তোমরা কাঠ, পাথরের তৈরী এমন মূর্ত্তির পূজা করবে, যাদের পূজা তোমাদের পূর্বপুরুষরা কখনও করে নি|

65

וּבַגּוֹיִם	הָהֵם	לֹא	תַרְגִּיעַ	וְלֹא־	יִהְיֶה	מָנוֹחַ	לְכַף־
এবং-সেই-জাতিদের-মধ্যে	সেই	না	তুমি-বিশ্রাম-পাবে	এবং-না	থাকবে	বিশ্রাম	তলার-জন্য
	H1992	H3808		H3808	H1961	H4494	H3709

רַגְלֶךָ	וְנָתַן	יְהוָה	לְךָ	שָׁם	לֵב	רַגָּז	וְכִלְיוֹן	עֵינַיִם	וְדַאֲבוֹן
তোমার-পায়ের	এবং-দেবেন	যিহোবা	তোমাকে	সেখানে	হৃদয়	কম্পমান	এবং-ক্ষয়	চোখের	এবং-ব্যাকুলতা
H7272	H5414	H3068		H8033		H7268	H3631		H1671

נָפֶשׁ׃
প্রাণের
H5315

“এই সমস্ত জাতির মধ্যে তোমরা কোন শান্তি পাবে না এবং বিশ্রামের জায়গাও পাবে না| প্রভু তোমাদের মন দুশ্চিন্তাগ্রস্ত করবেন| তখন তোমাদের চোখ ক্লান্ত হয়ে পড়বে এবং তোমরা বিচলিত হয়ে পড়বে|

66

וְהָיוּ	חַיֶּיךָ	תְּלֻאִים	לְךָ	מִנֶּגֶד	וּפָחַדְתָּ	לַיְלָה	וְיוֹמָם
এবং-হবে	তোমার-জীবন	ঝুলানো	তোমার-জন্য	সামনে-থেকে	এবং-তুমি-ভয়-পাবে	রাতে	এবং-দিনে
H1961		H8511		H5048	H6342	H3915	H3119

וְלֹא	תַאֲמִין	בְּחַיֶּיךָ׃
এবং-না	তুমি-বিশ্বাস-করবে	তোমার-জীবনে
H3808	H0539	

তোমরা বিপদের মধ্যে বাস করবে এবং দিনে কি রাতে সবসময় ভয়ে ভয়ে থাকবে| জীবন সম্বন্ধে তোমাদের কোন নিশ্চয়তা বোধ থাকবে না|

67

בַּבֹּקֶר	תֹּאמַר	מִֽי־	יִתֵּן	עֶרֶב	וּבָעֶרֶב	תֹּאמַר	מִֽי־	יִתֵּן	בֹּקֶר	מִפַּחַד
সকালে	তুমি-বলবে	কে	দেবে	সন্ধ্যা	এবং-সন্ধ্যায়	তুমি-বলবে	কে	দেবে	সকাল	ভয়ের-কারণে
H1242	H0559	H4310	H5414	H6153	H6153	H0559	H4310	H5414	H1242	H6343

לְבָבְךָ	אֲשֶׁר	תִּפְחָד	וּמִמַּרְאֵה	עֵינֶיךָ	אֲשֶׁר	תִּרְאֶה׃
তোমার-হৃদয়ের	যা	তুমি-ভয়-করবে	এবং-দৃশ্য-থেকে	তোমার-চোখের	যা	তুমি-দেখবে
H3824		H6342	H4758			H7200

সকালে তুমি বলবে, ‘হায়! কখন সন্ধ্যা হবে!’ আর সন্ধ্যা হলে বলবে, ‘হায়! কখন সকাল হবে!’ হৃদয়ের শঙ্কা এবং ভয়ঙ্কর বিষয় যা তোমরা দেখবে, তার জন্যই এইরকম হবে|

68

וֶהֱשִׁיבְךָ	יְהוָה	מִצְרַיִם	בָּאֳנִיּוֹת	בַּדֶּרֶךְ	אֲשֶׁר	אָמַרְתִּי	לְךָ
এবং-যিহোবা-ফিরিয়ে-নেবেন-তোমাকে	যিহোবা	মিশরে	জাহাজে	পথে	যা	আমি-বলেছিলাম	তোমাকে
H7725	H3068	H4714	H0591	H1870		H0559	

לֹא־	תֹסִיף	עוֹד	לִרְאֹתָהּ	וְהִתְמַכַּרְתֶּם	שָׁם	לְאֹיְבֶיךָ
না	তুমি-যোগ-করবে	আর	তাকে-দেখতে	এবং-তোমরা-নিজেদের-বিক্রি-করবে	সেখানে	তোমার-শত্রুদের-কাছে
H3808	H3254	H5750	H7200	H4376	H8033	H0341

לַעֲבָדִים	וְלִשְׁפָחוֹת	וְאֵין	קֹנֶה׃	ס
দাসরূপে	এবং-দাসীরূপে	এবং-নেই	ক্রেতা	স
H5650	H8198	H0369	H7069	

প্রভু জাহাজে করে তোমাদের মিশরে ফেরত পাঠাবেন| আমি বলেছিলাম যে তোমাদের আর সেখানে ফিরে যেতে হবে না; কিন্তু প্রভু তোমাদের সেখানে ফেরত পাঠাবেন| মিশরে তোমরা তোমাদের শত্রুদের কাছে নিজেদের দাসরূপে বিক্রি করতে চাইবে কিন্তু কেউ তোমাদের কিনবে না|”

Chapter 29

1

אֵלֶּה	דִבְרֵי	הַבְּרִית	אֲשֶׁר־	צִוָּה	יְהוָה	אֶת־	מֹשֶׁה	לִכְרֹת	אֶת־
এই	বাক্যগুলি	সেই-নিয়মের	যা-	আদেশ-দিলেন	যিহোবা	-কে	মোশি	স্থাপন-করতে	-সঙ্গে
H0428	H1697	H1285		H6680	H3068	H0853	H4872	H3772	H0854

בְּנֵי	יִשְׂרָאֵל	בְּאֶרֶץ	מוֹאָב	מִלְּבַד	הַבְּרִית	אֲשֶׁר־	כָּרַת	אִתָּם	בְּחֹרֵב׃
পুত্রদের	যিস্রায়েলের	দেশে-	মোয়াবের	ছাড়াও	সেই-নিয়মের	যা-	স্থাপন-করেছিলেন	তাদের-সঙ্গে	হোরেবে
	H3478	H0776	H4124	H0905	H1285		H3772	H0854	H2722

פ
—

প্রভু হোরেব পর্বতে ইস্রায়েলের লোকদের সাথে চুক্তিকরেছিলেন| সেই চুক্তিছাড়াও প্রভু মোশিকে আরেকটি চুক্তিকরার জন্য আজ্ঞা করলেন| এই চুক্তিমোয়াব পর্বতে করা হল:

2

וַיִּקְרָא	מֹשֶׁה	אֶל־	כָּל־	יִשְׂרָאֵל	וַיֹּאמֶר	אֲלֵהֶם	אַתֶּם	רְאִיתֶם	אֵת
এবং-ডাকলেন	মোশি	-কে	সকল-	যিস্রায়েলের	এবং-বললেন	তাদের-কে	তোমরা	দেখেছ	-কে
H7121	H4872	H0413	H3605	H3478	H0559	H0413		H7200	H0853

כָּל־	אֲשֶׁר	עָשָׂה	יְהוָה	לְעֵינֵיכֶם	בְּאֶרֶץ	מִצְרַיִם	לְפַרְעֹה	וּלְכָל־
সকল-	যা	করেছিলেন	যিহোবা	তোমাদের-চোখের-সামনে	দেশে-	মিসরের	ফরৌণের-প্রতি	এবং-সকল-
H3605			H3068		H0776	H4714	H6547	H3605

עֲבָדָיו	וּלְכָל־	אַרְצוֹ׃
তাঁর-দাসদের	এবং-সকল-	তাঁর-দেশের
H5650	H3605	H0776

মোশি সমস্ত ইস্রায়েলের লোকদের এক জায়গায় একত্র করে বললেন, “মিশর দেশে প্রভু যা করেছিলেন তার সবই তোমরা দেখেছিলে| ফরৌণের প্রতি তাঁর কর্মচারী ও তাঁর সমস্ত দেশের প্রতি প্রভু যা করেছিলেন, তা তোমরা দেখেছ|

3

הַמַּסּוֹת	הַגְּדֹלֹת	אֲשֶׁר	רָאוּ	עֵינֶיךָ	הָאֹתֹת	וְהַמֹּפְתִים	הַגְּדֹלִים
সেই-পরীক্ষাগুলি	সেই-মহান	যা	দেখেছিল	তোমার-চোখ	সেই-চিহ্নগুলি	এবং-সেই-আশ্চর্যকর্মগুলি	সেই-মহান
			H7200		H0226	H4159	

הָהֵם׃
সেইগুলি
H1992

তিনি তাদের উপর যে মহা ক্লেশ এনেছিলেন তা তোমরা দেখেছ| তোমরা সমস্ত অলৌকিক ও মহা আশ্চর্য্য কাজও দেখেছ যেগুলি তিনি করেছেন|

4

וְלֹא־	נָתַן	יְהוָה	לָכֶם	לֵב	לָדַעַת	וְעֵינַיִם	לִרְאוֹת	וְאָזְנַיִם
এবং-না-	দিয়েছেন	যিহোবা	তোমাদের-কে	হৃদয়	জানার-জন্য	এবং-চোখ	দেখার-জন্য	এবং-কান
H3808	H5414	H3068			H3045		H7200	H0241

לִשְׁמֹעַ	עַד	הַיּוֹם	הַזֶּה׃
শোনার-জন্য	পর্যন্ত	সেই-দিন	এই
H8085	H5704	H3117	H2088

তোমরা যা শুনেছ বা দেখেছ তা দেখার চোখ ও প্রকৃতভাবে বুঝে উঠার মন আজও প্রভু তোমাদের দেননি|

5

וָאוֹלֵךְ	אֶתְכֶם	אַרְבָּעִים	שָׁנָה	בַּמִּדְבָּר	לֹא־	בָלוּ	שַׂלְמֹתֵיכֶם
এবং-আমি-চালালাম	তোমাদের-কে	চল্লিশ	বছর	মরুভূমিতে	না-	জীর্ণ-হল	তোমাদের-পোশাক
H3212	H0853	H0705	H8141		H3808	H1086	H8008

מֵעֲלֵיכֶם	וְנַעַלְךָ	לֹא־	בָלְתָה	מֵעַל	רַגְלֶךָ׃
তোমাদের-উপর-থেকে	এবং-তোমার-জুতা	না-	জীর্ণ-হল	উপর-থেকে	তোমার-পায়ের
	H5275	H3808	H1086		H7272

প্রভু এই 40 বছর তোমাদের মরুভূমির মধ্য দিয়ে নিয়ে গেছেন| এই সময়ের মধ্যে তোমাদের কাপড় জামা ও জুতো ছিঁড়ে যায় নি|

6

לֶחֶם	לֹא	אֲכַלְתֶּם	וְיַיִן	וְשֵׁכָר	לֹא	שְׁתִיתֶם	לְמַעַן	תֵּדְעוּ	כִּי	אֲנִי
রুটি	না	খেয়েছ	এবং-দ্রাক্ষারস	এবং-মদ	না	পান-করেছ	যাতে	তোমরা-জান	যে	আমি
H3899	H3808	H0398	H3196	H7941	H3808	H8354	H4616	H3045		H0589

יְהוָה	אֱלֹהֵיכֶם׃
যিহোবা	তোমাদের-ঈশ্বর
H3068	H0430

তোমাদের কোন খাবার ছিল না| সুরা বা অন্য কোন পানীয় ছিল না| কিন্তু প্রভু তোমাদের যত্ন নিলেন যাতে তোমরা বুঝতে পার যে প্রভুই তোমাদের ঈশ্বর|

7

וַתָּבֹאוּ	אֶל־	הַמָּקוֹם	הַזֶּה	וַיֵּצֵא	סִיחֹן	מֶלֶךְ־	חֶשְׁבּוֹן	וְעוֹג	מֶלֶךְ־
এবং-তোমরা-এলে	-তে	সেই-স্থান	এই	এবং-বের-হলেন	সীহোন	রাজা-	হিষ্বোনের	এবং-ওগ	রাজা-
H0935	H0413	H4725	H2088	H3318	H5511	H4428	H2809	H5747	H4428

הַבָּשָׁן	לִקְרָאתֵנוּ	לַמִּלְחָמָה	וַנַּכֵּם׃
বাশনের	আমাদের-বিরুদ্ধে	যুদ্ধের-জন্য	এবং-আমরা-আঘাত-করলাম-তাদের
H1316	H7125	H4421	H5221

“তোমরা এই স্থানে আসার পরে হিষ্বোনের রাজা সীহোন ও বাশনের রাজা ওগ আমাদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য এলো| কিন্তু আমরা তাদের হারিয়ে দিলাম|

8

וַנִּקַּח	אֶת־	אַרְצָם	וַנִּתְּנָהּ	לְנַחֲלָה	לָרְאוּבֵנִי
এবং-আমরা-নিলাম	-কে	তাদের-দেশ	এবং-আমরা-দিলাম-তা	অধিকারের-জন্য	রূবেণীয়দের-কে
H3947	H0853	H0776	H5414	H5159	H7206

וְלַגָּדִי	וְלַחֲצִי	שֵׁבֶט	הַמְנַשִּׁי׃
এবং-গাদীয়দের-কে	এবং-অর্ধেক-	বংশের	মনঃশির
H1425	H2677	H7626	H4520

তারপর আমরা তাদের দেশ অধিকার করে তা রূবেণ, গাদ ও মনঃশির অর্ধেক পরিবারগোষ্ঠীর লোকদের দিয়ে দিয়েছিলাম|

לְמַעַן	אֹתָם	וַעֲשִׂיתֶם	הַזֹּאת	הַבְּרִית	דִּבְרֵי	אֶת־	וּשְׁמַרְתֶּם	9
যাতে	সেগুলি	এবং-তোমরা-কর	এই	সেই-নিয়মের	বাক্যগুলি	-কে	এবং-তোমরা-পালন-কর	
H4616	H0853		H2063	H1285	H1697	H0853	H8104	

פ	תַּעֲשׂוּן׃	אֲשֶׁר	כָּל־	אֶת	תַּשְׂכִּילוּ
—	তোমরা-কর	যা	সকল-	-তে	তোমরা-সফল-হও
			H3605	H0853	

এই চুক্তির সমস্ত আদেশগুলি যদি তোমরা পালন কর, তবে তোমরা যা কিছু কর, তাতেই কৃতকার্য হবে|

רָאשֵׁיכֶם	אֱלֹהֵיכֶם	יְהוָה	לִפְנֵי	כֻּלְּכֶם	הַיּוֹם	נִצָּבִים	אַתֶּם	10
তোমাদের-প্রধানেরা	তোমাদের-ঈশ্বরের	যিহোবার	সামনে	তোমরা-সকলে	আজ	দাঁড়িয়ে-আছ	তোমরা	
	H0430	H3068	H6440	H3605	H3117	H5324		

יִשְׂרָאֵל׃	אִישׁ	כֹּל	וְשֹׁטְרֵיכֶם	זִקְנֵיכֶם	שִׁבְטֵיכֶם
যিস্রায়েলের	পুরুষ	সকল	এবং-তোমাদের-কর্মকর্তারা	তোমাদের-প্রাচীনেরা	তোমাদের-বংশগুলি
H3478	H0376	H3605	H7860	H2205	H7626

“আজ তোমরা সবাই প্রভু, তোমাদের ঈশ্বরের, সামনে দাঁড়িয়ে রয়েছ| তোমাদের নেতারা, কর্মকর্তারা, প্রবীণরা এবং তোমাদের অন্যান্যরাও এখানেই রয়েছে|

מֵחֹטֵב	מַחֲנֶיךָ	בְּקֶרֶב	אֲשֶׁר	וְגֵרְךָ	נְשֵׁיכֶם	טַפְּכֶם	11
থেকে-কাটে-যে	তোমার-শিবিরের	মধ্যে	যে	এবং-তোমার-প্রবাসী	তোমাদের-স্ত্রীরা	তোমাদের-শিশুরা	
H2404	H4264	H7130		H1616	H0802	H2945	

מֵימֶיךָ׃	שֹׁאֵב	עַד	עֵצֶיךָ
তোমার-জল	যে-তোলে	থেকে	তোমার-কাঠ
H4325	H7579	H5704	H6086

তোমাদের স্ত্রী ও শিশুরা, তোমাদের মধ্যে বাসকারী বিদেশীরা যারা তোমাদের জন্য কাঠ কেটে দেয় ও জল তুলে দেয় তারাও এখানে রয়েছে|

אֱלֹהֶיךָ	יְהוָה	אֲשֶׁר	וּבְאָלָתוֹ	אֱלֹהֶיךָ	יְהוָה	בִּבְרִית	לְעָבְרְךָ	12
তোমার-ঈশ্বর	যিহোবা	যা	এবং-তাঁর-শপথে	তোমার-ঈশ্বরের	যিহোবার	নিয়মে-	প্রবেশ-করতে	
H0430	H3068		H0423	H0430	H3068	H1285		

הַיּוֹם׃	עִמְּךָ	כֹּרֵת
আজ	তোমার-সঙ্গে	স্থাপন-করছেন
H3117		H3772

তোমরা সকলে এখানে প্রভু, তোমাদের ঈশ্বরের, সাথে চুক্তিবদ্ধ হবার জন্য রয়েছ| প্রভু আজ তোমাদের সাথে এই আশীর্বাদ ও অভিশাপের চুক্তিকরেছেন|

לֵאלֹהִים	לְךָ	יִהְיֶה־	וְהוּא	לְעָם	לוֹ	הַיּוֹם	אֹתְךָ	הָקִים־	לְמַעַן	13
ঈশ্বর-রূপে	তোমার-জন্য	হবেন-	এবং-তিনি	প্রজা-রূপে	তাঁর-জন্য	আজ	তোমাকে	প্রতিষ্ঠা-করেন-	যাতে	
H0430		H1961	H1931			H3117	H0853		H4616	

לְאַבְרָהָם	לַאֲבֹתֶיךָ	נִשְׁבַּע	וְכַאֲשֶׁר	לָךְ	דִּבֶּר־	כַּאֲשֶׁר
অব্রাহামের-কাছে	তোমার-পিতৃপুরুষদের-কাছে	শপথ-করেছিলেন	এবং-যেমন	তোমাকে	বলেছিলেন-	যেমন
H0085	H0001	H7650			H1696	

וּלְיַעֲקֹב׃	לְיִצְחָק
এবং-যাকোবের-কাছে	যিসহাকের-কাছে
H3290	H3327

এই চুক্তির সাথে সাথেই প্রভু তোমাদের তাঁর নিজস্ব বিশেষ লোক করবেন এবং তিনি তোমাদের ঈশ্বর হবেন| তিনি তোমাদের যা বললেন তার প্রতিজ্ঞা তিনি তোমাদের পূর্বপুরুষ অব্রাহাম, ইসহাক ও যাকোবের কাছে করেছিলেন|

14

וְלֹא	אִתְּכֶם	לְבַדְּכֶם	אָנֹכִי	כֹּרֵת	אֶת־	הַבְּרִית	הַזֹּאת	וְאֶת־
এবং-না	তোমাদের-সঙ্গে	কেবল-তোমাদের	আমি	স্থাপন-করছি	-কে	এই-নিয়ম	এই	এবং--কে
H3808	H0854	H0905	H0595	H3772	H0853	H1285	H2063	H0853

הָאָלָה	הַזֹּאת׃
এই-শপথ	এই
H0423	H2063

প্রভু এই চুক্তিও তাঁর প্রতিজ্ঞাসকল কেবল তোমাদের সাথেই করছেন না|

15

כִּי	אֶת־	אֲשֶׁר	יֶשְׁנוֹ	פֹּה	עִמָּנוּ	עֹמֵד	הַיּוֹם	לִפְנֵי	יְהוָה	אֱלֹהֵינוּ
কারণ	-কে	যে	আছে	এখানে	আমাদের-সঙ্গে	দাঁড়িয়ে	আজ	সামনে	যিহোবার	আমাদের-ঈশ্বরের
	H0854		H3426	H6311		H5975	H3117	H6440	H3068	H0430

וְאֵת	אֲשֶׁר	אֵינֶנּוּ	פֹּה	עִמָּנוּ	הַיּוֹם׃
এবং--কে	যে	নেই	এখানে	আমাদের-সঙ্গে	আজ
H0854		H0369	H6311		H3117

এই চুক্তিতিনি আমরা যারা সকলে তাঁর সামনে আজ দাঁড়িয়ে আছি তাদের সঙ্গে এবং আমাদের উত্তরপুরুষরা যারা আজ এখানে নেই তাঁদের সাথেও করছেন|

16

כִּי־	אַתֶּם	יְדַעְתֶּם	אֵת	אֲשֶׁר־	יָשַׁבְנוּ	בְּאֶרֶץ	מִצְרָיִם	וְאֵת	אֲשֶׁר־
কারণ-	তোমরা	জান	-কে	যা-	আমরা-বাস-করেছিলাম	দেশে-	মিসরের	এবং--কে	যা-
		H3045	H0853		H3427	H0776	H4714	H0853	

עָבַרְנוּ	בְּקֶרֶב	הַגּוֹיִם	אֲשֶׁר	עֲבַרְתֶּם׃
আমরা-পার-হয়েছিলাম	মধ্য-দিয়ে	সেই-জাতিদের	যাদের	তোমরা-পার-হয়েছিলে
	H7130			

স্মরণ কর মিশর দেশে আমরা কেমন ভাবে বাস করেছি এবং পথে যে সব দেশ পড়েছে তার মধ্যে দিয়ে কি ভাবে যাত্রা করেছি|

17

וַתִּרְאוּ	אֶת־	שִׁקּוּצֵיהֶם	וְאֵת	גִּלֻּלֵיהֶם	עֵץ	וָאֶבֶן	כֶּסֶף
এবং-তোমরা-দেখেছ	-কে	তাদের-ঘৃণ্য-বস্তুগুলি	এবং--কে	তাদের-মূর্তিগুলি	কাঠ	এবং-পাথর	রূপা
H7200	H0853	H8251	H0853	H1544	H6086	H0068	H3701

וְזָהָב	אֲשֶׁר	עִמָּהֶם׃
এবং-সোনা	যা	তাদের-সঙ্গে
H2091		

তোমরা ঘৃণিত মূর্ত্তিগুলি দেখেছ-যে মূর্ত্তিগুলি কাঠ, পাথর, সোনা ও রূপা দিয়ে তৈরী|

18

פֶּן־	יֵשׁ	בָּכֶם	אִישׁ	אוֹ־	אִשָּׁה	אוֹ	מִשְׁפָּחָה	אוֹ־	שֵׁבֶט	אֲשֶׁר	לְבָבוֹ
পাছে-	আছে	তোমাদের-মধ্যে	পুরুষ	অথবা-	স্ত্রী	অথবা	পরিবার	অথবা-	বংশ	যার	হৃদয়
H6435	H3426		H0376		H0802		H4940		H7626		H3824

פֹּנֶה	הַיּוֹם	מֵעִם	יְהוָה	אֱלֹהֵינוּ	לָלֶכֶת	לַעֲבֹד	אֶת־	אֱלֹהֵי	הַגּוֹיִם
ফিরে-যায়	আজ	থেকে	যিহোবার	আমাদের-ঈশ্বরের	যেতে	সেবা-করতে	-কে	দেবতাদের	সেই-জাতিদের
H6437	H3117		H3068	H0430	H3212	H5647	H0853	H0430	

הֵם	פֶּן־	יֵשׁ	בָּכֶם	שֹׁרֶשׁ	פֹּרֶה	רֹאשׁ	וְלַעֲנָה׃
সেই	পাছে-	আছে	তোমাদের-মধ্যে	মূল	উৎপন্ন-করে-যে	বিষ	এবং-তিক্ততা
H1992	H6435	H3426		H8328	H6509	H7219	H3939

এ বিষয়ে নিশ্চিত হয়ো যে তোমাদের মধ্যে পুরুষ, নারী, পরিবার ও পরিবারগোষ্ঠী যারাই আজ এখানে রয়েছে, তাদের কেউ যেন প্রভু আমাদের ঈশ্বরের কাছ থেকে দূরে সরে না যায়| কেউ যেন অন্য জাতির দেবতাদের পূজা না করে| যারা তা করে তারা সেই গাছের মত যা বিষাক্ত তেতো ফল উৎপন্ন করে|

19

וְהָיָה	בְּשָׁמְעוֹ	אֶת־	דִּבְרֵי	הָאָלָה	הַזֹּאת	וְהִתְבָּרֵךְ	בִּלְבָבוֹ
এবং-হবে	শোনার-সময়	-কে	বাক্যগুলি	সেই-শাপের	এই	এবং-আশীর্বাদ-করে-নিজেকে	তার-হৃদয়ে
H1961	H8085	H0853	H1697	H0423	H2063	H1288	H3824

לֵאמֹר	שָׁלוֹם	יִהְיֶה־	לִּי	כִּי	בִּשְׁרִרוּת	לִבִּי	אֵלֵךְ	לְמַעַן	סְפוֹת
বলে	শান্তি	হবে-	আমার	কারণ	জেদে	আমার-হৃদয়ের	আমি-চলব	যাতে	যোগ-করা-হয়
H0559	H7965	H1961			H8307		H3212	H4616	H5595

הָרָוָה	אֶת־	הַצְּמֵאָה׃
সিক্ত	-কে	শুষ্কের-সঙ্গে
H7302	H0854	H6771

“কোন ব্যক্তিএই সমস্ত শাপের কথা শুনেও নিজের মনকে সন্তুষ্ট করতে বলতে পারে, ‘আমি যা চাই তাই করব| খারাপ কিছুই আমার প্রতি ঘটবে না|’ এই ধরণের লোক যে কেবল তার নিজের প্রতি অমঙ্গল ডেকে আনবে তা নয়, এমনকি ভাল লোকদের প্রতিও তা ডেকে আনবে|

20

לֹא־	יֹאבֶה	יְהוָה	סְלֹחַ	לוֹ	כִּי	אָז	יֶעְשַׁן	אַף־	יְהוָה	וְקִנְאָתוֹ
না-	রাজি-হবেন	যিহোবা	ক্ষমা-করতে	তাকে	কারণ	তখন	জ্বলবে	ক্রোধ-	যিহোবার	এবং-তাঁর-ঈর্ষা
H3808	H0014	H3068	H5545				H6225	H0639	H3068	H7068

בָּאִישׁ	הַהוּא	וְרָבְצָה	בּוֹ	כָּל־	הָאָלָה	הַכְּתוּבָה	בַּסֵּפֶר	הַזֶּה
সেই-ব্যক্তির-বিরুদ্ধে	সেই	এবং-বর্ষিত-হবে	তার-উপর	সকল-	সেই-শাপ	লেখা	এই-পুস্তকে-	এই
H0376	H1931	H7257		H3605	H0423	H3789		H2088

וּמָחָה	יְהוָה	אֶת־	שְׁמוֹ	מִתַּחַת	הַשָּׁמָיִם׃
এবং-মুছে-দেবেন	যিহোবা	-কে	তার-নাম	নীচ-থেকে	আকাশের
	H3068	H0853	H8034	H8478	H8064

প্রভু সেই ব্যক্তিকে ক্ষমা করবেন না| প্রভু সেই ব্যক্তির প্রতি ক্রুদ্ধ ও বিরক্তহবেন এবং তাকে শাস্তি দেবেন| প্রভু সেই ব্যক্তিকে ইস্রায়েলের সমস্ত পরিবারগোষ্ঠী থেকে পৃথক করবেন| প্রভু তাকে সম্পূর্ণরূপে ধ্বংস করবেন| এই পুস্তকে লেখা সমস্ত অমঙ্গল তার উপর আসবে| ব্যবস্থার পুস্তকে অভিশাপ সম্পর্কে লিখিত চুক্তিঅনুসারেই আসবে|

21

וְהִבְדִּילוֹ	יְהוָה	לְרָעָה	מִכֹּל	שִׁבְטֵי	יִשְׂרָאֵל	כְּכֹל	אָלוֹת
এবং-পৃথক-করবেন-তাকে	যিহোবা	অমঙ্গলের-জন্য	থেকে-সকল	বংশের	যিস্রায়েলের	অনুসারে-সকল	শাপের
H0914	H3068		H3605	H7626	H3478	H3605	H0423

הַבְּרִית	הַכְּתוּבָה	בְּסֵפֶר	הַתּוֹרָה	הַזֶּה׃
সেই-নিয়মের	লেখা	পুস্তকে-	এই-ব্যবস্থার	এই
H1285	H3789		H8451	H2088

প্রভু সেই ব্যক্তিকে ক্ষমা করবেন না| প্রভু সেই ব্যক্তির প্রতি ক্রুদ্ধ ও বিরক্তহবেন এবং তাকে শাস্তি দেবেন| প্রভু সেই ব্যক্তিকে ইস্রায়েলের সমস্ত পরিবারগোষ্ঠী থেকে পৃথক করবেন| প্রভু তাকে সম্পূর্ণরূপে ধ্বংস করবেন| এই পুস্তকে লেখা সমস্ত অমঙ্গল তার উপর আসবে| ব্যবস্থার পুস্তকে অভিশাপ সম্পর্কে লিখিত চুক্তিঅনুসারেই আসবে|

22

וְאָמַר	הַדּוֹר	הָאַחֲרוֹן	בְּנֵיכֶם	אֲשֶׁר	יָקוּמוּ	מֵאַחֲרֵיכֶם	וְהַנָּכְרִי
এবং-বলবে	সেই-প্রজন্ম	সেই-পরবর্তী	তোমাদের-সন্তানেরা	যারা	উঠবে	তোমাদের-পরে	এবং-সেই-বিদেশী
H0559	H1755	H0314					H5237

אֲשֶׁר	יָבֹא	מֵאֶרֶץ	רְחוֹקָה	וְרָאוּ	אֶת־	מַכּוֹת	הָאָרֶץ	הַהִוא	וְאֶת־
যে	আসবে	থেকে-দেশ	দূরবর্তী	এবং-দেখবে	-কে	আঘাতগুলি	সেই-দেশের	সেই	এবং--কে
	H0935	H0776	H7350	H7200	H0853	H4347	H0776	H1931	H0853

תַּחֲלֻאֶיהָ	אֲשֶׁר־	חִלָּה	יְהוָה	בָּהּ׃
তার-রোগগুলি	যা-	দিয়েছেন-রোগ	যিহোবা	তাতে
H8463			H3068	

“ভবিষ্যতে তোমাদের উত্তরপুরুষরা ও দূর দেশের বিদেশীরা দেখবে কিভাবে এই দেশ ধ্বংস হয়েছে| প্রভু কিভাবে বিভিন্ন রোগ এনেছেন তাও তারা দেখবে|

23 גָּפְרִית גন্ধক H1614 | וָמֶלַח এবং-লবণ H4417 | שְׂרֵפָה দগ্ধ H8316 | כָל־ সকল- H3605 | אַרְצָהּ তার-দেশ H0776 | לֹא না H3808 | תִזָּרַע বোনা-হবে H2232 | וְלֹא এবং-না H3808 | תַצְמִחַ উৎপন্ন-হবে H6779 | וְלֹא־ এবং-না- H3808 | יַעֲלֶה উঠবে H5927

בָהּ তাতে | כָּל־ কোনো- H3605 | עֵשֶׂב ঘাস H6212 | כְּמַהְפֵּכַת যেমন-ধ্বংস H4114 | סְדֹם সদোমের H5467 | וַעֲמֹרָה এবং-ঘমোরার H6017 | אַדְמָה অদ্মার H0126 |]וצביים[— H6636 |)וּצְבוֹיִם(এবং-সবোয়িমের H6636 | אֲשֶׁר যা

הָפַךְ উল্টে-দিলেন H2015 | יְהוָה যিহোবা H3068 | בְּאַפּוֹ তাঁর-ক্রোধে H0639 | וּבַחֲמָתוֹ׃ এবং-তাঁর-রোষে H2534

সমস্ত দেশ জ্বলন্ত গন্ধক ও লবনে ঢেকে যাওয়ায় আর ব্যবহারযোগ্য থাকবে না| দেশে কিছুই বোনা হবে না, কিছুই বেড়ে উঠবে না, এমন কি জংলী গাছও না| প্রভু ক্রুদ্ধ হয়ে যেভাবে সদোম, ঘমোরা, অদ্মা ও সবোয়িম শহরগুলি ধ্বংস করেছিলেন সেই ভাবেই এই দেশ ধ্বংস হবে|

24 וְאָמְרוּ এবং-বলবে H0559 | כָּל־ সকল- H3605 | הַגּוֹיִם সেই-জাতিরা | עַל־ -জন্য | מֶה কী H4100 | עָשָׂה করেছেন | יְהוָה যিহোবা H3068 | כָּכָה এইরূপ H3602 | לָאָרֶץ এই-দেশের-প্রতি H0776 | הַזֹּאת এই H2063

מֶה কী H4100 | חֳרִי জ্বলন H2750 | הָאַף সেই-ক্রোধের H0639 | הַגָּדוֹל সেই-মহান | הַזֶּה׃ এই H2088

“অন্যান্য সব জাতির লোকরা জিজ্ঞেস করবে, ‘প্রভু এই দেশের প্রতি কেন এমনটি করলেন? কেন তিনি এত ক্রুদ্ধ হলেন?’

25 וְאָמְרוּ এবং-তারা-বলবে H0559 | עַל কারণ | אֲשֶׁר যে | עָזְבוּ তারা-পরিত্যাগ-করেছিল | אֶת־ -কে H0853 | בְּרִית নিয়ম H1285 | יְהוָה যিহোবার H3068 | אֱלֹהֵי ঈশ্বরের H0430

אֲבֹתָם তাদের-পিতৃপুরুষদের H0001 | אֲשֶׁר যা | כָּרַת স্থাপন-করেছিলেন H3772 | עִמָּם তাদের-সঙ্গে | בְּהוֹצִיאוֹ বের-করার-সময়-তিনি H3318 | אֹתָם তাদের-কে H0853 | מֵאֶרֶץ থেকে-দেশ H0776

מִצְרָיִם׃ মিসরের H4714

উত্তর এই হবে, ‘প্রভু ক্রুদ্ধ কারণ ইস্রায়েলের লোকরা তাদের প্রভুর অর্থাৎ পূর্বপুরুষের ঈশ্বরের নিয়ম ত্যাগ করেছে| প্রভু তাদের মিশর দেশ থেকে বার করে আনার সময় যে চুক্তিকরেছিলেন তা তারা আর পালন করে না|

26 וַיֵּלְכוּ এবং-তারা-গেল H3212 | וַיַּעַבְדוּ এবং-তারা-সেবা-করল H5647 | אֱלֹהִים দেবতাদের H0430 | אֲחֵרִים অন্য H0312 | וַיִּשְׁתַּחֲוּוּ এবং-তারা-প্রণাম-করল H7812 | לָהֶם তাদের-কে | אֱלֹהִים দেবতাদের H0430

אֲשֶׁר যাদের | לֹא־ না- H3808 | יְדָעוּם তারা-জানত H3045 | וְלֹא এবং-না H3808 | חָלַק তিনি-দিয়েছিলেন-অংশ | לָהֶם׃ তাদের-কে

প্রভু যে সমস্ত দেবতার পূজা করতে নিষেধ করেছিলেন, যাদের পূজা তারা আগে কখনও করে নি, ইস্রায়েলের লোকরা সেই অন্যান্য দেবতার সেবা করেছে|

27 וַיִּחַר־ এবং-জ্বলল- H2734 | אַף ক্রোধ H0639 | יְהוָה যিহোবার H3068 | בָּאָרֶץ সেই-দেশের-বিরুদ্ধে H0776 | הַהִוא সেই H1931 | לְהָבִיא আনতে H0935 | עָלֶיהָ তার-উপর | אֶת־ -কে H0853 | כָּל־ সকল- H3605

הַקְּלָלָה সেই-অভিশাপ H7045 | הַכְּתוּבָה লেখা H3789 | בַּסֵּפֶר এই-পুস্তকে- | הַזֶּה׃ এই H2088

সেই কারণেই প্রভু এই দেশের লোকদের প্রতি অত্যন্ত ক্রুদ্ধ হলেন| আর তাই তিনি পুস্তকে লেখা সমস্ত অভিশাপ তাদের উপর আনলেন|

28

וַיִּתְּשֵׁם	יְהוָה	מֵעַל	אַדְמָתָם	בְּאַף	וּבְחֵמָה	וּבְקֶצֶף	גָּדוֹל
এবং-উপড়ে-ফেললেন-তাদের	যিহোবা	উপর-থেকে	তাদের-ভূমির	ক্রোধে	এবং-রোষে	এবং-মহা-ক্রোধে	মহান
H5428	H3068		H0127	H0639	H2534		

וַיַּשְׁלִכֵם	אֶל־	אֶרֶץ	אַחֶרֶת	כַּיּוֹם	הַזֶּה׃
এবং-নিক্ষেপ-করলেন-তাদের	-তে	দেশ	অন্য	যেমন-দিন	এই
H7993	H0413	H0776	H0312	H3117	H2088

প্রভু তাদের প্রতি অত্যন্ত ক্রুদ্ধ ও বিরক্ত হলেন, তাই তিনি তাদের দেশ থেকে বার করে দিয়ে অন্য এক দেশে রাখলেন, সেখানেই আজ তারা রয়েছে|’

29

הַנִּסְתָּרֹת	לַיהוָה	אֱלֹהֵינוּ	וְהַנִּגְלֹת	לָנוּ
সেই-গুপ্ত-বিষয়গুলি	যিহোবার-জন্য	আমাদের-ঈশ্বরের	এবং-সেই-প্রকাশিত-বিষয়গুলি	আমাদের-জন্য
H5641	H3068	H0430	H1540	

וּלְבָנֵינוּ	עַד־	עוֹלָם	לַעֲשׂוֹת	אֶת־	כָּל־	דִּבְרֵי	הַתּוֹרָה	הַזֹּאת׃
এবং-আমাদের-সন্তানদের-জন্য	পর্যন্ত-	চিরকাল	পালন-করতে	-কে	সকল-	বাক্যগুলি	এই-ব্যবস্থার	এই
	H5704	H5769		H0853	H3605	H1697	H8451	H2063

ס

“কিছু বিষয় রয়েছে যা প্রভু, আমাদের ঈশ্বর, গোপন রেখেছেন, কেবল তিনিই সে সব বিষয় জানেন| কিন্তু প্রভু কিছু বিষয় আমাদের কাছে প্রকাশ করেছেন এবং সেই শিক্ষাসকল আমাদের ও আমাদের উত্তরপুরুষদের জন্য চিরকাল থাকবে| সেই বিধির সব আজ্ঞাগুলির প্রতি আমরা অবশ্যই বাধ্য থাকব|

Chapter 30

1

וְהָיָה	כִי־	יָבֹאוּ	עָלֶיךָ	כָּל־	הַדְּבָרִים	הָאֵלֶּה	הַבְּרָכָה	וְהַקְּלָלָה
এবং-হবে	যখন-	আসবে	তোমার-উপর	সকল-	সেই-বিষয়গুলি	এই	সেই-আশীর্বাদ	এবং-সেই-অভিশাপ
H1961		H0935		H3605	H1697	H0428	H1293	H7045

אֲשֶׁר	נָתַתִּי	לְפָנֶיךָ	וַהֲשֵׁבֹתָ	אֶל־	לְבָבֶךָ	בְּכָל־
যা	আমি-দিয়েছি	তোমার-সামনে	এবং-তুমি-ফিরিয়ে-আনবে	-তে	তোমার-হৃদয়ে	সকল-
	H5414	H6440	H7725	H0413	H3824	H3605

הַגּוֹיִם	אֲשֶׁר	הִדִּיחֲךָ	יְהוָה	אֱלֹהֶיךָ	שָׁמָּה׃
সেই-জাতিদের-মধ্যে	যেখানে	তোমাকে-তাড়িয়ে-দিয়েছেন	যিহোবা	তোমার-ঈশ্বর	সেখানে
		H5080	H3068	H0430	H8033

“আমি তোমাদের আশীর্বাদ ও অভিশাপ সম্বন্ধে যা যা বললাম সেই সব যখন তোমাদের ওপর ঘটবে এবং প্রভু তোমাদের যে সব বিভিন্ন জাতির মধ্যে ছড়িয়ে দেবেন, সেখানে যদি এই সব বিষয়ে চিন্তা করে

2

וְשַׁבְתָּ	עַד־	יְהוָה	אֱלֹהֶיךָ	וְשָׁמַעְתָּ	בְקֹלוֹ	כְּכֹל	אֲשֶׁר־
এবং-তুমি-ফিরবে	পর্যন্ত-	যিহোবার	তোমার-ঈশ্বরের	এবং-তুমি-শুনবে	তাঁর-কণ্ঠস্বরে	অনুসারে-সকল	যা-
H7725	H5704	H3068	H0430	H8085		H3605	

אָנֹכִי	מְצַוְּךָ	הַיּוֹם	אַתָּה	וּבָנֶיךָ	בְּכָל־	לְבָבְךָ	וּבְכָל־
আমি	তোমাকে-আদেশ-দিচ্ছি	আজ	তুমি	এবং-তোমার-সন্তানেরা	সকল-	তোমার-হৃদয়ে	এবং-সকল-
H0595	H6680	H3117			H3605	H3824	H3605

נַפְשֶׁךָ׃
তোমার-প্রাণে
H5315

তুমি ও তোমার সন্তানরা প্রভু, তোমাদের ঈশ্বরের, কাছে ফিরে আসো অর্থাৎ যদি তোমরা তাঁকে তোমাদের সমস্ত হৃদয় এবং সমস্ত আত্মা দিয়ে অনুসরণ কর এবং তাঁর সব আজ্ঞাগুলি-যা কিছু আমি আজ দিয়েছি, তোমরা সেগুলির প্রতি সম্পূর্ণভাবে বাধ্য থাক,

3

וְשָׁב এবং-ফেরাবেন H7725
יְהוָה যিহোবা H3068
אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বর H0430
אֶת־ -কে H0853
שְׁבוּתְךָ তোমার-বন্দীদশা H7622
וְרִחֲמֶךָ এবং-তিনি-দয়া-করবেন-তোমার-প্রতি H7355

וְשָׁב এবং-তিনি-ফিরবেন H7725
וְקִבֶּצְךָ এবং-একত্র-করবেন-তোমাকে H6908
מִכָּל־ থেকে-সকল- H3605
הָעַמִּים সেই-জনগণের
אֲשֶׁר যেখানে
הֱפִיצְךָ ছড়িয়ে-দিয়েছিলেন-তোমাকে

יְהוָה যিহোবা H3068
אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বর H0430
שָׁמָּה׃ সেখানে H8033

তবে প্রভু, তোমাদের ঈশ্বর, তোমাদের প্রতি করুণা করবেন| প্রভু আবার তোমাদের মুক্তকরবেন| তিনি তোমাদের যে সব জাতির মধ্যে পাঠিয়ে ছিলেন সেখান থেকে আবার ফিরিয়ে আনবেন|

4

אִם־ যদি-
יִהְיֶה হয় H1961
נִדַּחֲךָ তোমার-তাড়িত H5080
בִּקְצֵה প্রান্তে-
הַשָּׁמָיִם আকাশের H8064
מִשָּׁם সেখান-থেকে H8033
יְקַבֶּצְךָ একত্র-করবেন-তোমাকে H6908
יְהוָה যিহোবা H3068

אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বর H0430
וּמִשָּׁם এবং-সেখান-থেকে H8033
יִקָּחֶךָ׃ নেবেন-তোমাকে H3947

এমন কি তোমরা যদি পৃথিবীর দূরতম প্রান্তেও গিয়ে থাকো, প্রভু, তোমাদের ঈশ্বর, সেখান থেকে তোমাদের সংগ্রহ করবেন|

5

וֶהֱבִיאֲךָ এবং-আনবেন-তোমাকে H0935
יְהוָה যিহোবা H3068
אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বর H0430
אֶל־ -তে H0413
הָאָרֶץ সেই-দেশে H0776
אֲשֶׁר־ যা-
יָרְשׁוּ অধিকার-করেছিল H3423

אֲבֹתֶיךָ তোমার-পিতৃপুরুষেরা H0001
וִירִשְׁתָּהּ এবং-তুমি-অধিকার-করবে-তা H3423
וְהֵיטִבְךָ এবং-মঙ্গল-করবেন-তোমাকে H3190
וְהִרְבְּךָ এবং-বৃদ্ধি-করবেন-তোমাকে

מֵאֲבֹתֶיךָ׃ চেয়ে-তোমার-পিতৃপুরুষদের H0001

তোমাদের পূর্বপুরুষদের যে দেশ ছিল, প্রভু সেই দেশে তোমাদের ফিরিয়ে আনবেন এবং সেই দেশ তোমাদের অধিকারে আসবে| প্রভু তোমাদের মঙ্গল করবেন এবং পূর্বপুরুষদের চাইতেও তোমাদের অধিক হবে| তোমাদের জাতির লোকসংখ্যা এমন বৃদ্ধি পাবে যা আগে কখনও হয় নি|

6

וּמָל এবং-সুন্নত-করবেন
יְהוָה যিহোবা H3068
אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বর H0430
אֶת־ -কে H0853
לְבָבְךָ তোমার-হৃদয় H3824
וְאֶת־ এবং--কে H0853
לְבַב হৃদয় H3824
זַרְעֶךָ তোমার-বংশের H2233

לְאַהֲבָה ভালোবাসার-জন্য H0157
אֶת־ -কে H0853
יְהוָה যিহোবাকে H3068
אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বরকে H0430
בְּכָל־ সকল- H3605
לְבָבְךָ তোমার-হৃদয়ে H3824
וּבְכָל־ এবং-সকল- H3605
נַפְשְׁךָ তোমার-প্রাণে H5315
לְמַעַן যাতে H4616

חַיֶּיךָ׃ তোমার-জীবন

প্রভু তোমাদের ঈশ্বর তোমার এবং তোমাদের উত্তরপুরুষদের হৃদয় বাধ্য করে তুলবেন| এই ভাবে তোমাদের প্রভুকে সমস্ত হৃদয়ের সাথে প্রেম করে জীবন লাভ করবে|

7

וְנָתַן	יְהוָה	אֱלֹהֶיךָ	אֵת	כָּל־	הָאָלוֹת	הָאֵלֶּה	עַל־	אֹיְבֶיךָ
এবং-দেবেন	যিহোবা	তোমার-ঈশ্বর	-কে	সকল-	এই-শাপগুলি	এই	-উপর	তোমার-শত্রুদের
H5414	H3068	H0430	H0853	H3605	H0423	H0428		H0341

וְעַל־	שֹׂנְאֶיךָ	אֲשֶׁר	רְדָפוּךָ׃
এবং--উপর	তোমার-ঘৃণাকারীদের	যারা	তাড়না-করেছিল-তোমাকে
	H8130		H7291

“আর তখন প্রভু, তোমাদের ঈশ্বর, শত্রুদের প্রতি সেই সমস্ত অমঙ্গল ঘটাবেন, কারণ এই সমস্ত লোকরা তোমাদের ঘৃণা করে ও কষ্ট দেয়|

8

וְאַתָּה	תָשׁוּב	וְשָׁמַעְתָּ	בְּקוֹל	יְהוָה	וְעָשִׂיתָ	אֶת־	כָּל־	מִצְוֹתָיו	אֲשֶׁר
এবং-তুমি	ফিরবে	এবং-শুনবে	কণ্ঠস্বরে-	যিহোবার	এবং-করবে	-কে	সকল-	তাঁর-আজ্ঞাগুলি	যা
	H7725	H8085		H3068		H0853	H3605	H4687	

אָנֹכִי	מְצַוְּךָ	הַיּוֹם׃
আমি	তোমাকে-আদেশ-দিচ্ছি	আজ
H0595	H6680	H3117

আর তোমরা আবার প্রভুর বাধ্য হবে| আমি আজ তাঁর যে সমস্ত আদেশ দিচ্ছি তা পালন করবে|

9

וְהוֹתִירְךָ	יְהוָה	אֱלֹהֶיךָ	בְּכֹל	מַעֲשֵׂה	יָדֶךָ	בִּפְרִי	בִטְנְךָ
এবং-বৃদ্ধি-করবেন-তোমাকে	যিহোবা	তোমার-ঈশ্বর	সকলে-	কাজে	তোমার-হাতের	ফলে-	তোমার-গর্ভের
H3498	H3068	H0430	H3605	H4639	H3027	H6529	H0990

וּבִפְרִי	בְהֶמְתְּךָ	וּבִפְרִי	אַדְמָתְךָ	לְטֹבָה	כִּי	יָשׁוּב	יְהוָה	לָשׂוּשׂ
এবং-ফলে	তোমার-পশুদের	এবং-ফলে	তোমার-ভূমির	মঙ্গলের-জন্য	কারণ	ফিরবেন	যিহোবা	আনন্দ-করতে
H6529	H0929	H6529	H0127			H7725	H3068	H7797

עָלֶיךָ	לְטוֹב	כַּאֲשֶׁר־	שָׂשׂ	עַל־	אֲבֹתֶיךָ׃
তোমার-উপর	মঙ্গলের-জন্য	যেমন-	আনন্দ-করেছিলেন	-উপর	তোমার-পিতৃপুরুষদের
			H7797		H0001

তোমরা যে কাজে হাত দেবে তাতেই প্রভু, তোমাদের ঈশ্বর, তোমাদের কৃতকার্য হতে দেবেন| তাঁর আশীর্বাদে তোমরা বহু সন্তানসন্ততি লাভ করবে| তাঁর আশীর্বাদে তোমাদের পশুদেরও অনেক শাবক হবে| তিনি তোমাদের ক্ষেতকে আশীর্বাদ করবেন, ফলে অনেক ফসল উৎপন্ন হবে| প্রভু তোমাদের মঙ্গল করবেন| তোমাদের পূর্বপুরুষদের মঙ্গল সাধন করে তিনি যে রকম আনন্দ পেতেন, সেই রকম তোমাদের প্রতি মঙ্গল সাধন করে তিনি আনন্দ পাবেন|

10

כִּי	תִשְׁמַע	בְּקוֹל	יְהוָה	אֱלֹהֶיךָ	לִשְׁמֹר	מִצְוֹתָיו	וְחֻקֹּתָיו
কারণ	শুনবে	কণ্ঠস্বরে-	যিহোবার	তোমার-ঈশ্বরের	পালন-করতে	তাঁর-আজ্ঞাগুলি	এবং-তাঁর-বিধিগুলি
	H8085		H3068	H0430	H8104	H4687	H2708

הַכְּתוּבָה	בְּסֵפֶר	הַתּוֹרָה	הַזֶּה	כִּי	תָשׁוּב	אֶל־	יְהוָה	אֱלֹהֶיךָ	בְּכָל־
লেখা	এই-পুস্তকে-	এই-ব্যবস্থার	এই	কারণ	ফিরবে	-তে	যিহোবার	তোমার-ঈশ্বরের	সকল-
H3789		H8451	H2088		H7725	H0413	H3068	H0430	H3605

לְבָבְךָ	וּבְכָל־	נַפְשֶׁךָ׃	פ
তোমার-হৃদয়ে	এবং-সকল-	তোমার-প্রাণে	—
H3824	H3605	H5315	

কিন্তু প্রভু, তোমাদের ঈশ্বর, আজ যা বলছেন তা অবশ্যই পালন করতে হবে| তোমরা অবশ্যই তাঁর আজ্ঞাসকল এবং ব্যবস্থাপুস্তকে লেখা বিধিগুলো পালন করবে| তোমরা অবশ্যই তোমাদের হৃদয় ও প্রাণের সাথে প্রভু তোমাদের ঈশ্বরের বাধ্য হবে| তাহলে তোমাদের প্রতি এইসব মঙ্গল কার্য ঘটবে|

11

כִּי	הַמִּצְוָה	הַזֹּאת	אֲשֶׁר	אָנֹכִי	מְצַוְּךָ	הַיּוֹם	לֹא־	נִפְלֵאת	הִוא
কারণ	এই-আজ্ঞা	এই	যা	আমি	তোমাকে-আদেশ-দিচ্ছি	আজ	না-	অসাধ্য	তা
	H4687	H2063		H0595	H6680	H3117	H3808	H6381	H1931

מִמְּךָ	וְלֹא	רְחֹקָה	הִוא׃
তোমার-থেকে	এবং-না	দূরে	তা
	H3808	H7350	H1931

“এই আজ্ঞা যা আজ আমি তোমাদের দিচ্ছি তা তোমাদের পক্ষে খুব কঠিন হবে না আর তা সাধ্যের বাইরেও নয়|

12
לֹא না H3808
בַשָּׁמַיִם আকাশে- H8064
הִוא তা H1931
לֵאמֹר বলতে H0559
מִי কে H4310
יַעֲלֶה־ উঠবে- H5927
לָּנוּ আমাদের-জন্য
הַשָּׁמַיְמָה আকাশে- H8064
וְיִקָּחֶהָ এবং-নেবে-তা H3947
לָּנוּ আমাদের-জন্য
וְיַשְׁמִעֵנוּ এবং-শোনাবে-আমাদের H8085
אֹתָהּ তাকে H0853
וְנַעֲשֶׂנָּה׃ এবং-আমরা-করব-তা

এই আজ্ঞাগুলি স্বর্গে রেখে দেওয়া হয় নি যে তুমি বলবে, ‘কে স্বর্গে গিয়ে তা আমাদের জন্য নিয়ে আসবে যাতে আমরা তা শুনতে পারি এবং মেনে চলি|’

13
וְלֹא־ এবং-না- H3808
מֵעֵבֶר ওপারে- H5676
לַיָּם সমুদ্রের- H3220
הִוא তা H1931
לֵאמֹר বলতে H0559
מִי কে H4310
יַעֲבָר־ পার-হবে-
לָנוּ আমাদের-জন্য
אֶל־ -তে H0413
עֵבֶר ওপারে H5676
הַיָּם সমুদ্রের H3220
וְיִקָּחֶהָ এবং-নেবে-তা H3947
לָּנוּ আমাদের-জন্য
וְיַשְׁמִעֵנוּ এবং-শোনাবে-আমাদের H8085
אֹתָהּ তাকে H0853
וְנַעֲשֶׂנָּה׃ এবং-আমরা-করব-তা

এই আজ্ঞা সমুদ্রের অপর পারেও নেই যে তুমি বলবে, ‘কে সমুদ্র পার হয়ে আমাদের জন্য তা নিয়ে আসবে যাতে আমরা তা শুনতে পাই ও সেই মত কাজ করতে পারি|’

14
כִּי־ কারণ-
קָרוֹב নিকটে H7138
אֵלֶיךָ তোমার-কাছে H0413
הַדָּבָר সেই-বাক্য H1697
מְאֹד খুব H3966
בְּפִיךָ তোমার-মুখে H6310
וּבִלְבָבְךָ এবং-তোমার-হৃদয়ে H3824
לַעֲשֹׂתוֹ׃ করতে-তা
ס —

না, সে বাক্য তোমাদের খুব কাছে, তোমাদের মুখে ও হৃদয়ে রয়েছে যাতে তা পালন করতে পার|

15
רְאֵה দেখ H7200
נָתַתִּי আমি-দিয়েছি H5414
לְפָנֶיךָ তোমার-সামনে H6440
הַיּוֹם আজ H3117
אֶת־ -কে H0853
הַחַיִּים সেই-জীবন
וְאֶת־ এবং--কে H0853
הַטּוֹב সেই-মঙ্গল
וְאֶת־ এবং--কে H0853
הַמָּוֶת সেই-মৃত্যু H4194
וְאֶת־ এবং--কে H0853
הָרָע׃ সেই-অমঙ্গল

“আজ জীবন ও মৃত্যু অথবা ভাল ও মন্দের মধ্যে তোমাদের একটি মনোনীত করতে দিয়েছি|

16
אֲשֶׁר যা
אָנֹכִי আমি H0595
מְצַוְּךָ তোমাকে-আদেশ-দিচ্ছি H6680
הַיּוֹם আজ H3117
לְאַהֲבָה ভালোবাসতে H0157
אֶת־ -কে H0853
יְהוָה যিহোবাকে H3068
אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বরকে H0430
לָלֶכֶת চলতে H3212
בִּדְרָכָיו তাঁর-পথে H1870
וְלִשְׁמֹר এবং-পালন-করতে H8104
מִצְוֺתָיו তাঁর-আজ্ঞাগুলি H4687
וְחֻקֹּתָיו এবং-তাঁর-বিধিগুলি H2708
וּמִשְׁפָּטָיו এবং-তাঁর-বিচারগুলি H4941
וְחָיִיתָ এবং-তুমি-বাঁচবে H2421
וְרָבִיתָ এবং-তুমি-বৃদ্ধি-পাবে
וּבֵרַכְךָ এবং-আশীর্বাদ-করবেন-তোমাকে H1288
יְהוָה যিহোবা H3068
אֱלֹהֶיךָ তোমার-ঈশ্বর H0430
בָּאָרֶץ সেই-দেশে H0776
אֲשֶׁר־ যেখানে-
אַתָּה তুমি
בָא־ যাচ্ছ- H0935
שָׁמָּה সেখানে H8033
לְרִשְׁתָּהּ׃ অধিকার-করতে-তা H3423

প্রভু, তোমাদের ঈশ্বরকে, ভালবাসতে, তাঁকে অনুসরণ এবং তাঁর সমস্ত আজ্ঞা, বিধি ও নিয়মসকল পালন করতে আজ আমি তোমাদের আজ্ঞা করছি| তাহলে তোমরা বাঁচবে এবং তোমাদের জাতি আরও বৃদ্ধি পাবে এবং যে দেশ অধিকার করতে যাচ্ছ, প্রভু তোমাদের ঈশ্বর সেই দেশে তোমাদের আশীর্বাদ করবেন|

17

וְאִם־	এবং-যদি-	
יִפְנֶה	ফিরে-যায়	H6437
לְבָבְךָ	তোমার-হৃদয়	H3824
וְלֹא	এবং-না	H3808
תִשְׁמָע	শুনবে	H8085
וְנִדַּחְתָּ	এবং-তুমি-তাড়িত-হবে	H5080
וְהִשְׁתַּחֲוִיתָ	এবং-প্রণাম-করবে	H7812
לֵאלֹהִים	দেবতাদের-কে	H0430
אֲחֵרִים	অন্য	H0312
וַעֲבַדְתָּם׃	এবং-সেবা-করবে-তাদের	H5647

কিন্তু যদি তোমরা প্রভুর থেকে তোমাদের হৃদয় ফিরিয়ে নাও এবং তাঁর কথা শুনতে সম্মত না হও, যদি অন্য দেবতার পূজা ও সেবা করার জন্য মনস্থির করে থাক,

18

הִגַּדְתִּי	আমি-জানাচ্ছি	H5046
לָכֶם	তোমাদের-কে	
הַיּוֹם	আজ	H3117
כִּי	যে	
אָבֹד	ধ্বংস-হয়ে	H0006
תֹּאבֵדוּן	তোমরা-ধ্বংস-হবে	H0006
לֹא־	না-	H3808
תַאֲרִיכֻן	তোমরা-দীর্ঘায়ু-হবে	H0748
יָמִים	দিন	H3117
עַל־	-উপর	
הָאֲדָמָה	সেই-ভূমি	H0127
אֲשֶׁר	যেখানে	
אַתָּה	তুমি	
עֹבֵר	পার-হচ্ছ	
אֶת־	-কে	H0853
הַיַּרְדֵּן	যর্দন	H3383
לָבֹא	যেতে	H0935
שָׁמָּה	সেখানে	H8033
לְרִשְׁתָּהּ׃	অধিকার-করতে-তা	H3423

তাহলে তোমরা ধ্বংস হবে| আমি তোমাদের সাবধান করে দিচ্ছি, যদি তোমরা প্রভুর থেকে হৃদয় ফিরিয়ে নাও তবে যর্দন নদীর অপর পারের যে দেশে তোমরা প্রবেশ করার জন্য প্রস্তুত, সেখানে তোমরা দীর্ঘজীবি হবে না|

19

הַעִידֹתִי	আমি-সাক্ষ্য-রাখছি	
בָכֶם	তোমাদের-বিরুদ্ধে	
הַיּוֹם	আজ	H3117
אֶת־	-কে	H0853
הַשָּׁמַיִם	আকাশকে	H8064
וְאֶת־	এবং--কে	H0853
הָאָרֶץ	পৃথিবীকে	H0776
הַחַיִּים	সেই-জীবন	
וְהַמָּוֶת	এবং-সেই-মৃত্যু	H4194
נָתַתִּי	আমি-দিয়েছি	H5414
לְפָנֶיךָ	তোমার-সামনে	H6440
আর-গায়কদের	আর-দ্বাররক্ষকদের	আর-উপহার	-যাজকদের
H7891	H7778	H8641	H3548

কিন্তু এ ঘটনা ঘটার আগে ইলিয়াশীব মন্দিরের একটি ঘর টোবিয়কে দিয়েছিলেন। ইলিয়াশীব ছিলেন মন্দিরের ভাঁড়ার ঘরগুলির ভারপ্রাপ্ত যাজক আর টোবিয় ছিলেন তাঁরই ঘনিষ্ঠ বন্ধু। যে ঘরটি তিনি দিয়েছিলেন সেই ঘরটিতে দান হিসেবে পাওয়া শস্য, ধুপকাঠি সুগন্ধী বস্তু ও ঈশ্বরের মন্দিরের বাসন-কোসন ছাড়াও দ্রাক্ষারস, লেবীয় গায়কদের ও দ্বাররক্ষীদের ব্যবহারের তেল ও যাজকদের পাওয়া উপহার সামগ্রীগুলি থাকত। কিন্তু তা সত্ত্বেও ইলিয়াশীব ওই ঘরটি তাঁর বন্ধুকে দিয়েছিলেন।

6

וּבְכָל־	זֶה	לֹא	הָיִיתִי	בִּירוּשָׁלִָם	כִּי	בִּשְׁנַת	שְׁלֹשִׁים	וּשְׁתַּיִם	לְאַרְתַּחְשַׁסְתְּא
আর-সমস্ত-তে	এই	না	ছিলাম	-যিরূশালেমে	কারণ	-সালে	বত্রিশ	আর-দুই	-অর্তখশস্তের
H3605	H2088	H3808	H1961	H3389		H8141	H7970	H8147	

מֶלֶךְ־	בָּבֶל	בָּאתִי	אֶל־	הַמֶּלֶךְ	וּלְקֵץ	יָמִים	נִשְׁאַלְתִּי	מִן־	הַמֶּלֶךְ׃
রাজা-	বাবিলের	এসেছিলাম	-তে	-রাজার	আর-শেষে	দিনগুলির	অনুমতি-চাইলাম	-থেকে	-রাজার
H4428	H0894	H0935	H0413	H4428	H7093	H3117	H7592		H4428

এ ঘটনা যখন ঘটে, আমি তখন জেরুশালেমে ছিলাম না। সে সময় অর্থাৎ রাজা অর্তক্ষস্তের রাজত্বের 32 বছরের মাথায়, আমি আবার বাবিলে তাঁর সঙ্গে দেখা করতে যাই ও তাঁর সম্মতি নিয়ে আবার জেরুশালেমে ফিরে আসি।

7

וָאָבוֹא	לִירוּשָׁלִָם	וָאָבִינָה	בָרָעָה	אֲשֶׁר	עָשָׂה	אֶלְיָשִׁיב	לְטוֹבִיָּה
আর-এসেছিলাম	-তে-যিরূশালেমে	আর-বুঝলাম	-মন্দ	যা	করেছিল	ইলিয়াশীব	-টোবিয়ের-জন্য
H0935	H3389	H0995				H0475	H2900

לַעֲשׂוֹת	לוֹ	נִשְׁכָּה	בְּחַצְרֵי	בֵּית	הָאֱלֹהִים׃
বানাতে	তার-জন্য	কক্ষ	-উঠানে	বাড়ি	-ঈশ্বরের
		H5393			H0430

ফিরে আসার পর আমি ইলিয়াশীবের এই দুঃখজনক কাজের কথা জানতে পেরে খুবই রেগে যাই।

8

וַיֵּרַע	לִי	מְאֹד	וָאַשְׁלִיכָה	אֶת־	כָּל־	כְּלֵי	בֵית־	טוֹבִיָּה	הַחוּץ
আর-মন্দ-লাগল	আমার	অত্যন্ত	আর-ছুড়ে-ফেললাম	-কে	সকল-	পাত্রগুলি	বাড়ি-	টোবিয়ের	-বাইরে
		H3966	H7993	H0853	H3605	H3627		H2900	H2351

מִן־	הַלִּשְׁכָּה׃
-থেকে	-কক্ষ
	H3957

ইলিয়াশীবের মতো একজন ব্যক্তিকিনা স্বয়ং ঈশ্বরের মন্দিরের একটি ঘর টোবিয়কে দিয়ে দিয়েছে!

9

וָֽאֹמְרָה	וַֽיְטַהֲרוּ	הַלְּשָׁכוֹת	וָֽאָשִׁיבָה	שָּׁם	כְּלֵי	בֵּית	הָאֱלֹהִים	אֶת־	הַמִּנְחָה	וְהַלְּבוֹנָה׃	פ
আর-বললাম	আর-পবিত্র-করল	-কক্ষগুলি	আর-ফিরিয়ে-আনলাম	সেখানে	পাত্রগুলি	বাড়ি	-ঈশ্বরের	-কে	-নৈবেদ্য	আর-কুন্দুরু	—
H0559	H2891	H3957	H7725	H8033	H3627		H0430	H0854	H4503	H3828	

আমি ঐ ঘরগুলিকে পরিষ্কার ও শুচি করার আদেশ দিই| তারপর আমি মন্দিরের থালাগুলি, শস্য নৈবেদ্য এবং ধুপধুনো ঐ ঘরগুলোতে রেখে দিই|

10

וָאֵדְעָה	כִּֽי־	מְנָיוֹת	הַלְוִיִּם	לֹא	נִתָּנָה	וַיִּבְרְחוּ	אִישׁ־	לְשָׂדֵהוּ	הַלְוִיִּם	וְהַמְשֹׁרְרִים	עֹשֵׂי	הַמְּלָאכָה׃
আর-জানলাম	যে-	অংশগুলি	-লেবীয়দের	না	দেওয়া-হয়েছিল	আর-পালিয়ে-গিয়েছিল	প্রত্যেকে-	তার-মাঠে	-লেবীয়েরা	আর-গায়কেরা	করতেরা	-কাজ
H3045		H4521	H3881	H3808	H5414	H1272	H0376		H3881	H7891		H4399

আমি একবার জানতে পারি, যে লোকেরা তাদের প্রতিশ্রুতি মতো লেবীয় ও গায়কদের শস্য ও খরচাপাতি না দেওয়ায় তারা নিজেদের ক্ষেতে কাজ করতে যেতে বাধ্য হয়েছে|

11

וָאָרִיבָה	אֶת־	הַסְּגָנִים	וָאֹמְרָה	מַדּוּעַ	נֶעֱזַב	בֵּית־	הָאֱלֹהִים	וָֽאֶקְבְּצֵם	וָאַעֲמִדֵם	עַל־	עָמְדָם׃
আর-তর্ক-করলাম	-কে	-কর্মকর্তাদের	আর-বললাম	কেন	পরিত্যক্ত-হয়েছে	বাড়ি-	-ঈশ্বরের	আর-জড়ো-করলাম-তাদের	আর-দাঁড়-করালাম-তাদের	-উপরে	তাদের-স্থানে
H7378	H0854	H5461	H0559	H4069			H0430	H6908	H5975		H5977

আমি দায়িত্বাধীন ব্যক্তিদের ডেকে জিজ্ঞেস করলাম, “তোমরা কেন ঈশ্বরের মন্দিরের ঠিকমতো দেখাশোনা করো নি?” এরপর আমি সব লেবীয়দের একত্র করলাম এবং তাদের নিজেদের জায়গায় ও মন্দিরের কাজে ফিরে যেতে আদেশ দিলাম|

12

וְכָל־	יְהוּדָה	הֵבִיאוּ	מַעְשַׂר	הַדָּגָן	וְהַתִּירוֹשׁ	וְהַיִּצְהָר	לָאוֹצָרוֹת׃
আর-সকল-	যিহূদা	আনল	দশমাংশ	-শস্যের	আর-নতুন-দ্রাক্ষারসের	আর-তেলের	-ভাণ্ডারগুলিতে
H3605	H3063	H0935	H4643	H1715	H8492	H3323	H0214

তখন যিহূদার সকলে প্রতিশ্রুতি অনুযায়ী নিজেদের শস্য, দ্রাক্ষারস ও তেলের এক দশমাংশ মন্দিরে নিয়ে এলো এবং সেগুলি ভাঁড়ার ঘরে জড়ো করল|

13

וָאוֹצְרָה	עַל־	אוֹצָרוֹת	שֶֽׁלֶמְיָה	הַכֹּהֵן	וְצָדוֹק	הַסּוֹפֵר	וּפְדָיָה	מִן־	הַלְוִיִּם	וְעַל־	יָדָם	חָנָן	בֶּן־	זַכּוּר	בֶּן־	מַתַּנְיָה	כִּי	נֶֽאֱמָנִים	נֶחְשָׁבוּ	וַעֲלֵיהֶם	לַחֲלֹק	לַאֲחֵיהֶם׃	פ
আর-তত্ত্বাবধায়ক-করলাম	-উপরে	ভাণ্ডারগুলির	শেলেমিয়	-যাজক	আর-সাদোক	-লেখক	আর-পদায়া	-থেকে	-লেবীয়দের	আর-উপরে	তাদের-হাতে	হানন	পুত্র-	সক্কুরের	পুত্র-	মত্তনিয়ের	কারণ	বিশ্বস্ত	গণ্য-হয়েছিল	আর-তাদের-উপরে	বিতরণ-করতে	তাদের-ভাইদের-জন্য	—
H0686		H0214	H8018	H3548	H6659		H6305		H3881		H3027	H2605		H2139		H4983		H0539	H2803			H0251	

আমি শেলিমিয় নামে এক যাজককে, সাদোক নামে একজন শিক্ষককে ও পদায় নামে এক লেবীয়কে ভাঁড়ার ঘরের দায়িত্ব দিলাম| মৎতনয়ের পৌত্র ও সক্কুরের পুত্র হাননকে তাদের সহকারী হিসেবে নিযুক্তকরলাম| আমি জানতাম, আমি এদের ওপর ভরসা করতে পারি| এদের কাজ ছিল ভাঁড়ার ঘরের জিনিসপত্র তাদের আত্মীয়দের মধ্যে বিলিবন্টন করা|

14

זָכְרָה־	לִּי	אֱלֹהַי	עַל־	זֹאת	וְאַל־	תֶּמַח	חֲסָדַי	אֲשֶׁר
স্মরণ-করুন-	আমার-জন্য	আমার-ঈশ্বর	-উপরে	এর	আর-মুছে-না	মুছে-ফেলো	আমার-মঙ্গলের	যা
H2142		H0430		H2063	H0408			

עָשִׂיתִי	בְּבֵית	אֱלֹהַי	וּבְמִשְׁמָרָיו׃
করেছি	-বাড়িতে	আমার-ঈশ্বরের	আর-তার-পাহারাদলে
		H0430	H4929

হে ঈশ্বর, এই সমস্ত কাজের জন্য তুমি আমাকে মনে রেখো| আমার ঈশ্বরের মন্দির ও তাঁর কাজ পরিচালনার জন্য আমি ভক্তিভরে যা করেছি তা যেন তুমি ভুলে যেও না|

15

בַּיָּמִים	הָהֵמָּה	רָאִיתִי	בִיהוּדָה	דֹּרְכִים־	גִּתּוֹת	בַּשַּׁבָּת	וּמְבִיאִים
-দিনগুলিতে	সেই	দেখলাম	-যিহূদায়	মাড়াই-করতে-	দ্রাক্ষাকলগুলি	-বিশ্রামবারে	আর-আনতেছিল
H3117	H1992	H7200	H3063	H1869	H1660	H7676	H0935

הָעֲרֵמוֹת	וְעֹמְסִים	עַל־	הַחֲמֹרִים	וְאַף־	יַיִן	עֲנָבִים	וּתְאֵנִים	וְכָל־
-স্তূপগুলি	আর-বোঝাই-করতেছিল	-উপরে	-গাধাদের	আর-ও	দ্রাক্ষারস	আঙুর	আর-ডুমুর	আর-সকল-
H6194	H6006		H2543	H0637	H3196	H6025	H8384	H3605

מַשָּׂא	וּמְבִיאִים	יְרוּשָׁלִַם	בְּיוֹם	הַשַּׁבָּת	וָאָעִיד	בְּיוֹם	מִכְרָם	צָיִד׃
বোঝা	আর-আনতেছিল	যিরূশালেমে	-দিনে	-বিশ্রামবারের	আর-সাক্ষ্য-দিলাম	-দিনে	তাদের-বিক্রির	খাদ্যদ্রব্য
	H0935	H3389	H3117	H7676		H3117	H4376	

সেই সময়, আমি দেখলাম যে, বিশ্রামের দিনও যিহূদায় লোকে দ্রাক্ষারস বানানোর জন্য দ্রাক্ষা নিংড়ানোর কাজ করছে| আমি দেখলাম যে লোকে শস্য বয়ে এনে গাধার পিঠে তা বোঝাই করছে, তারা দ্রাক্ষা এবং অন্যান্য জিনিষপত্রও বিশ্রামের দিনে জেরুশালেমে নিয়ে আসছে| আমি তখন এই সব লোকদের সতর্ক করে দিয়ে বলি যে বিশ্রামের দিন কোন রকম খাবারদাবার বিক্রি করা তাদের উচিৎ নয়|

16

וְהַצֹּרִים	יָשְׁבוּ	בָהּ	מְבִיאִים	דָּאג	וְכָל־	מֶכֶר	וּמֹכְרִים	בַּשַּׁבָּת
আর-সোরীয়রা	বাস-করত	তাতে	আনতেছিল	মাছ	আর-সকল-	বিক্রয়যোগ্য	আর-বিক্রি-করত	-বিশ্রামবারে
H6876	H3427		H0935	H1709	H3605	H4377	H4376	H7676

לִבְנֵי	יְהוּדָה	וּבִירוּשָׁלִָם׃
-সন্তানদের-কে	যিহূদার	আর-যিরূশালেমে
	H3063	H3389

জেরুশালেমে, সোর শহরের কিছু লোক বাস করতো| তারা মাছ ও অন্যান্য অনেক জিনিসপত্র বিশ্রামের দিন জেরুশালেমে নিয়ে এসে বিক্রি করত, আর ইহুদীরাও সেই সব জিনিসপত্র কিনত|

17

וָאָרִיבָה	אֵת	חֹרֵי	יְהוּדָה	וָאֹמְרָה	לָהֶם	מָה־	הַדָּבָר	הָרָע	הַזֶּה
আর-তর্ক-করলাম	-কে	অভিজাতদের	যিহূদার	আর-বললাম	তাদের-কে	কী-	-বিষয়	-মন্দ	এই
H7378	H0854	H2715	H3063	H0559		H4100	H1697		H2088

אֲשֶׁר	אַתֶּם	עֹשִׂים	וּמְחַלְּלִים	אֶת־	יוֹם	הַשַּׁבָּת׃
যা	তোমরা	করছ	আর-অপবিত্র-করছ	-কে	দিন	-বিশ্রামবারের
				H0853	H3117	H7676

আমি যিহূদার গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গকে ডেকে বললাম, তারা ঠিক মতো কাজ করছে না| "তোমরা অত্যন্ত খারাপ কাজ করছো| বিশ্রামের দিনটিকেও তোমরা অন্যান্য যে কোন সাধারণ দিনের পর্যাযে নিয়ে যাচ্ছো|

18

הֲלוֹא	כֹה	עָשׂוּ	אֲבֹתֵיכֶם	וַיָּבֵא	אֱלֹהֵינוּ	עָלֵינוּ	אֵת
কি-না	এইরকম	করেছিল	তোমাদের-পিতৃপুরুষেরা	আর-এনেছিলেন	আমাদের-ঈশ্বর	আমাদের-উপরে	-কে
H3808	H3541		H0001	H0935	H0430		H0853

כָּל־	הָרָעָה	הַזֹּאת	וְעַל	הָעִיר	הַזֹּאת	וְאַתֶּם	מוֹסִיפִים	חָרוֹן	עַל־	יִשְׂרָאֵל
সকল-	-মন্দ	এই	আর-উপরে	-নগর	এই	আর-তোমরা	যোগ-করছ	ক্রোধ	-উপরে	ইস্রায়েলের
H3605		H2063			H2063		H0935	H2740		H3478

לְחַלֵּל	אֶת־	הַשַּׁבָּת׃	פ
অপবিত্র-করতে	-কে	-বিশ্রামবার	—
	H0853	H7676	

তোমরা অবগত আছো যে, আমাদের পূর্বপুরুষরাও ঠিক একই ভুল করেছিল, এবং তার জন্য ঈশ্বর আমাদের ও এই শহরকে দুর্যোগ ও বিপত্তির মুখে ঠেলে দিয়েছিলেন| এখন, তোমরা বিশ্রামের দিনটাকে সাধারণ দিনের মতো ব্যবহার করে ইস্রায়েলের ওপর আরও ক্রোধ নিয়ে আসছ|”

וַיִּסָּגְר֣וּ	וָאֹמְרָ֗ה	הַשַּׁבָּ֔ת	לִפְנֵ֣י	יְרוּשָׁלִַ֜ם	שַׁעֲרֵ֨י	צָֽלֲל֜וּ	כַּאֲשֶׁ֨ר	וַיְהִ֡י	19
আর-বন্ধ-হল	আর-বললাম	-বিশ্রামবারের	আগে	যিরূশালেমের	দরজাগুলি	ছায়া-পড়ল	যখন	আর-হল	
H5462	H0559	H7676	H6440	H3389	H8179	H6751		H1961	

וּמִנְּעָרַ֗י	הַשַּׁבָּ֑ת	אַחַ֣ר	עַ֖ד	יִפְתָּח֔וּם	לֹ֣א	אֲשֶׁ֣ר	וָאֹֽמְרָ֗ה	הַדְּלָת֔וֹת
আর-আমার-যুবকদের-থেকে	-বিশ্রামবার	পরে	পর্যন্ত	খোলা-হবে	না	যে	আর-বললাম	-দরজাগুলি
H5288	H7676		H5704		H3808		H0559	

הַשַּׁבָּֽת׃	בְּי֥וֹם	מַשָּׂ֖א	יָב֥וֹא	לֹא־	הַשְּׁעָרִ֔ים	עַל־	הֶֽעֱמַ֙דְתִּי֙
-বিশ্রামবারের	-দিনে	বোঝা	প্রবেশ-করবে	না-	-দরজাগুলির	-উপরে	দাঁড়-করালাম
H7676	H3117		H0935	H3808	H8179		H5975

আমি তখন দ্বাররক্ষীদের প্রতি শুক্রবার, ঠিক অন্ধকার নামার আগে জেরুশালেমের দরজাগুলি বন্ধ করে তালা দেবার নির্দেশ দিয়ে বলি শনিবারের পবিত্র দিনটি না কাটা পর্যন্ত যেন দরজা কোনো মতেই খোলা না হয়| আমি আমার নিজের বিশ্বস্ত লোককে ফটকের কাছে রেখে দিলাম ও তাদের ফটকগুলোর ওপর লক্ষ্য রাখতে নির্দেশ দিই যাতে বিশ্রামের দিন জেরুশালেমে কোন বোঝা না বহন করে আনা হয়|

פַּ֥עַם	לִירוּשָׁלִָ֖ם	מִח֥וּץ	מִמְכָּ֛ר	כָל־	וּמֹכְרֵ֧י	הָרֹכְלִ֜ים	וַיָּלִ֨ינוּ	20
এক-বার	-যিরূশালেমের	বাইরে	বিক্রয়যোগ্য	সকল-	আর-বিক্রেতারা	-ব্যবসায়ীরা	আর-রাত-কাটাল	
H6471	H3389	H2351	H4465	H3605	H4376	H7402		

וּשְׁתָּֽיִם׃
আর-দুইবার
H8147

একবার কি দুবার বনিকরা জেরুশালেমের ফটকের বাইরে রাত্রিবাস করেছিল|

הַחוֹמָ֗ה	נֶ֣גֶד	לֵנִ֣ים	אַתֶּם֙	מַדּ֨וּעַ	אֲלֵיהֶ֜ם	וָאֹמְרָ֣ה	בָהֶ֗ם	וָאָעִ֣ידָה	21
-প্রাচীরের	সামনে	রাত-কাটাচ্ছ	তোমরা	কেন	তাদের-কে	আর-বললাম	তাদের-বিরুদ্ধে	আর-সাক্ষ্য-দিলাম	
H2346	H5048			H4069	H0413	H0559			

בָּ֖אוּ	לֹא־	הַהִ֔יא	הָעֵ֣ת	מִן־	בָּכֶ֑ם	אֶשְׁלַ֣ח	יָ֖ד	תִּשְׁנ֔וּ	אִם־
আসল	না-	সেই	-সময়	-থেকে	তোমাদের-বিরুদ্ধে	ছাড়ব	হাত	পুনরাবৃত্তি-করবে	যদি-
H0935	H3808	H1931	H6256			H7971	H3027		

ס	בַּשַּׁבָּֽת׃
—	-বিশ্রামবারে
	H7676

আমি তাদের সতর্ক করে দিয়ে বলেছিলাম যে, তারা যদি জেরুশালেমের দেওয়ালের বাইরে রাত্রিবাস করে তাদের গ্রেপ্তার করা হবে| তারপর থেকে তারা আর কখনও বিশ্রামের দিনে তাদের জিনিসপত্র বিক্রি করতে আসেনি|

הַשְּׁעָרִ֔ים	שֹׁמְרִ֣ים	וּבָאִים֙	מִֽטַּהֲרִ֗ים	יִהְי֣וּ	אֲשֶׁ֨ר	לַלְוִיִּ֜ם	וָאֹמְרָ֣ה	22
-দরজাগুলির	পাহারাদারেরা	আর-আসবে	পবিত্রকারী	হবে	যে	-লেবীয়দের-কে	আর-বললাম	
H8179	H8104	H0935	H2891	H1961		H3881	H0559	

אֱלֹהַ֔י	לִּ֣י	זָכְרָה־	זֹאת֙	גַּם־	הַשַּׁבָּ֑ת	י֣וֹם	אֶת־	לְקַדֵּ֖שׁ
আমার-ঈশ্বর	আমার-জন্য	স্মরণ-করুন-	এটা	ও-	-বিশ্রামবারের	দিন	-কে	পবিত্র-করতে
H0430		H2142	H2063	H1571	H7676	H3117	H0853	H6942

פ	חַסְדֶּֽךָ׃	כְּרֹ֥ב	עָלַ֖י	וְח֥וּסָה
—	তোমার-দয়ার	-অনুসারে-বৃহৎ	আমার-উপরে	আর-দয়া-করুন
		H7230		H2347

এরপর আমি লেবীয়দের নিজেদের শুচি হতে আদেশ দিলাম| তারপর, তাদের ফটকগুলিতে মোতায়েন করা হল, যাতে কেউ বিশ্রামের দিনের পবিত্রতা নষ্ট না করতে পারে| হে ঈশ্বর, দয়া করে এসব কাজগুলি স্মরণে রেখো এবং আমার প্রতি তোমার মহতী করুণা দেখিও|

23

גַּם	בַּיָּמִים	הָהֵם	רָאִיתִי	אֶת־	הַיְּהוּדִים	הֹשִׁיבוּ	נָשִׁים	]אשדודיות[
ও-	-দিনগুলিতে	সেই	দেখলাম	-কে	-ইহুদীদের	বসতি-স্থাপন-করেছিল	স্ত্রীরা	[অশদোদীয়]
H1571	H3117	H1992	H7200	H0853	H3064	H3427	H0802	H0796

)אַשְׁדֳּדִיּוֹת(	]עמוניות[	)עַמֳּנִיּוֹת(	מוֹאֲבִיּוֹת׃
(অশদোদীয়)	[অম্মোনীয়]	(অম্মোনীয়)	মোয়াবীয়
H0796	H5984	H5984	H4125

সে সময়ে আমি লক্ষ্য করি, কিছু যিহুদা ব্যক্তিঅস্‌দোদ, অম্মোন ও মোয়াবের মেয়েদের বিয়ে করেছে|

24

וּבְנֵיהֶם	חֲצִי	מְדַבֵּר	אַשְׁדּוֹדִית	וְאֵינָם	מַכִּירִים	לְדַבֵּר	יְהוּדִית
আর-তাদের-সন্তানেরা	অর্ধেক	বলতেছিল	অশদোদীয়	আর-না	চিনতেছিল	বলতে	যিহুদী
	H2677	H1696	H0797	H0369		H1696	H3066

וְכִלְשׁוֹן	עַם	וָעָם׃
আর-ভাষার-অনুসারে	জাতি	আর-জাতির
H3956		

এই সব বিবাহগুলির দরুণ, ছেলেমেয়েদের অর্ধেক ইহুদীদের ভাষায় কথা বলতে পারে না| এই সব শিশুরা অস্‌দোদ, অম্মোন ও মোয়াবের ভাষায় কথা বলতো|

25

וָאָרִיב	עִמָּם	וָאֲקַלְלֵם	וָאַכֶּה	מֵהֶם	אֲנָשִׁים
আর-তর্ক-করলাম	তাদের-সঙ্গে	আর-অভিশাপ-দিলাম-তাদের	আর-মারলাম	তাদের-থেকে	পুরুষদের
H7378		H7043	H5221	H1992	H0376

וָאֶמְרְטֵם	וָאַשְׁבִּיעֵם	בֵּאלֹהִים	אִם־	תִּתְּנוּ	בְנֹתֵיכֶם
আর-টানলাম-তাদের	আর-শপথ-করালাম-তাদের	-ঈশ্বরের-দ্বারা	যদি-	দেবে	তোমাদের-কন্যাদের
H4803	H7650	H0430		H5414	H1323

לִבְנֵיהֶם	וְאִם־	תִּשְׂאוּ	מִבְּנֹתֵיהֶם	לִבְנֵיכֶם	וְלָכֶם׃
তাদের-পুত্রদের-কে	আর-যদি-	গ্রহণ-করবে	-থেকে-তাদের-কন্যাদের	তোমাদের-পুত্রদের-জন্য	আর-তোমাদের-জন্য
		H5375	H1323		

আমি এই সব লোকদের তিরস্কার করে বললাম, তারা ভুল করেছে| আমি তাদের কয়েক জনকে আঘাত করে তাদের চুলের মুঠি ধরলাম| আমি তাদের ঈশ্বরের সামনে প্রতিজ্ঞা করতে বাধ্য করলাম| আমি তাদের বললাম, “তোমরা এই সব বিদেশী লোকদের মেয়েদের বিয়ে করবে না| আর তোমাদের ছেলেদেরও এই সব বিদেশীদের মেয়েকে বিয়ে করতে দেবে না|

26

הֲלוֹא	עַל־	אֵלֶּה	חָטָא־	שְׁלֹמֹה	מֶלֶךְ	יִשְׂרָאֵל	וּבַגּוֹיִם	הָרַבִּים
কি-না	-উপরে	এইগুলি	পাপ-করেছিল-	শলোমন	রাজা	ইস্রায়েলের	আর-জাতিগুলির-মধ্যে	-অনেক
H3808		H0428	H2398	H8010	H4428	H3478		

לֹא־	הָיָה	מֶלֶךְ	כָּמֹהוּ	וְאָהוּב	לֵאלֹהָיו	הָיָה	וַיִּתְּנֵהוּ	אֱלֹהִים	מֶלֶךְ
না-	ছিল	রাজা	তার-মত	আর-প্রিয়	তার-ঈশ্বরের-কাছে	ছিল	আর-দিলেন-তাকে	ঈশ্বর	রাজা
H3808	H1961	H4428	H3644	H0157	H0430	H1961	H5414	H0430	H4428

עַל־	כָּל־	יִשְׂרָאֵל	גַּם־	אוֹתוֹ	הֶחֱטִיאוּ	הַנָּשִׁים	הַנָּכְרִיּוֹת׃
-উপরে	সকল-	ইস্রায়েলের	ও-	তাকে	পাপ-করিয়েছিল	-স্ত্রীরা	-বিদেশীয়
	H3605	H3478	H1571	H0853	H2398	H0802	H5237

তোমরা তো জানো, এই ধরণের বিয়ের জন্য শলোমনের কি শাস্তি হয়েছিল| আর কোন দেশে শলোমনের মতো মহান রাজা ছিল না| ঈশ্বর শলোমনকে ভালোবাসতেন| তিনি তাঁকে সমগ্র ইস্রায়েলের রাজা করেছিলেন| কিন্তু তার বিদেশী স্ত্রীদের প্রভাবের জন্য শলোমনও পাপাচরণ করেছিল|

27

וְלָכֶם	הֲנִשְׁמַע	לַעֲשֹׂת	אֵת	כָּל־	הָרָעָה	הַגְּדוֹלָה	הַזֹּאת	לִמְעֹל
আর-তোমাদের-জন্য	কি-শোনা-হবে	করতে	-কে	সকল-	-মন্দ	-বড়	এই	বিশ্বাসঘাতকতা-করতে
	H8085		H0853	H3605			H2063	H4603

בֵּאלֹהֵינוּ	לְהֹשִׁיב	נָשִׁים	נָכְרִיּוֹת׃
আমাদের-ঈশ্বরের-বিরুদ্ধে	বসতি-স্থাপন-করতে	স্ত্রীরা	বিদেশীয়
H0430	H3427	H0802	H5237

আর এখন আমরা দেখছি, তোমরাও এই ভয়ানক পাপাচরণ করছো। তোমরা ঈশ্বরের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করছো না। তোমরা বিদেশী নারীদের বিবাহ করছো।”

28
וּמִבְּנֵ֞י আর-থেকে-সন্তানদের
יוֹיָדָ֤ע যোয়াদার H3111
בֶּן־ পুত্র-
אֶלְיָשִׁיב֙ ইলিয়াশীবের H0475
הַכֹּהֵ֣ן -যাজকের H3548
הַגָּד֔וֹל -মহানের
חָתָ֖ן জামাতা H2860
לְסַנְבַלַּ֣ט -সন্বল্লটের H5571
הַחֹרֹנִ֑י -হরোণীয়ের H2772
וָאַבְרִיחֵ֖הוּ আর-তাড়িয়ে-দিলাম-তাকে H1272
מֵעָלָֽי׃ আমার-থেকে

ইলিয়াশীবের পুত্র যিহোয়াদা ছিলেন মহাযাজক। যিহোয়াদার এক পুত্র হোরোণের সন্বল্লটের জামাতা ছিল। আমি তাকে এই জায়গা ছেড়ে পালিয়ে যেতে বাধ্য করি।

29
זָכְרָ֖ה স্মরণ-করুন H2142
לָהֶ֣ם তাদের-জন্য H1992
אֱלֹהָ֑י আমার-ঈশ্বর H0430
עַ֚ל -উপরে
גָּאֳלֵ֣י কলঙ্কারীদের H1352
הַכְּהֻנָּ֔ה -যাজকত্বের H3550
וּבְרִ֥ית আর-চুক্তি H1285
הַכְּהֻנָּ֖ה -যাজকত্বের H3550
וְהַלְוִיִּֽם׃ আর-লেবীয়দের H3881

হে ঈশ্বর, তুমি এই সব লোকদের শাস্তি দাও। এরা যাজকবৃত্তিকে কলুষিত করেছে। তারা তাদের যাজক বৃত্তিকে অপবিত্র করেছিল। তুমি যাজক ও লেবীয়দের সঙ্গে যে চুক্তিকরেছিলে, এরা তা পালন করেনি।

30
וְטִֽהַרְתִּ֖ים আর-পবিত্র-করলাম-তাদের H2891
מִכָּל־ সকল-থেকে H3605
נֵכָ֑ר বিদেশীত্ব H5236
וָאַעֲמִ֨ידָה আর-দাঁড়-করালাম H5975
מִשְׁמָר֜וֹת পাহারাদলগুলি H4931
לַכֹּהֲנִ֧ים -যাজকদের-জন্য H3548
וְלַלְוִיִּ֛ם আর-লেবীয়দের-জন্য H3881
אִ֥ישׁ প্রত্যেকে H0376
בִּמְלַאכְתּֽוֹ׃ তার-কাজে H4399

আমি তাই যাজক ও লেবীয়দের পবিত্র ও পরিচ্ছন্ন করেছিলাম। আমি সমস্ত বিদেশীয়দের সরিয়ে দিয়েছিলাম, এবং আমি লেবীয়দের ও যাজকদের তাদের কর্তব্য ও দায়িত্ব অর্পন করেছিলাম।

31
וּלְקֻרְבַּ֨ן আর-উপহারের-জন্য
הָעֵצִ֜ים -কাঠগুলির H6086
בְּעִתִּ֧ים -সময়গুলিতে H6256
מְזֻמָּנ֛וֹת নির্ধারিত H2163
וְלַבִּכּוּרִ֖ים আর-প্রথমফলের-জন্য H1061
זָכְרָה־ স্মরণ-করুন- H2142
לִּ֥י আমার-জন্য
אֱלֹהַ֖י আমার-ঈশ্বর H0430
לְטוֹבָֽה׃ -মঙ্গলের-জন্য

লোকরা যাতে উপহারস্বরূপ তাদের প্রথম ফল, ফসল এবং কাঠ নির্দ্দেশিত সময় নিয়ে আসে আমি তার ব্যবস্থা করেছিলাম। হে আমার ঈশ্বর, এই সব ভাল কাজ করার জন্য আমাকে তুমি মনে রেখো।

Esther

Chapter 1

1	וַיְהִי	בִּימֵי	אֲחַשְׁוֵרוֹשׁ	הוּא	אֲחַשְׁוֵרוֹשׁ	הַמֹּלֵךְ	מֵהֹדּוּ	וְעַד־	כּוּשׁ
	ও-হল	-দিনগুলিতে	অহশ্বেরশের	তিনি	অহশ্বেরশ	-যিনি-রাজত্ব-করছিলেন	-থেকে-হোদ্দু	ও-পর্যন্ত	কূশ
	H1961	H3117	H0325	H1931	H0325		H1912	H5704	

שֶׁבַע	וְעֶשְׂרִים	וּמֵאָה	מְדִינָה׃
সাত	ও-কুড়ি	ও-এক-শত	প্রদেশ
H7651	H6242	H3967	H4082

মহারাজ অহশ্বেরশের রাজত্বকালে এই ঘটনা ঘটেছিল| অহশ্বেরশ ভারতবর্ষ থেকে কূশ দেশ পর্যন্ত বিস্তৃত 127 টি প্রদেশের শাসনকর্তা ছিলেন|

2	בַּיָּמִים	הָהֵם	כְּשֶׁבֶת	הַמֶּלֶךְ	אֲחַשְׁוֵרוֹשׁ	עַל	כִּסֵּא	מַלְכוּתוֹ	אֲשֶׁר
	-দিনগুলিতে	-সেই	যখন-বসা-ছিলেন	-রাজা	অহশ্বেরশ	-উপরে	সিংহাসনে	তাঁর-রাজত্বের	যা
	H3117	H1992	H3427	H4428	H0325		H3678	H4438	

בְּשׁוּשַׁן	הַבִּירָה׃
শূশনে	-রাজপ্রাসাদে
H7800	H1002

তাঁর রাজধানী শূশনের সিংহাসনে অধিষ্ঠিত হয়ে তিনি সাম্রাজ্য শাসন করতেন|

3	בִּשְׁנַת	שָׁלוֹשׁ	לְמָלְכוֹ	עָשָׂה	מִשְׁתֶּה	לְכָל־	שָׂרָיו	וַעֲבָדָיו	חֵיל	פָּרַס
	-বছরে	তৃতীয়	তাঁর-রাজত্বের	করলেন	ভোজ	-সকল	তাঁর-সভাসদদের	ও-তাঁর-দাসদের	সেনাবাহিনী	পারস্য
	H8141	H7969			H4960	H3605	H8269	H5650	H2428	H6539

וּמָדַי	הַפַּרְתְּמִים	וְשָׂרֵי	הַמְּדִינוֹת	לְפָנָיו׃
ও-মাদয়	-সম্ভ্রান্তগণ	ও-সভাসদগণ	-প্রদেশগুলির	তাঁর-সম্মুখে
H4074	H6579	H8269	H4082	H6440

রাজা অহশ্বেরশের রাজত্বের তৃতীয় বছরে তিনি তাঁর আধিকারিক ও নেতাদের জন্য একটি ভোজসভার আয়োজন করেছিলেন| পারস্য ও মাদিয়ার সেনাবাহিনীর প্রধান সহ সমস্ত গুরুত্বপূর্ণ নেতা ও প্রশাসকরা সেই সভায় উপস্থিত ছিলেন|

4	בְּהַרְאֹתוֹ	אֶת־	עֹשֶׁר	כְּבוֹד	מַלְכוּתוֹ	וְאֶת־	יְקָר	תִּפְאֶרֶת	גְּדוּלָּתוֹ	יָמִים
	তাঁর-দেখানোর-সময়ে	-কে	ঐশ্বর্য	গৌরব	তাঁর-রাজত্বের	ও-কে	সম্মান	জাঁকজমক	তাঁর-মহত্ত্বের	দিন
	H7200	H0853	H6239	H3519	H4438	H0853	H3366	H8597	H1420	H3117

רַבִּים	שְׁמוֹנִים	וּמְאַת	יוֹם׃
অনেক	আশি	ও-একশত	দিন
	H8084	H3967	H3117

এই ভোজসভা একটানা 180 দিন ধরে চলেছিল| সেই সময়, রাজা অহশ্বেরশ সবাইকে তাঁর সাম্রাজ্যের বিপুল সম্পদ, তাঁর রাজপ্রাসাদের রাজকীয় সৌন্দর্য ও ঐশ্বর্য প্রদর্শন করেছিলেন|

5

וּבִמְלוֹאת	הַיָּמִים	הָאֵלֶּה	עָשָׂה	הַמֶּלֶךְ	לְכָל־	הָעָם	הַנִּמְצְאִים	בְּשׁוּשַׁן
ও-পূর্ণ-হলে	-দিনগুলি	-এই	করলেন	-রাজা	-সকল	-লোকদের	-যারা-উপস্থিত-ছিল	শূশনে
H4390	H3117	H0428		H4428	H3605		H4672	H7800

הַבִּירָה	לְמִגָּדוֹל	וְעַד־	קָטָן	מִשְׁתֶּה	שִׁבְעַת	יָמִים	בַּחֲצַר	גִּנַּת	בִּיתַן	הַמֶּלֶךְ׃
-রাজপ্রাসাদে	-থেকে-মহান	ও-পর্যন্ত	ক্ষুদ্র	ভোজ	সাত	দিন	-উঠানে	বাগানে	মণ্ডপে	-রাজার
H1002		H5704		H4960	H7651	H3117		H1594	H1055	H4428

এই 180 দিন শেষ হবার পর তিনি তাঁর প্রাসাদের ভেতরের বাগানে সাতদিন ব্যাপী আরো একটি ভোজসভার আয়োজন করেছিলেন| রাজধানী শূশনের সব চেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিথেকে শুরু করে সাধারণ লোক সকলকেই সেই ভোজসভায় আমন্ত্রণ জানানো হয়|

6

חוּר	כַּרְפַּס	וּתְכֵלֶת	אָחוּז	בְּחַבְלֵי־	בוּץ	וְאַרְגָּמָן	עַל־	גְּלִילֵי	כֶסֶף
সাদা	মসৃণ-কাপড়	ও-নীল	বাঁধা	-দড়ি-দিয়ে	মিহি-সুতির	ও-বেগুনি	-উপরে	রূপার-আংটায়	রূপার
H2353	H3768	H8504	H0270		H0948	H0713			H3701

וְעַמּוּדֵי	שֵׁשׁ	מִטּוֹת	זָהָב	וָכֶסֶף	עַל	רִצְפַת	בַּהַט־	וָשֵׁשׁ	וְדַר	וְסֹחָרֶת׃
ও-স্তম্ভ	মর্মরের	শয্যা	সোনার	ও-রূপার	-উপরে	মেঝে	স্ফটিক	ও-মর্মর	ও-মুক্তা	ও-কালো-পাথর
H5982		H4296	H2091	H3701			H0923		H1858	H5508

প্রাসাদের ভেতরের বাগানে সাদা ও নীল রঙের দামী লিনেন কাপড়ের চাঁদোয়া টাঙ্গানো ছিল| শ্বেতপাথরের স্তম্ভে রূপোর আংটায় লিনেনের সাদা ও বেগুনী কাপড়ের দড়ি দিয়ে সেগুলি ঝোলানো হয়| বহুমূল্য পাথর, যেমন মুক্তো, শ্বেতপাথর এবং অন্যান্য পাথর খচিত মেঝেতে বসানো ছিল সোনা ও রূপোর তৈরী কেদারা|

7

וְהַשְׁקוֹת	בִּכְלֵי	זָהָב	וְכֵלִים	מִכֵּלִים	שׁוֹנִים	וְיֵין	מַלְכוּת	רָב
ও-পরিবেশন-করা-হত	-পাত্রে	সোনার	ও-পাত্র	-থেকে-পাত্র	বিভিন্ন	ও-রাজকীয়-দ্রাক্ষারস	রাজকীয়	প্রচুর
H8248	H3627	H2091	H3627	H3627		H3196	H4438	

כְּיַד	הַמֶּלֶךְ׃
-অনুসারে-হাত	-রাজার
H3027	H4428

সোনার পানপাত্রে দ্রাক্ষারস পরিবেশন করা হত| এই পানপাত্রগুলি ছিল বিভিন্ন আকারের| রাজা অহশ্বেরশ খুবই বদান্য ছিলেন বলে সেখানে সুরার প্রাচুর্য ছিল|

8

וְהַשְּׁתִיָּה	כַדָּת	אֵין	אֹנֵס	כִּי־	כֵן	יִסַּד	הַמֶּלֶךְ	עַל
ও-পান-করা	নিয়ম-অনুসারে	ছিল-না	জবরদস্তি	কারণ	এইভাবে	আদেশ-দিয়েছিলেন	-রাজা	-কে
H8360	H1881	H0369	H0597			H3245	H4428	

כָּל־	רַב	בֵּיתוֹ	לַעֲשׂוֹת	כִּרְצוֹן	אִישׁ־	וָאִישׁ׃
-সকল	কর্মকর্তা	তাঁর-গৃহের	করতে	-অনুসারে-ইচ্ছা	প্রত্যেক	ব্যক্তির
H3605				H7522	H0376	H0376

অহশ্বেরশ খুবই উদার প্রকৃতির ছিলেন| তিনি দ্রাক্ষারসবাহক ভৃত্যদের নির্দেশ দিয়েছিলেন, অতিথিদের যেন তাদের পছন্দ মতো দ্রাক্ষারস পরিবেশন করা হয়| আর তাঁর পরিবেশকরাও রাজাজ্ঞা অনুযায়ী অঢেল পরিমাণ দ্রাক্ষারস পরিবেশন করেছিল|

9

גַּם	וַשְׁתִּי	הַמַּלְכָּה	עָשְׂתָה	מִשְׁתֵּה	נָשִׁים	בֵּית	הַמַּלְכוּת	אֲשֶׁר	לַמֶּלֶךְ	אֲחַשְׁוֵרוֹשׁ׃
-ও	বষ্টী	-রাণী	করলেন	ভোজ	মহিলাদের	রাজপ্রাসাদে	-রাজকীয়	যা	-রাজা	অহশ্বেরশের
H1571	H2060	H4436		H4960	H0802		H4438		H4428	H0325

ס

একই সময়, রাণী বষ্টীও রাজপ্রাসাদে মহিলাদের জন্য একটি আলাদা ভোজসভার ব্যবস্থা করেছিলেন|

10

בַּיּוֹם	הַשְּׁבִיעִי	כְּטוֹב	לֵב־	הַמֶּלֶךְ	בַּיָּיִן	אָמַר	לִמְהוּמָן	בִּזְּתָא	חַרְבוֹנָא
-দিনে	-সপ্তম	যখন-ভালো-ছিল	হৃদয়	-রাজার	-দ্রাক্ষারসে	বললেন	মহূমনকে	বিসথাকে	হর্বোনাকে
H3117	H7637			H4428	H3196	H0559	H4104	H0968	H2726

בִּגְתָא	וַאֲבַגְתָא	זֵתַר	וְכַרְכַּס	שִׁבְעַת	הַסָּרִיסִים	הַמְשָׁרְתִים	אֶת־	פְּנֵי
বিগথাকে	ও-অবগথাকে	সেথরকে	ও-কর্কসকে	সাত	-নপুংসকদের	-যারা-সেবা-করত	-কে	সম্মুখে
H0903	H0005	H2242	H3752	H7651	H5631	H8334	H0854	H6440

הַמֶּלֶךְ	אֲחַשְׁוֵרוֹשׁ׃
-রাজা	অহশ্বেরশের
H4428	H0325

ভোজসভার সপ্তম দিনে দ্রাক্ষারস পান করবার পর প্রফুল্ল মনে রাজা অহশ্বেরশ, মহূমন, বিস্থা, হর্বোণা, বিগ্থা, অবগথ, সেথর, কর্কস প্রমুখ সাত জন পরিবেশনকারী নপুংসককে আদেশ করলেন রাণী বষ্টীকে সম্রাজ্ঞীর মুকুট পরিয়ে সেখানে নিয়ে আসতে| তিনি চাইছিলেন সভায় উপস্থিত গণ্যমান্য অতিথিদের রাণী বষ্টী তাঁর সৌন্দর্য প্রদর্শন করুন| কারণ রানী বষ্টী ছিলেন খুবই সুন্দরী|

11

לְהָבִיא	אֶת־	וַשְׁתִּי	הַמַּלְכָּה	לִפְנֵי	הַמֶּלֶךְ	בְּכֶתֶר	מַלְכוּת	לְהַרְאוֹת	הָעַמִּים
আনতে	-কে	বষ্টী	-রাণীকে	সম্মুখে	-রাজার	-সহিত-মুকুট	রাজকীয়	দেখাতে	-লোকদের
H0935	H0853	H2060	H4436	H6440	H4428	H3804	H4438	H7200	

וְהַשָּׂרִים	אֶת־	יָפְיָהּ	כִּי־	טוֹבַת	מַרְאֶה	הִיא׃
ও-সভাসদদের	-কে	তার-সৌন্দর্য	কারণ	সুন্দর	দেখতে	ছিলেন-তিনি
H8269	H0853	H3308			H4758	H1931

ভোজসভার সপ্তম দিনে দ্রাক্ষারস পান করবার পর প্রফুল্ল মনে রাজা অহশ্বেরশ, মহূমন, বিস্থা, হর্বোণা, বিগ্থা, অবগথ, সেথর, কর্কস প্রমুখ সাত জন পরিবেশনকারী নপুংসককে আদেশ করলেন রাণী বষ্টীকে সম্রাজ্ঞীর মুকুট পরিয়ে সেখানে নিয়ে আসতে| তিনি চাইছিলেন সভায় উপস্থিত গণ্যমান্য অতিথিদের রাণী বষ্টী তাঁর সৌন্দর্য প্রদর্শন করুন| কারণ রানী বষ্টী ছিলেন খুবই সুন্দরী|

12

וַתְּמָאֵן	הַמַּלְכָּה	וַשְׁתִּי	לָבוֹא	בִּדְבַר	הַמֶּלֶךְ	אֲשֶׁר	בְּיַד	הַסָּרִיסִים
ও-অস্বীকার-করলেন	-রাণী	বষ্টী	আসতে	-বাক্যে	-রাজার	যা	-হাতে	-নপুংসকদের
H3985	H4436	H2060	H0935	H1697	H4428		H3027	H5631

וַיִּקְצֹף	הַמֶּלֶךְ	מְאֹד	וַחֲמָתוֹ	בָּעֲרָה	בוֹ׃
ও-ক্রুদ্ধ-হলেন	-রাজা	অত্যন্ত	ও-তাঁর-ক্রোধ	জ্বলে-উঠল	তাঁর-মধ্যে
H7107	H4428	H3966	H2534		

কিন্তু রাজার ভৃত্যরা গিয়ে যখন রাণীকে তাঁর আদেশের কথা জানালো, তিনি রাজার সভায় আসতে রাজী হলেন না| এর ফলে রাজা খুবই ক্রুদ্ধ হলেন|

13

וַיֹּאמֶר	הַמֶּלֶךְ	לַחֲכָמִים	יֹדְעֵי	הָעִתִּים	כִּי־	כֵּן	דְּבַר	הַמֶּלֶךְ	לִפְנֵי	כָּל־
ও-বললেন	-রাজা	-জ্ঞানীদের	যারা-জানত	-সময়	কারণ	এইভাবে	বিষয়	-রাজার	সম্মুখে	-সকল
H0559	H4428	H2450	H3045	H6256			H1697	H4428	H6440	H3605

יֹדְעֵי	דָּת	וָדִין׃
যারা-জানত	বিধি	ও-বিচার
H3045	H1881	H1779

প্রচলিত প্রথা অনুযায়ী, রাজা বিধি ও শাস্তি সম্পর্কে বিচক্ষণ ব্যক্তিবর্গের সঙ্গে এ নিয়ে আলোচনা করলেন| কর্শনা, শেথর, অদ্মাখা, তর্শীশ, মেরস, মর্সনা, মমূখন প্রমুখ এই সাত জন পরামর্শদাতা ছিলেন রাজার খুবই ঘনিষ্ঠ এবং পারস্য ও মাদিয়ার সর্বাপেক্ষা উচ্চপদস্থ আধিকারিকবর্গ|

14

וְהַקָּרֹב	אֵלָיו	כַּרְשְׁנָא	שֵׁתָר	אַדְמָתָא	תַרְשִׁישׁ	מֶרֶס	מַרְסְנָא	מְמוּכָן	שִׁבְעַת	שָׂרֵי
ও-নিকটতম	তাঁর-কাছে	কর্শনা	শেথর	অদ্মাথা	তর্শীশ	মেরস	মর্সনা	মমূখন	সাত	সভাসদ
H7138	H0413	H3771	H8369	H0133	H8659	H4825	H4826	H4462	H7651	H8269

פָּרַס	וּמָדַי	רֹאֵי	פְּנֵי	הַמֶּלֶךְ	הַיֹּשְׁבִים	רִאשֹׁנָה	בַּמַּלְכוּת׃
পারস্য	ও-মাদয়	যারা-দেখত	মুখ	-রাজার	যারা-বসত	প্রথমে	-রাজ্যে
H6539	H4074	H7200	H6440	H4428	H3427	H7223	H4438

প্রচলিত প্রথা অনুযায়ী, রাজা বিধি ও শাস্তি সম্পর্কে বিচক্ষণ ব্যক্তিবর্গের সঙ্গে এ নিয়ে আলোচনা করলেন| কর্শনা, শেথর, অদ্মাখা, তর্শীশ, মেরস, মর্সনা, মমূখন প্রমুখ এই সাত জন পরামর্শদাতা ছিলেন রাজার খুবই ঘনিষ্ঠ এবং পারস্য ও মাদিয়ার সর্বাপেক্ষা উচ্চপদস্থ আধিকারিকবর্গ|

15

כְּדָת	বিধি-অনুসারে	H1881
מַה־	কী	H4100
לַעֲשׂוֹת	করা-হবে	
בַּמַּלְכָּה	-রাণী	H4436
וַשְׁתִּי	বষ্টীকে	H2060
עַל	-কারণ	
אֲשֶׁר	যা	
לֹא־	না	H3808
עָשְׂתָה	করেছেন-তিনি	
אֶת־	-কে	H0853
מַאֲמַר	আদেশ	H3982
הַמֶּלֶךְ	-রাজা	H4428
אֲחַשְׁוֵרוֹשׁ	অহশ্বেরশের	H0325
בְּיַד	-হাতে	H3027
הַסָּרִיסִים׃	-নপুংসকদের	H5631
ס		

রাজা তাঁদের জিজ্ঞেস করলেন, “বিধি অনুযায়ী রাণী বষ্টীকে কি শাস্তি দেওয়া যেতে পারে? কারণ রাজা অহশ্বেরশের যে আদেশ নপুংসক ভৃত্যরা তাঁর কাছে নিয়ে গিয়েছিল তা তিনি পালন করেন নি|”

16

וַיֹּאמֶר	ও-বলল	H0559
[מומכן]		H4462
(מְמוּכָן)	মমূখন	H4462
לִפְנֵי	সম্মুখে	H6440
הַמֶּלֶךְ	-রাজার	H4428
וְהַשָּׂרִים	ও-সভাসদদের	H8269
לֹא	না	H3808
עַל־	-বিরুদ্ধে	
הַמֶּלֶךְ	-রাজার	H4428
לְבַדּוֹ	একাকী	H0905
עָוְתָה	অন্যায়-করেছেন	
וַשְׁתִּי	বষ্টী	H2060
הַמַּלְכָּה	-রাণী	H4436
כִּי	কিন্তু	
עַל־	-বিরুদ্ধে	
כָּל־	-সকল	H3605
הַשָּׂרִים	-সভাসদদের	H8269
וְעַל־	ও-বিরুদ্ধে	
כָּל־	-সকল	H3605
הָעַמִּים	-লোকদের	
אֲשֶׁר	যারা	
בְּכָל־	-সকল	H3605
מְדִינוֹת	প্রদেশগুলিতে	H4082
הַמֶּלֶךְ	-রাজা	H4428
אֲחַשְׁוֵרוֹשׁ׃	অহশ্বেরশের	H0325

তখন আধিকারিক মমূখন অন্যান্য আধিকারিকদের উপস্থিতিতে রাজাকে বললেন: “রাণী বষ্টী রাজার প্রতি অন্যায় করেছেন এবং রাজা অহশ্বেরশের সাম্রাজ্যের সমস্ত রাজ্যের সকল নেতা ও লোকদের প্রতি অন্যায় করেছেন|

17

כִּי־	কারণ	
יֵצֵא	বের-হবে	H3318
דְבַר־	কথা	H1697
הַמַּלְכָּה	-রাণীর	H4436
עַל־	-কাছে	
כָּל־	-সকল	H3605
הַנָּשִׁים	-নারীদের	H0802
לְהַבְזוֹת	অবজ্ঞা-করতে	H0959
בַּעְלֵיהֶן	তাদের-স্বামীদের	H1167
בְּעֵינֵיהֶן	তাদের-চোখে	
בְּאָמְרָם	বলার-সময়ে	H0559
הַמֶּלֶךְ	-রাজা	H4428
אֲחַשְׁוֵרוֹשׁ	অহশ্বেরশ	H0325
אָמַר	বলেছিলেন	H0559
לְהָבִיא	আনতে	H0935
אֶת־	-কে	H0853
וַשְׁתִּי	বষ্টী	H2060
הַמַּלְכָּה	-রাণীকে	H4436
לְפָנָיו	তাঁর-সম্মুখে	H6440
וְלֹא־	ও-না	H3808
בָאָה׃	এলেন	H0935

কারণ সাম্রাজ্যের অন্যান্য নারীরা এই ঘটনার কথা জানার পর, তারাও তাদের স্বামীদের নির্দেশ অমান্য করবে| আর তখন প্রশ্ন করলে তারা সকলেই রাণী বষ্টীর দৃষ্টান্ত দিয়ে বলবে, ‘রাজা অহশ্বেরশের রানী বষ্টীকে তাঁর সামনে আসতে আদেশ করেছিলেন কিন্তু তিনি তা করতে অস্বীকার করেছিলেন|’

18

וְהַיּוֹם	ও-আজ	H3117
הַזֶּה	-এই	H2088
תֹּאמַרְנָה	বলবেন	H0559
שָׂרוֹת	সভানেত্রীরা	H8282
פָּרַס־	পারস্য	H6539
וּמָדַי	ও-মাদয়ের	H4074
אֲשֶׁר	যারা	
שָׁמְעוּ	শুনেছে	H8085
אֶת־	-কে	H0853
דְּבַר	কথা	H1697
הַמַּלְכָּה	-রাণীর	H4436
לְכָל	-কে-সকল	H3605
שָׂרֵי	সভাসদদের	H8269
הַמֶּלֶךְ	-রাজার	H4428
וּכְדַי	ও-যথেষ্ট	H1767
בִּזָּיוֹן	অবজ্ঞা	H0963
וָקָצֶף׃	ও-ক্রোধ	

“পারস্য ও মাদিয়ার গণ্যমান্য ব্যক্তিদের স্ত্রীরা রাণীর এই ব্যবহার স্বচক্ষে দেখলেন| এর দ্বারা প্রভাবিত হয়ে তাঁরাও এবার রাজার আধিকারিকদের সঙ্গে এই একই ব্যবহার করবেন এবং ফলতঃ গৃহবিবাদ ও অশান্তির সূচনা হবে|”

19

אִם־	যদি	
עַל־	-কাছে	
הַמֶּ֣לֶךְ	-রাজার	H4428
ט֗וֹב	ভালো	H2895
יֵצֵ֤א	বের-হোক	H3318
דְבַר־	রাজকীয়-বাক্য	H1697
מַלְכוּת֙	রাজকীয়	H4438
מִלְּפָנָ֔יו	তাঁর-সম্মুখ-থেকে	H6440
וְיִכָּתֵ֛ב	ও-লেখা-হোক	H3789
בְּדָתֵ֥י	-বিধিতে	H1881
פָרַס־	পারস্য	H6539
וּמָדַ֖י	ও-মাদয়ের	H4074
וְלֹ֣א	ও-না	H3808
יַעֲב֑וֹר	রদ-হবে	
אֲשֶׁ֨ר	যে	
לֹא־	না	H3808
תָב֜וֹא	আসবেন	H0935
וַשְׁתִּ֗י	বষ্টী	H2060
לִפְנֵי֙	সম্মুখে	H6440
הַמֶּ֣לֶךְ	-রাজা	H4428
אֲחַשְׁוֵר֔וֹשׁ	অহশ্বেরশের	H0325
וּמַלְכוּתָהּ֙	ও-তাঁর-রাজত্ব	H4438
יִתֵּ֣ן	দেবেন	H5414
הַמֶּ֔לֶךְ	-রাজা	H4428
לִרְעוּתָ֖הּ	তাঁর-সঙ্গিনীকে	H7468
הַטּוֹבָ֥ה	-উত্তম	
מִמֶּֽנָּה׃	তাঁর-চেয়ে	

"সুতরাং মহারাজ যদি ইচ্ছা করেন তবে আমার পরামর্শ: রাজার নামে এবং পারস্য ও মাদিয়ার রাজার শাসনমতে একথা লেখা হোক্, "বষ্টী যেন আর কখনও রাজাকে নিজের মুখ না দেখান৷" বষ্টী যেন আর কখনও এই প্রাসাদে পা না রাখেন এবং রাজা তাঁর রাণীর পদ কোন যোগ্যতর নারীকে দেন৷

20

וְנִשְׁמַע֩	ও-শোনা-যাবে	H8085
פִּתְגָ֨ם	আদেশ	H6599
הַמֶּ֤לֶךְ	-রাজার	H4428
אֲשֶׁר־	যা	
יַעֲשֶׂה֙	করবেন-তিনি	
בְּכָל־	-সকল	H3605
מַלְכוּת֔וֹ	তাঁর-রাজ্যে	H4438
כִּ֥י	কারণ	
רַבָּ֖ה	বড়	
הִ֑יא	তা	H1931
וְכָל־	ও-সকল	H3605
הַנָּשִׁ֗ים	-নারীরা	H0802
יִתְּנ֤וּ	দেবে	H5414
יְקָר֙	সম্মান	H3366
לְבַעְלֵיהֶ֔ן	তাদের-স্বামীদের	H1167
לְמִגָּד֖וֹל	-থেকে-মহান	
וְעַד־	ও-পর্যন্ত	H5704
קָטָֽן׃	ক্ষুদ্র	

রাজার এই আদেশ যখন তাঁর সুবিস্তৃত সাম্রাজ্যে ঘোষণা করা হবে একমাত্র তখনই সবচেয়ে গণ্যমান্য থেকে একেবারে তুচ্ছ সমস্ত মহিলারা তাদের স্বামীকে শ্রদ্ধা করবে৷"

21

וַיִּיטַב֙	ও-ভালো-লাগল	H3190
הַדָּבָ֔ר	-কথা	H1697
בְּעֵינֵ֥י	-চোখে	
הַמֶּ֖לֶךְ	-রাজার	H4428
וְהַשָּׂרִ֑ים	ও-সভাসদদের	H8269
וַיַּ֥עַשׂ	ও-করলেন	
הַמֶּ֖לֶךְ	-রাজা	H4428
כִּדְבַ֥ר	-অনুসারে-কথা	H1697
מְמוּכָֽן׃	মমূখনের	H4462

রাজা অহশ্বেরশ এবং তাঁর আধিকারিকদের এই উপদেশ পছন্দ হল৷ তাই রাজা মমূখনের উপদেশ অনুযায়ীই কাজ করলেন৷

22

וַיִּשְׁלַ֤ח	ও-পাঠালেন	H7971
סְפָרִים֙	পত্র	
אֶל־	-কাছে	H0413
כָּל־	-সকল	H3605
מְדִינ֣וֹת	প্রদেশগুলিতে	H4082
הַמֶּ֔לֶךְ	-রাজার	H4428
אֶל־	-কাছে	H0413
מְדִינָ֤ה	প্রদেশে	H4082
וּמְדִינָה֙	ও-প্রদেশে	H4082
כִּכְתָבָ֔הּ	তার-লিপি-অনুসারে	H3791
וְאֶל־	ও-কাছে	H0413
עַ֥ם	লোক	
וָעָ֖ם	ও-লোক	
כִּלְשׁוֹנ֑וֹ	তার-ভাষা-অনুসারে	H3956
לִֽהְי֤וֹת	হতে	H1961
כָּל־	-সকল	H3605
אִישׁ֙	পুরুষ	H0376
שֹׂרֵ֣ר	কর্তা	H8323
בְּבֵית֔וֹ	তার-গৃহে	
וּמְדַבֵּ֖ר	ও-বলবে	H1696
כִּלְשׁ֥וֹן	-ভাষায়	H3956
עַמּֽוֹ׃	তার-জাতির	
פ		

অহশ্বেরশ তাঁর রাজ্যের প্রতিটি অঞ্চলে প্রতিটি ভাষায় চিঠি পাঠালেন যে প্রত্যেকটি পুরুষ তার পরিবারের শাসক হবে৷

Chapter 2

1

אַחַר֙	পরে	
הַדְּבָרִ֣ים	-বিষয়গুলি	H1697
הָאֵ֔לֶּה	-এই	H0428
כְּשֹׁ֕ךְ	যখন-শান্ত-হল	H7918
חֲמַ֖ת	ক্রোধ	H2534
הַמֶּ֣לֶךְ	-রাজা	H4428
אֲחַשְׁוֵר֑וֹשׁ	অহশ্বেরশের	H0325
זָכַ֤ר	স্মরণ-করলেন	H2142
אֶת־	-কে	H0853
וַשְׁתִּי֙	বষ্টীকে	H2060
וְאֵ֣ת	ও-কে	H0853
אֲשֶׁר־	যা	
עָשָׂ֔תָה	তিনি-করেছিলেন	
וְאֵ֥ת	ও-কে	H0853
אֲשֶׁר־	যা	
נִגְזַ֖ר	স্থির-হয়েছিল	H1504
עָלֶֽיהָ׃	তাঁর-বিরুদ্ধে	

পরে রাজা অহশ্বেরশের রাগ কমলে বষ্টী কি কি করেছেন এবং তাঁর বিরুদ্ধে তিনি কি নির্দেশ দিয়েছেন, সে কথা তাঁর মনে পড়লো।

2 וַיֹּאמְרוּ נַעֲרֵי־ הַמֶּלֶךְ מְשָׁרְתָיו יְבַקְשׁוּ לַמֶּלֶךְ נְעָרוֹת בְּתוּלוֹת טוֹבוֹת
ও-বলল যুবকেরা -রাজার -যারা-তাঁকে-সেবা-করত অন্বেষণ-হোক -রাজার-জন্য যুবতীরা কুমারী সুন্দর
H0559 H5288 H4428 H8334 H1245 H4428 H5291 H1330

מַרְאֶה׃
দেখতে
H4758

রাজার ব্যক্তিগত ভৃত্যরা তখন তাঁর জন্য সুন্দরী কুমারী কন্যা অনুসন্ধানের প্রস্তাব করলো। তারা বলল, “প্রথমে মহারাজ স্বয়ং তাঁর শাসনাধীন প্রত্যেকটি প্রদেশে একজন নেতা বেছে নেবেন।

3 וְיַפְקֵד הַמֶּלֶךְ פְּקִידִים בְּכָל־ מְדִינוֹת מַלְכוּתוֹ וְיִקְבְּצוּ אֶת־ כָּל־
ও-নিযুক্ত-করুন -রাজা কর্মকর্তাদের -সকল প্রদেশগুলিতে তাঁর-রাজ্যের ও-সংগ্রহ-করুন -কে -সকল
H4428 H6496 H3605 H4082 H4438 H6908 H0853 H3605

נַעֲרָה־ בְתוּלָה טוֹבַת מַרְאֶה אֶל־ שׁוּשַׁן הַבִּירָה אֶל־ בֵּית הַנָּשִׁים אֶל־ יַד
যুবতী কুমারী সুন্দর দেখতে -কাছে শূশন -রাজপ্রাসাদে -কাছে গৃহে -নারীদের -কাছে হাতে
H5291 H1330 H4758 H0413 H7800 H1002 H0413 H0802 H0413 H3027

הֵגֶא סְרִיס הַמֶּלֶךְ שֹׁמֵר הַנָּשִׁים וְנָתוֹן תַּמְרוּקֵיהֶן׃
হেগায়ের নপুংসক -রাজার রক্ষক -নারীদের ও-দেওয়া-হোক তাদের-সাজসজ্জা
H1896 H5631 H4428 H8104 H0802 H5414 H8562

এরপর সেই নেতারা তাদের অঞ্চলের সুন্দরী কুমারীদের রাজধানী শূশনে নিয়ে আসবে। তারপর এদের সকলকে রাখা হোক্ রাজঅন্তঃপুরচারিণীদের সঙ্গে মহিলাদের দায়িত্বে যে আছে সেই রাজার নপুংসক হেগয়ের তত্ত্বাবধানে। তারপর তাদের রূপ পরিচর্যা করা হবে।

4 וְהַנַּעֲרָה אֲשֶׁר תִּיטַב בְּעֵינֵי הַמֶּלֶךְ תִּמְלֹךְ תַּחַת וַשְׁתִּי וַיִּיטַב
ও-যে-যুবতী যাকে ভালো-লাগে -চোখে -রাজার রাজত্ব-করবেন-তিনি -স্থানে বষ্টীর ও-ভালো-লাগল
H5291 H3190 H4428 H8478 H2060 H3190

הַדָּבָר בְּעֵינֵי הַמֶּלֶךְ וַיַּעַשׂ כֵּן׃ ס
-কথা -চোখে -রাজার ও-করলেন এইভাবে
H1697 H4428

তারপর রাজা তাদের মধ্যে একজনকে রাণী বষ্টীর (শূন্য) পদে অভিষিক্তকরবেন।” রাজার এই প্রস্তাব মনে ধরায় তিনি এতে সম্মত হলেন।

5 אִישׁ יְהוּדִי הָיָה בְּשׁוּשַׁן הַבִּירָה וּשְׁמוֹ מָרְדֳּכַי בֶּן יָאִיר בֶּן־ שִׁמְעִי
এক ইহুদি ছিলেন শূশনে -রাজপ্রাসাদে ও-তাঁর-নাম মর্দখয় পুত্র যায়ীরের পুত্র শিমিয়ির
H0376 H3064 H1961 H7800 H1002 H8034 H4782 H2971 H8096

בֶּן־ קִישׁ אִישׁ יְמִינִי׃
পুত্র কীশের পুরুষ বিন্যামীনীয়
H7027 H1145 H1145

এসময়ে রাজধানী শূশনে মর্দখয় নামে বিন্যামীনের পরিবারের এক ইহুদী ব্যক্তিবাস করতেন। মর্দখয় ছিলেন যায়ীরের পুত্র ও কীশের পৌত্র।

6 אֲשֶׁר הָגְלָה מִירוּשָׁלַיִם עִם־ הַגֹּלָה אֲשֶׁר הָגְלְתָה
যিনি নির্বাসিত-হয়েছিলেন -থেকে-যিরূশালেম -সঙ্গে -নির্বাসিতদের যাকে নির্বাসিত-হয়েছিলেন-তিনি
H1540 H3389 H1473 H1540

עִם יְכָנְיָה מֶלֶךְ־ יְהוּדָה אֲשֶׁר הֶגְלָה נְבוּכַדְנֶאצַּר מֶלֶךְ בָּבֶל׃
-সঙ্গে যিকনিয় রাজা যিহূদার যাকে নির্বাসিত-করেছিলেন নেবুখদনেৎসর রাজা বাবিলের
H3204 H4428 H3063 H1540 H5019 H4428 H0894

বাবিল-রাজ নবূখদনিৎসর যিহূদা-রাজ যিহোয়াকিনকে অন্যান্য ইহুদীদের সঙ্গে এবং মর্দখয়ের সঙ্গে জেরুশালেম থেকে বন্দী করে নিয়ে যান।

7

וַיְהִ֨י	אֹמֵ֜ן	אֶת־	הֲדַסָּ֗ה	הִ֤יא	אֶסְתֵּר֙	בַּת־	דֹּד֔וֹ	כִּ֛י	אֵ֥ין	לָ֖הּ
ও-হলেন-তিনি	পালক-পিতা	-কে	হদস্সার	তিনি	ইস্তের	কন্যা	তাঁর-কাকার	কারণ	ছিল-না	তার
H1961	H0539	H0853	H1919	H1931	H0635	H1323	H1730		H0369	

אָ֣ב	וָאֵ֑ם	וְהַנַּעֲרָ֤ה	יְפַת־	תֹּ֙אַר֙	וְטוֹבַ֣ת	מַרְאֶ֔ה	וּבְמ֤וֹת	אָבִ֙יהָ֙	וְאִמָּ֔הּ
পিতা	ও-মা	ও-যে-যুবতী	সুন্দর	আকৃতিতে	ও-সুন্দর	দেখতে	ও-যখন-মৃত্যু-হল	তার-পিতার	ও-তার-মায়ের
H0001	H0517	H5291	H3303	H8389		H4758	H4194	H0001	H0517

לְקָחָ֧הּ	מָרְדֳּכַ֛י	ל֖וֹ	לְבַֽת׃
গ্রহণ-করলেন-তাকে	মর্দখয়	তাঁর	-কন্যা-রূপে
H3947	H4782		H1323

মর্দখয়ের হদসা নামে একটি সম্পর্কিত বোন ছিল| পিতা-মাতা না থাকায় মর্দখয় তাকে নিজের কন্যা স্নেহে প্রতিপালন করেন| এই মিষ্টি, রূপসী, স্বাস্থ্যবতী রমণীর আরেকটি নাম ছিল ইষ্টের|

8

וַיְהִ֗י	בְּהִשָּׁמַ֤ע	דְּבַר־	הַמֶּ֙לֶךְ֙	וְדָת֔וֹ	וּֽבְהִקָּבֵ֞ץ	נְעָר֥וֹת	רַבּ֛וֹת	אֶל־	שׁוּשַׁ֥ן
ও-হল	যখন-শোনা-গেল	কথা	-রাজার	ও-তাঁর-বিধি	ও-যখন-সংগ্রহ-হল	যুবতীরা	অনেক	-কাছে	শূশন
H1961	H8085	H1697	H4428	H1881	H6908	H5291		H0413	H7800

הַבִּירָ֖ה	אֶל־	יַ֣ד	הֵגָ֑י	וַתִּלָּקַ֤ח	אֶסְתֵּר֙	אֶל־	בֵּ֣ית	הַמֶּ֔לֶךְ	אֶל־	יַ֥ד
-রাজপ্রাসাদে	-কাছে	হাতে	হেগায়ের	ও-নেওয়া-হলেন	ইস্তের	-কাছে	গৃহে	-রাজার	-কাছে	হাতে
H1002	H0413	H3027	H1896	H3947	H0635	H0413		H4428	H0413	H3027

הֵגַ֖י	שֹׁמֵ֥ר	הַנָּשִֽׁים׃
হেগায়ের	রক্ষক	-নারীদের
H1896	H8104	H0802

রাজ্যে রাজার আদেশ জারি হবার পর রাজধানী শূশনে হেগযের তত্ত্বাবধানে যেসব যুবতীদের আনা হয়েছিল তাদের মধ্যে ইষ্টেরও ছিলেন|

9

וַתִּיטַ֨ב	הַנַּעֲרָ֣ה	בְעֵינָיו֮	וַתִּשָּׂ֣א	חֶ֣סֶד	לְפָנָיו֒	וַ֠יְבַהֵל	אֶת־
ও-ভালো-লাগল	-যুবতী	তার-চোখে	ও-পেলেন-তিনি	অনুগ্রহ	তার-সম্মুখে	ও-তাড়াতাড়ি-করলেন	-কে
H3190	H5291		H5375		H6440	H0926	H0853

תַּמְרוּקֶ֤יהָ	וְאֶת־	מָנוֹתֶ֙הָ֙	לָתֵ֣ת	לָ֔הּ	וְאֵת֙	שֶׁ֣בַע	הַנְּעָר֔וֹת	הָרְאֻי֥וֹת	לָֽתֶת־	לָ֖הּ
তার-সাজসজ্জা	ও-কে	তার-অংশ	দিতে	তাকে	ও-কে	সাত	-দাসীরা	-যারা-উপযুক্ত-ছিল	দিতে	তাকে
H8562	H0853	H4490	H5414		H0853	H7651	H5291	H7200	H5414	

מִבֵּ֣ית	הַמֶּ֑לֶךְ	וַיְשַׁנֶּ֧הָ	וְאֶת־	נַעֲרוֹתֶ֛יהָ	לְט֖וֹב	בֵּ֥ית	הַנָּשִֽׁים׃
-থেকে-গৃহ	-রাজার	ও-বদলি-করলেন-তাকে	ও-কে	তার-দাসীদের	-উত্তমে	গৃহে	-নারীদের
	H4428		H0853	H5291			H0802

হেগয় ইষ্টেরকে পছন্দ করতো| ক্রমে সে হেগয়ের বেশ প্রিয়পাত্রী হয়ে ওঠে এবং হেগয় যত্নসহকারে ইষ্টেরের খাবারদাবার ও রূপ পরিচর্যার ব্যবস্থা করে| রাজপ্রাসাদ থেকে সাত জন পরিচারিকাকে বেছে নিয়ে হেগয় তাদের ইষ্টেরের পরিচর্যায় নিয়োগ করে| তারপর হেগয়, ইষ্টের ও তার সাত পরিচারিকাকে সেখানে স্থানান্তরিত করে যেখানে রাজার মহিলারা বাস করত|

10

לֹא־	הִגִּ֣ידָה	אֶסְתֵּ֔ר	אֶת־	עַמָּ֖הּ	וְאֶת־	מֽוֹלַדְתָּ֑הּ	כִּ֧י	מָרְדֳּכַ֛י	צִוָּ֥ה
না	বলেছিলেন	ইস্তের	-কে	তার-জাতি	ও-কে	তার-বংশ	কারণ	মর্দখয়	আদেশ-দিয়েছিলেন
H3808	H5046	H0635	H0853		H0853	H4138		H4782	H6680

עָלֶ֖יהָ	אֲשֶׁ֥ר	לֹא־	תַגִּֽיד׃
তাকে	যে	না	বলবেন-তিনি
		H3808	H5046

ইষ্টের যে ইহুদী সেকথা ও কাউকে বলেনি| মর্দখয় তাকে তার পারিবারিক বৃত্তান্ত প্রকাশ করতে বারণ করেছিল, সুতরাং সে কারো কাছে কিছু খুলে বলে নি|

11

וּבְכָל־	יוֹם	וָיוֹם	מָרְדֳּכַי	מִתְהַלֵּךְ	לִפְנֵי	חֲצַר	בֵּית־	הַנָּשִׁים	לָדַעַת	אֶת־	שְׁלוֹם
ও-প্রতি	দিন	ও-দিন	মর্দখয়	হাঁটছিলেন	সামনে	উঠানে	গৃহের	-নারীদের	জানতে	-কে	শান্তি
H3605	H3117	H3117	H4782	H1980	H6440			H0802	H3045	H0853	H7965

אֶסְתֵּר	וּמַה־	יֵּעָשֶׂה	בָּהּ׃
ইস্তেরের	ও-কী	করা-হবে	তাকে
H0635	H4100		

প্রত্যেক দিন মর্দখয় এসে রাজঅন্তঃপুরচারিণীদের বাসস্থানের আশেপাশে ঘোরাফেরা করতেন। ইষ্টের কেমন আছে আর তার জীবণে কী ঘটছে জানার জন্যই মর্দখয় রোজ আসতেন।

12

וּבְהַגִּיעַ	תֹּר	נַעֲרָה	וְנַעֲרָה	לָבוֹא׀	אֶל־	הַמֶּלֶךְ	אֲחַשְׁוֵרוֹשׁ	מִקֵּץ	הֱיוֹת	לָהּ
ও-যখন-এসেছিল	পালা	যুবতীর	ও-যুবতীর	যাওয়ার	-কাছে	-রাজা	অহশ্বেরশের	শেষে	হওয়ার	তার
H5060	H8447	H5291	H5291	H0935	H0413	H4428	H0325	H7093	H1961	

כְּדָת	הַנָּשִׁים	שְׁנֵים	עָשָׂר	חֹדֶשׁ	כִּי	כֵּן	יִמְלְאוּ	יְמֵי	מְרוּקֵיהֶן
-বিধি-অনুসারে	-নারীদের	বারো	দশ	মাস	কারণ	এইভাবে	পূর্ণ-হত	দিনগুলি	তাদের-সাজসজ্জার
H1881	H0802	H8147	H6240	H2320			H4390	H3117	H4795

שִׁשָּׁה	חֳדָשִׁים	בְּשֶׁמֶן	הַמֹּר	וְשִׁשָּׁה	חֳדָשִׁים	בַּבְּשָׂמִים	וּבְתַמְרוּקֵי	הַנָּשִׁים׃
ছয়	মাস	-তেলে	-গন্ধরসের	ও-ছয়	মাস	-সুগন্ধিতে	ও-সাজসজ্জায়	-নারীদের
H8337	H2320	H8081	H4753	H8337	H2320	H1314	H8562	H0802

রাজা অহশ্বেরশের সামনে উপস্থিত হবার আগে প্রতিটি মেয়েকে এক বছর ধরে রূপচর্চা করতে হোত। রূপচর্চার জন্য তাদের ছ’মাস সুগন্ধী তেল মাখতে হত এবং তারপর আরো ছ’মাস অন্য উৎকৃষ্টতম সুগন্ধি মাখতে হত।

13

וּבָזֶה	הַנַּעֲרָה	בָּאָה	אֶל־	הַמֶּלֶךְ	אֵת	כָּל־	אֲשֶׁר	תֹּאמַר	יִנָּתֵן	לָהּ	לָבוֹא
ও-এইভাবে	-যুবতী	আসত	-কাছে	-রাজার	-কে	-সকল	যা	বলত	দেওয়া-হত	তাকে	যাওয়ার
H2088	H5291	H0935	H0413	H4428	H0853	H3605		H0559	H5414		H0935

עִמָּהּ	מִבֵּית	הַנָּשִׁים	עַד־	בֵּית	הַמֶּלֶךְ׃
তার-সঙ্গে	-থেকে-গৃহ	-নারীদের	পর্যন্ত	গৃহে	-রাজার
		H0802	H5704		H4428

শুধু মাত্র এভাবেই প্রতিটি যুবতী রাজার সামনে যেতে পারতো! এসময়ে একটি মেয়ের যা কিছু প্রয়োজন রাজঅন্তঃপুর থেকে তা দেওয়া হতো।

14

בָּעֶרֶב׀	הִיא	בָאָה	וּבַבֹּקֶר	הִיא	שָׁבָה	אֶל־	בֵּית	הַנָּשִׁים	שֵׁנִי	אֶל־	יַד
-সন্ধ্যায়	তিনি	যেতেন	ও-সকালে	তিনি	ফিরতেন	-কাছে	গৃহে	-নারীদের	দ্বিতীয়	-কাছে	হাতে
H6153	H1931	H0935	H1242	H1931	H7725	H0413		H0802	H8145	H0413	H3027

שַׁעַשְׁגַז	סְרִיס	הַמֶּלֶךְ	שֹׁמֵר	הַפִּילַגְשִׁים	לֹא־	תָבוֹא	עוֹד	אֶל־	הַמֶּלֶךְ	כִּי
শাশগজের	নপুংসক	-রাজার	রক্ষক	-উপপত্নীদের	না	আসতেন	আর	-কাছে	-রাজার	যদি-না
H8190	H5631	H4428	H8104	H6370	H3808	H0935	H5750	H0413	H4428	

אִם־	חָפֵץ	בָּהּ	הַמֶּלֶךְ	וְנִקְרְאָה	בְשֵׁם׃
পছন্দ-করতেন	সন্তুষ্ট	তাকে-নিয়ে	-রাজা	ও-ডাকা-হত	নামে
			H4428	H7121	H8034

সন্ধ্যায় রাজপ্রাসাদে ঢোকার পর, মেয়েটিকে পর দিন ভোরে প্রাসাদের আরেকটি অংশে, যেখানে অন্য মহিলারা থাকত সেখানে ফিরে আসতে হতো। এরপর তাকে শাশ্গস নামে আরেকজন নপুংসকের তত্ত্বাবধানে রাখা হতো। শাশ্গস ছিল রাজার উপপত্নীদের তত্ত্বাবধায়ক। যতক্ষণ পর্যন্ত না রাজা সন্তুষ্ট হয়ে স্বয়ং ঐ মেয়েদের ডেকে পাঠাতেন ততক্ষণ তারা কখনও রাজার কাছে ফিরে যেতে পারতো না।

15

וּבְהַגִּ֣יעַ	תֹּר־	אֶסְתֵּ֣ר	בַּת־	אֲבִיחַ֣יִל	דֹּ֣ד	מָרְדֳּכַ֡י	אֲשֶׁ֨ר	לָֽקַֽח־	ל֜וֹ
ও-যখন-এসেছিল	পালা	ইস্তেরের	কন্যা	অবীহয়িলের	কাকা	মর্দখয়ের	যিনি	গ্রহণ-করেছিলেন	তাঁর
H5060	H8447	H0635	H1323	H0032	H1730	H4782		H3947	

לְבַ֣ת	לָב֣וֹא	אֶל־	הַמֶּ֗לֶךְ	לֹ֤א	בִקְשָׁה֙	דָּבָ֔ר	כִּ֗י	אִ֚ם	אֶת־	אֲשֶׁ֥ר	יֹאמַ֛ר
-কন্যা-রূপে	যাওয়ার	-কাছে	-রাজার	না	চাইলেন-তিনি	কিছু	কিন্তু	-যা	-কে	যা	বলতেন
H1323	H0935	H0413	H4428	H3808	H1245	H1697			H0853		H0559

הֵגַ֥י	סְרִֽיס־	הַמֶּ֖לֶךְ	שֹׁמֵ֣ר	הַנָּשִׁ֑ים	וַתְּהִ֤י	אֶסְתֵּר֙	נֹשֵׂ֣את	חֵ֔ן	בְּעֵינֵ֖י	כָּל־
হেগয়	নপুংসক	-রাজার	রক্ষক	-নারীদের	ও-ছিলেন	ইস্তের	পেতেন	অনুগ্রহ	-চোখে	-সকলের
H1896	H5631	H4428	H8104	H0802	H1961	H0635	H5375	H2580		H3605

רֹאֶֽיהָ׃
যারা-তাকে-দেখত
H7200

ইষ্টেরের যখন রাজার কাছে যাবার পালা এলো, ইষ্টের কোন কিছু চাইলেন না| শুধু তিনি নপুংসক হেগয়ের পরামর্শ চাইলেন যে, তাঁর সঙ্গে করে কি নিয়ে যাওয়া উচিৎ| (ইষ্টের ছিলেন মর্দখয়ের পোষ্যপুত্রী, তিনি ছিলেন তার মামা অবীহয়িলের কন্য|) ইষ্টেরকে যেই দেখতো সেই পছন্দ করতো|

16

וַתִּלָּקַ֨ח	אֶסְתֵּ֜ר	אֶל־	הַמֶּ֤לֶךְ	אֲחַשְׁוֵרוֹשׁ֙	אֶל־	בֵּ֣ית	מַלְכוּת֔וֹ	בַּחֹ֥דֶשׁ	הָעֲשִׂירִ֖י
ও-নেওয়া-হলেন	ইস্তের	-কাছে	-রাজা	অহশ্বেরশের	-কাছে	গৃহে	তাঁর-রাজকীয়ের	-মাসে	-দশম
H3947	H0635	H0413	H4428	H0325	H0413		H4438	H2320	H6224

הוּא־	חֹ֣דֶשׁ	טֵבֵ֑ת	בִּשְׁנַת־	שֶׁ֖בַע	לְמַלְכוּתֽוֹ׃
তা	মাস	টেবেথ	-বছরে	সাত	তাঁর-রাজত্বের
H1931	H2320	H2887	H8141	H7651	H4438

অতঃপর রাজা অহশ্বেরশের রাজত্বের সপ্তম বছরের দশম মাসে অর্থাৎ টেবেৎ মাসে ইষ্টেরকে রাজার সামনে নিয়ে আসা হল|

17

וַיֶּאֱהַ֨ב	הַמֶּ֤לֶךְ	אֶת־	אֶסְתֵּר֙	מִכָּל־	הַנָּשִׁ֔ים	וַתִּשָּׂא־	חֵ֧ן	וָחֶ֛סֶד
ও-প্রেম-করলেন	-রাজা	-কে	ইস্তেরকে	-থেকে-সকল	-নারীদের	ও-পেলেন-তিনি	অনুগ্রহ	ও-দয়া
H0157	H4428	H0853	H0635	H3605	H0802	H5375	H2580	

לְפָנָ֖יו	מִכָּל־	הַבְּתוּלֹ֑ת	וַיָּ֤שֶׂם	כֶּֽתֶר־	מַלְכוּת֙	בְּרֹאשָׁ֔הּ	וַיַּמְלִיכֶ֖הָ	תַּ֥חַת
তাঁর-সামনে	-থেকে-সকল	-কুমারীদের	ও-রাখলেন	মুকুট	রাজকীয়	তার-মাথায়	ও-রাণী-করলেন-তাকে	-স্থানে
H6440	H3605	H1330		H3804	H4438			H8478

וַשְׁתִּֽי׃
বষ্টীর
H2060

রাজা অন্যান্য মেয়েদের চেয়ে সব চেয়ে বেশি ইষ্টেরকেই ভালবাসলেন এবং তিনি দ্রুত তাঁর প্রিয়তমা হয়ে উঠলেন| এরপর রাজা অহশ্বেরশ ইষ্টেরের মাথায় মুকুট পরিয়ে তাঁকে রাণী বষ্টীর আসনে রাণী হিসেবে অভিষিক্তকরলেন|

18

וַיַּ֨עַשׂ	הַמֶּ֜לֶךְ	מִשְׁתֶּ֣ה	גָד֗וֹל	לְכָל־	שָׂרָיו֙	וַעֲבָדָ֔יו	אֵ֖ת	מִשְׁתֵּ֣ה	אֶסְתֵּ֑ר
ও-করলেন	-রাজা	ভোজ	বড়	-সকল	তাঁর-সভাসদদের	ও-তাঁর-দাসদের	-কে	ভোজ	ইস্তেরের
	H4428	H4960		H3605	H8269	H5650	H0853	H4960	H0635

וַהֲנָחָ֤ה	לַמְּדִינוֹת֙	עָשָׂ֔ה	וַיִּתֵּ֥ן	מַשְׂאֵ֖ת	כְּיַ֥ד	הַמֶּֽלֶךְ׃
ও-বিশ্রাম	-প্রদেশগুলির	করলেন	ও-দিলেন	উপহার	-অনুসারে-হাত	-রাজার
H2010	H4082		H5414	H4864	H3027	H4428

ইষ্টেরের সম্মানে রাজা তাঁর রাজ্যের গুরুত্বপূর্ণ গণ্যমান্য ও সম্ভ্রান্ত ব্যক্তিদের জন্য একটি বড় ভোজসভার আয়োজন করলেন| এছাড়াও প্রত্যেকটি প্রদেশে ছুটি ঘোষণা করা হল ও দাতা রাজা অহশ্বেরশ তাঁর লোকদের অনেক উপহার পাঠালেন|

19

וּבְהִקָּבֵ֥ץ	בְּתוּל֖וֹת	שֵׁנִ֑ית	וּמָרְדֳּכַ֖י	יֹשֵׁ֥ב	בְּשַֽׁעַר־	הַמֶּֽלֶךְ׃
ও-যখন-সংগ্রহ-হল	কুমারীরা	দ্বিতীয়বার	ও-মর্দখয়	বসে-ছিলেন	-দ্বারে	-রাজার
H6908	H1330	H8145	H4782	H3427	H8179	H4428

সমস্ত মেয়েরা যখন দ্বিতীয় বারের জন্য এক সঙ্গে জড়ো হল, মর্দখয় তখন রাজদ্বারের কাছেই বসেছিলেন।

20

אֵין	אֶסְתֵּר	מַגֶּדֶת	מוֹלַדְתָּהּ	וְאֶת־	עַמָּהּ	כַּאֲשֶׁר	צִוָּה	עָלֶיהָ	מָרְדֳּכָי
না	ইস্তের	বলছিলেন	তার-বংশ	ও-কে	তার-জাতি	যেমন	আদেশ-দিয়েছিলেন	তাকে	মর্দখয়
H0369	H0635	H5046	H4138	H0853			H6680		H4782

וְאֶת־	מַאֲמַר	מָרְדֳּכַי	אֶסְתֵּר	עֹשָׂה	כַּאֲשֶׁר	הָיְתָה	בְאָמְנָה	אִתּוֹ׃	ס
ও-কে	আদেশ	মর্দখয়ের	ইস্তের	করছিলেন	যেমন	ছিলেন-তিনি	-পালনে	তাঁর-সঙ্গে	
H0853	H3982	H4782	H0635			H1961	H0545	H0854	

ইষ্টের যে ইহুদী তা ইষ্টের তখনও গোপন রেখেছিলেন। নিজের পরিবারের ইতিহাসও তিনি কাউকে জানান নি, কারণ মর্দখয় তাঁকে সত্য প্রকাশ করতে বারণ করেছিলেন। বরাবরের মতো ইষ্টের মর্দখয়কে মান্য করা অব্যাহত রাখল যেমনটি সে করত যখন মর্দখয় তার যত্ন নিত।

21

בַּיָּמִים	הָהֵם	וּמָרְדֳּכַי	יֹשֵׁב	בְּשַׁעַר־	הַמֶּלֶךְ	קָצַף	בִּגְתָן	וָתֶרֶשׁ	שְׁנֵי־
-দিনগুলিতে	-সেই	ও-মর্দখয়	বসে-ছিলেন	-দ্বারে	-রাজার	ক্রুদ্ধ-হলেন	বিগথান	ও-তেরেশ	দুই
H3117	H1992	H4782	H3427	H8179	H4428	H7107	H0904	H8657	H8147

סָרִיסֵי	הַמֶּלֶךְ	מִשֹּׁמְרֵי	הַסַּף	וַיְבַקְשׁוּ	לִשְׁלֹחַ	יָד	בַּמֶּלֶךְ	אֲחַשְׁוֵרֹשׁ׃
নপুংসক	-রাজার	-থেকে-রক্ষী	-দ্বারের	ও-চেয়েছিলেন	পাঠাতে	হাত	-রাজার-উপর	অহশ্বেরশের
H5631	H4428	H8104		H1245	H7971	H3027	H4428	H0325

মর্দখয় যখন রাজপ্রাসাদের দ্বারের কাছে বসেছিলেন তিনি শুনতে পেলেন বিগ্থন ও তেরশ নামে রাজার দুই আধিকারিক যারা দরজায় পাহারায় ছিল, রাজার প্রতি ক্রুদ্ধ হয়ে তাঁকে হত্যা করার চক্রান্ত করছে।

22

וַיִּוָּדַע	הַדָּבָר	לְמָרְדֳּכַי	וַיַּגֵּד	לְאֶסְתֵּר	הַמַּלְכָּה	וַתֹּאמֶר	אֶסְתֵּר	לַמֶּלֶךְ
ও-জানা-গেল	-বিষয়	মর্দখয়ের-কাছে	ও-বললেন	ইস্তেরকে	-রাণীকে	ও-বললেন	ইস্তের	-রাজাকে
H3045	H1697	H4782	H5046	H0635	H4436	H0559	H0635	H4428

בְּשֵׁם	מָרְדֳּכָי׃
-নামে	মর্দখয়ের
H8034	H4782

মর্দখয় এই চক্রান্তের কথা শুনতে পেয়ে তা ইষ্টেরকে জানালেন এবং রাণী ইষ্টের একথা জানালেন স্বয়ং রাজাকে। রাণী ইষ্টের রাজাকে একথাও বললেন যে মর্দখয় এই চক্রান্তের কথা জানতে পেরেছে।

23

וַיְבֻקַּשׁ	הַדָּבָר	וַיִּמָּצֵא	וַיִּתָּלוּ	שְׁנֵיהֶם	עַל־	עֵץ	וַיִּכָּתֵב	בְּסֵפֶר
ও-অনুসন্ধান-হল	-বিষয়	ও-পাওয়া-গেল	ও-টাঙানো-হল	দুজনকে	-উপরে	কাঠ	ও-লেখা-হল	-গ্রন্থে
H1245	H1697	H4672	H8518	H8147		H6086	H3789	

דִּבְרֵי	הַיָּמִים	לִפְנֵי	הַמֶּלֶךְ׃	פ
বিষয়গুলির	-দিনগুলির	সামনে	-রাজার	
H1697	H3117	H6440	H4428	

অনুসন্ধান করে দেখা গেল, মর্দখয় যে খবর জানিয়েছেন তা সঠিক। তখন ঐ দুই দ্বাররক্ষীকে একটি স্তম্ভে ঝুলিয়ে ফাঁসি দেওয়া হল। এই সমস্ত ঘটনা রাজার সামনে রচিত রাজাগনের ইতিহাস গ্রন্থে নথিবদ্ধ করা আছে।

Chapter 3

1

אַחַר	הַדְּבָרִים	הָאֵלֶּה	גִּדַּל	הַמֶּלֶךְ	אֲחַשְׁוֵרוֹשׁ	אֶת־	הָמָן	בֶּן־	הַמְּדָתָא
পরে	-বিষয়গুলি	-এই	বড়-করলেন	-রাজা	অহশ্বেরশ	-কে	হামানকে	পুত্র	হম্মদাথার
	H1697	H0428	H1431	H4428	H0325	H0853	H2001		H4099

הָאֲגָגִי	וַיְנַשְּׂאֵהוּ	וַיָּשֶׂם	אֶת־	כִּסְאוֹ	מֵעַל	כָּל־	הַשָּׂרִים	אֲשֶׁר
-আগাগীয়	ও-উন্নত-করলেন-তাকে	ও-রাখলেন	-কে	তার-আসন	-উপরে	-সকল	-সভাসদদের	যারা
H0091	H5375		H0853	H3678		H3605	H8269	

אִתּוֹ׃
তাঁর-সঙ্গে
H0854

এসব ঘটনা ঘটার পরে রাজা অগাগীয় হম্মদাথার পুত্র হামন নামে এক ব্যক্তিকে সম্মান জানান। রাজা হামনকে উচ্চপদে উন্নীত করেন এবং তাঁর অন্য সমস্ত আধিকারিকদের থেকে উচ্চতর পদে তাকে নিযুক্তকরেন।

2

וְכָל־	עַבְדֵ֨י	הַמֶּ֜לֶךְ	אֲשֶׁר־	בְּשַׁ֣עַר	הַמֶּ֗לֶךְ	כֹּרְעִ֤ים	וּמִֽשְׁתַּחֲוִים֙	לְהָמָ֔ן
ও-সকল	দাসেরা	-রাজার	যারা	-দ্বারে	-রাজার	নতজানু-করছিলেন	ও-প্রণিপাত-করছিলেন	হামানকে
H3605	H5650	H4428		H8179	H4428	H3766	H7812	H2001

כִּי־	כֵ֖ן	צִוָּה־	ל֣וֹ	הַמֶּ֑לֶךְ	וּמָרְדֳּכַ֕י	לֹ֥א	יִכְרַ֖ע	וְלֹ֥א
কারণ	এইভাবে	আদেশ-দিয়েছিলেন	তাকে	-রাজা	কিন্তু-মর্দখয়	না	নতজানু-করতেন	ও-না
		H6680		H4428	H4782	H3808	H3766	H3808

יִשְׁתַּחֲוֶֽה׃
প্রণিপাত-করতেন
H7812

রাজা নির্দেশ দিয়েছিলেন যে মুখ্যদ্বার দিয়ে ঢোকবার সময় প্রত্যেক ব্যক্তিকে মাথা ঝুঁকিয়ে হামনকে সম্মান জানাতে হবে। তাই রাজার সব নেতারা রাজদ্বারে হামনের কাছে প্রণত হয়ে তাঁকে সম্মান জানাতেন, কিন্তু শুধুমাত্র মর্দখয় তা করতে রাজী হলেন না।

3

וַ֠יֹּאמְרוּ	עַבְדֵ֥י	הַמֶּ֛לֶךְ	אֲשֶׁר־	בְּשַׁ֥עַר	הַמֶּ֖לֶךְ	לְמָרְדֳּכָ֑י	מַדּ֣וּעַ	אַתָּ֔ה	עוֹבֵ֕ר	אֵ֖ת
ও-বললেন	দাসেরা	-রাজার	যারা	-দ্বারে	-রাজার	মর্দখয়কে	কেন	আপনি	লঙ্ঘন-করছেন	-কে
H0559	H5650	H4428		H8179	H4428	H4782	H4069			H0853

מִצְוַ֥ת	הַמֶּֽלֶךְ׃
আদেশ	-রাজার
H4687	H4428

তখন অন্যান্য প্রধানরা তাঁকে প্রশ্ন করলেন, "আপনি কেন রাজার নির্দেশ মেনে হামনকে সম্মান দেখান না?"

4

וַיְהִ֗י	[באמרם]	(כְּאָמְרָ֤ם)	אֵלָיו֙	י֣וֹם	וָי֔וֹם	וְלֹ֥א	שָׁמַ֖ע	אֲלֵיהֶ֑ם	וַיַּגִּ֣ידוּ
ও-হল		যখন-বলার-সময়ে	তাকে	দিন	ও-দিন	ও-না	শুনলেন	তাদের-কাছে	ও-বললেন
H1961	H0559	H0559	H0413	H3117	H3117	H3808	H8085	H0413	H5046

לְהָמָ֗ן	לִרְאוֹת֙	הֲיַֽעַמְדוּ֙	דִּבְרֵ֣י	מָרְדֳּכַ֔י	כִּֽי־	הִגִּ֥יד	לָהֶ֖ם	אֲשֶׁר־	ה֥וּא	יְהוּדִֽי׃
হামানকে	দেখতে	দাঁড়াবে-কিনা	কথাগুলি	মর্দখয়ের	কারণ	বলেছিলেন	তাদেরকে	যে	তিনি	ইহুদি
H2001	H7200	H5975	H1697	H4782		H5046	H1992		H1931	H3064

সমস্ত প্রধানরা এবিষয়ে দিনের পর দিন মর্দখয়কে বলা সত্ত্বেও মর্দখয় হামনের সামনে কোন মতেই মাথা নীচু করতে রাজী হলেন না। তখন হামন কি করে তা দেখার জন্য এই সমস্ত নেতারা হামনকে একথা জানালেন। মর্দখয় এই আধিকারিকদের বলেছিলেন যে তিনি ইহুদী।

5

וַיַּ֣רְא	הָמָ֔ן	כִּי־	אֵ֣ין	מָרְדֳּכַ֔י	כֹּרֵ֥עַ	וּמִֽשְׁתַּחֲוֶ֖ה	ל֑וֹ	וַיִּמָּלֵ֥א
ও-দেখলেন	হামান	যে	না	মর্দখয়	নতজানু-করছেন	ও-প্রণিপাত-করছেন	তাকে	ও-পরিপূর্ণ-হলেন
H7200	H2001		H0369	H4782	H3766	H7812		H4390

הָמָ֖ן	חֵמָֽה׃
হামান	ক্রোধে
H2001	H2534

হামন যখন দেখলেন সত্যি সত্যিই মর্দখয় তাকে সম্মান দেখাতে অনিচ্ছুক তখন তিনি খুবই ক্রুদ্ধ হলেন।

6

וַיִּ֣בֶז	בְּעֵינָ֗יו	לִשְׁלֹ֤ח	יָד֙	בְּמָרְדֳּכַ֣י	לְבַדּ֔וֹ	כִּֽי־	הִגִּ֥ידוּ	ל֖וֹ
ও-তুচ্ছ-মনে-করলেন	তার-চোখে	পাঠাতে	হাত	-মর্দখয়ের-উপর	একাকী	কারণ	বলেছিলেন	তাকে
H0959		H7971	H3027	H4782	H0905		H5046	

אֶת־	עַ֣ם	מָרְדֳּכָ֑י	וַיְבַקֵּ֣שׁ	הָמָ֗ן	לְהַשְׁמִ֧יד	אֶת־	כָּל־	הַיְּהוּדִ֛ים	אֲשֶׁ֥ר	בְּכָל־
-কে	জাতি	মর্দখয়ের	ও-চেয়েছিলেন	হামান	ধ্বংস-করতে	-কে	-সকল	-ইহুদীদের	যারা	-সকল
H0853		H4782	H1245	H2001	H8045	H0853	H3605	H3064		H3605

מַלְכ֣וּת	אֲחַשְׁוֵר֑וֹשׁ	עַ֥ם	מָרְדֳּכָֽי׃
রাজ্যে	অহশ্বেরশের	জাতি	মর্দখয়ের
H4438	H0325		H4782

মর্দখয় যে ইহুদী হামন সে কথাও জেনেছিলেন| হামনের ইচ্ছা ছিল শুধু মর্দখয় নয়, রাজা অহশ্বেরশের রাজ্যে বসবাসকারী মর্দখয়ের জাতির সবাইকে হত্যা করা হোক্|

7 בַּחֹדֶשׁ הָרִאשׁוֹן הוּא־ חֹדֶשׁ נִיסָן בִּשְׁנַת שְׁתֵּים עֶשְׂרֵה לַמֶּלֶךְ אֲחַשְׁוֵרוֹשׁ הִפִּיל פּוּר
-মাসে -প্রথম তা মাস নীসন -বছরে দুই দশ -রাজা অহশ্বেরশের ফেললেন পুর
H2320 H7223 H1931 H2320 H5212 H8141 H8147 H6240 H4428 H0325 H5307 H6332

הוּא הַגּוֹרָל לִפְנֵי הָמָן מִיּוֹם לְיוֹם וּמֵחֹדֶשׁ לְחֹדֶשׁ שְׁנֵים־ עָשָׂר הוּא־
তা -গুটি সামনে হামানের -থেকে-দিন -পর্যন্ত-দিন ও-থেকে-মাস -পর্যন্ত-মাস বারো দশ তা
H1931 H1486 H6440 H2001 H3117 H3117 H2320 H2320 H8147 H6240 H1931

חֹדֶשׁ אֲדָר׃ ס
মাস আদার
H2320 H0143

অহশ্বেরশের রাজত্বের দ্বাদশ বছরের প্রথম মাসে, নীষণ মাসে হামন অক্ষ নিক্ষেপ করে একটি মাসের একটি বিশেষ দিন বেছে নিলেন| সেই দিনটি ছিল দ্বাদশতম মাস, অদর মাস| (সে সময় অক্ষকে "পূরও" বলা হোত|)

8 וַיֹּאמֶר הָמָן לַמֶּלֶךְ אֲחַשְׁוֵרוֹשׁ יֶשְׁנוֹ עַם־ אֶחָד מְפֻזָּר וּמְפֹרָד בֵּין הָעַמִּים
ও-বললেন হামান -রাজাকে অহশ্বেরশকে আছে জাতি এক বিক্ষিপ্ত ও-বিভক্ত -মধ্যে -জাতিদের
H0559 H2001 H4428 H0325 H3426 H0259 H6340 H6504 H0996

בְּכֹל מְדִינוֹת מַלְכוּתֶךָ וְדָתֵיהֶם שֹׁנוֹת מִכָּל־ עָם וְאֶת־ דָּתֵי הַמֶּלֶךְ
-সকল প্রদেশগুলিতে তোমার-রাজ্যের ও-তাদের-বিধি ভিন্ন -থেকে-সকল জাতির ও-কে বিধিগুলি -রাজার
H3605 H4082 H4438 H1881 H3605 H0853 H1881 H4428

אֵינָם עֹשִׂים וְלַמֶּלֶךְ אֵין־ שֹׁוֶה לְהַנִּיחָם׃
না পালন-করছেন ও-রাজার নেই লাভ তাদের-রাখতে
H0369 H4428 H0369 H3240

তারপর রাজা অহশ্বেরশের কাছে এসে হামন বললেন, "হে রাজন, আপনার রাজ্যের সর্বত্র এক বিশেষ জাতির মানুষরা বাস করছে, যাদের সংস্কৃতি অন্যদের থেকে আলাদা| তারা অন্য কোন জাতির লোকদের সঙ্গে মেলামেশা করে না, এমন কি আপনার বিধিও মেনে চলে না| এই সমস্ত লোকদের আপনার রাজ্যে বসবাস করতে দেওয়া উচিৎ বলে আমি মনে করি না|

9 אִם־ עַל־ הַמֶּלֶךְ טוֹב יִכָּתֵב לְאַבְּדָם וַעֲשֶׂרֶת אֲלָפִים כִּכַּר־ כֶּסֶף
যদি -কাছে -রাজার ভালো লেখা-হোক তাদের-ধ্বংস-করতে ও-দশ হাজার তালন্ত রূপা
H4428 H2895 H3789 H0006 H6235 H0505 H3603 H3701

אֶשְׁקוֹל עַל־ יְדֵי עֹשֵׂי הַמְּלָאכָה לְהָבִיא אֶל־ גִּנְזֵי הַמֶּלֶךְ׃
মেপে-দেব -উপরে হাতে যারা-করেন -কাজ আনতে -কাছে ভাণ্ডারে -রাজার
H8254 H3027 H4399 H0935 H0413 H1595 H4428

"রাজার প্রতি আমার বিনীত নিবেদন: আমার পরামর্শ হল, এই সব লোকদের শেষ করে দেওয়ার জন্য আপনি নির্দেশ দিন| আর আমি রাজ কোষাগারে 10,000 রৌপ্যমুদ্রা জমা দেবো|"

10 וַיָּסַר הַמֶּלֶךְ אֶת־ טַבַּעְתּוֹ מֵעַל יָדוֹ וַיִּתְּנָהּ לְהָמָן בֶּן־ הַמְּדָתָא
ও-খুললেন -রাজা -কে তাঁর-আংটি -থেকে তাঁর-হাত ও-দিলেন-তা হামানকে পুত্র হম্মদাথার
H5493 H4428 H0853 H2885 H3027 H5414 H2001 H4099

הָאֲגָגִי צֹרֵר הַיְּהוּדִים׃
-আগাগীয় শত্রু -ইহুদীদের
H0091 H3064

রাজা তখন তাঁর আঙুল থেকে একটি আংটি বের করে হামনকে দিলেন| হামন ছিলেন ইহুদীদের শত্রু| তিনি ছিলেন অগাগিয় হম্মদাথার পুত্র| রাজা তাঁকে বললেন, "রৌপ্য মুদ্রাগুলি তুমি তোমার জন্য রাখ এবং ইহুদীদের তুমি যা খুশি করতে পারো|"

11

וַיֹּאמֶר	ও-বললেন	H0559
הַמֶּלֶךְ	-রাজা	H4428
לְהָמָן	হামানকে	H2001
הַכֶּסֶף	-রূপা	H3701
נָתוּן	দেওয়া	H5414
לָךְ	তোমাকে	
וְהָעָם	ও-লোকেরা	
לַעֲשׂוֹת	করতে	
בּוֹ	তাদেরকে	
כַּטּוֹב	-যেমন-ভালো	
בְּעֵינֶיךָ׃	তোমার-চোখে	

রাজা তখন তাঁর আঙুল থেকে একটি আংটি বের করে হামনকে দিলেন| হামন ছিলেন ইহুদীদের শত্রু| তিনি ছিলেন অগাগিয় হম্মদাথার পুত্র| রাজা তাঁকে বললেন, “রৌপ্য মুদ্রাগুলি তুমি তোমার জন্য রাখ এবং ইহুদীদের তুমি যা খুশি করতে পারো|”

12

וַיִּקָּרְאוּ	ও-ডাকা-হলেন	H7121
סֹפְרֵי	লেখকেরা	
הַמֶּלֶךְ	-রাজার	H4428
בַּחֹדֶשׁ	-মাসে	H2320
הָרִאשׁוֹן	-প্রথম	H7223
בִּשְׁלוֹשָׁה	-তেরো	H7969
עָשָׂר	দশ	H6240
יוֹם	দিনে	H3117
בּוֹ	তার	
וַיִּכָּתֵב	ও-লেখা-হল	H3789
כְּכָל־	-অনুসারে-সকল	H3605
אֲשֶׁר־	যা	
צִוָּה	আদেশ-দিয়েছিলেন	H6680
הָמָן	হামান	H2001
אֶל	-কাছে	H0413
אֲחַשְׁדַּרְפְּנֵי־	সামন্তশাসকদের	H0323
הַמֶּלֶךְ	-রাজার	H4428
וְאֶל־	ও-কাছে	H0413
הַפַּחוֹת	-রাজ্যপালদের	H6346
אֲשֶׁר	যারা	
עַל־	-উপরে	
מְדִינָה	প্রদেশে	H4082
וּמְדִינָה	ও-প্রদেশে	H4082
וְאֶל־	ও-কাছে	H0413
שָׂרֵי	সভাসদদের	H8269
עַם	লোকের	
וָעָם	ও-লোকের	
מְדִינָה	প্রদেশে	H4082
וּמְדִינָה	ও-প্রদেশে	H4082
כִּכְתָבָהּ	তার-লিপি-অনুসারে	H3791
וְעַם	ও-লোকের	
וָעָם	ও-লোকের	
כִּלְשׁוֹנוֹ	তার-ভাষা-অনুসারে	H3956
בְּשֵׁם	-নামে	H8034
הַמֶּלֶךְ	-রাজা	H4428
אֲחַשְׁוֵרֹשׁ	অহশ্বেরশের	H0325
נִכְתָּב	লেখা-হল	H3789
וְנֶחְתָּם	ও-সিলমোহর-হল	H2856
בְּטַבַּעַת	-আংটি-দিয়ে	H2885
הַמֶּלֶךְ׃	-রাজার	H4428

তখন প্রথম মাসের 13 দিনে রাজার সমস্ত সচিবদের ডেকে পাঠানো হল এবং তারা প্রত্যেক আঞ্চলিক ভাষায় হামনের নির্দেশ লিখে নিলো| তারা সেই নির্দেশ লিখে নিয়ে সমস্ত অঞ্চলের প্রাদেশিক কর্তাকে পাঠিয়ে দিল| এই নির্দেশ স্বয়ং রাজা অহশ্বেরশের হুকুমে লেখা হল এবং জারি করা হল এবং তাঁর অঙ্গুরীয় দিয়ে শীলমোহর করা হল|

13

וְנִשְׁלוֹחַ	ও-পাঠানো-হল	H7971
סְפָרִים	পত্রগুলি	
בְּיַד	-হাতে	H3027
הָרָצִים	-দৌড়বাজদের	H7323
אֶל־	-কাছে	H0413
כָּל־	-সকল	H3605
מְדִינוֹת	প্রদেশগুলিতে	H4082
הַמֶּלֶךְ	-রাজার	H4428
לְהַשְׁמִיד	ধ্বংস-করতে	H8045
לַהֲרֹג	হত্যা-করতে	H2026
וּלְאַבֵּד	ও-নাশ-করতে	H0006
אֶת־	-কে	H0853
כָּל־	-সকল	H3605
הַיְּהוּדִים	-ইহুদীদের	H3064
מִנַּעַר	-থেকে-যুবক	H5288
וְעַד־	ও-পর্যন্ত	H5704
זָקֵן	বৃদ্ধ	H2205
טַף	শিশু	H2945
וְנָשִׁים	ও-নারীদের	H0802
בְּיוֹם	-দিনে	H3117
אֶחָד	এক	H0259
בִּשְׁלוֹשָׁה	-তেরো	H7969
עָשָׂר	দশ	H6240
לְחֹדֶשׁ	-মাসের-পর্যন্ত	H2320
שְׁנֵים־	বারো	H8147
עָשָׂר	দশ	H6240
הוּא־	তা	H1931
חֹדֶשׁ	মাস	H2320
אֲדָר	আদার	H0143
וּשְׁלָלָם	ও-তাদের-লুট	H7998
לָבוֹז׃	লুট-করতে	H0962

